| | | |
|---|---|---|
| প্রকাশক | : | সামিউল হোসেন ভূঁইয়া ও মোঃ আশরাফুল ইসলাম |
| গ্রন্থস্বত্ব | : | প্রকাশক ও সম্পাদক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত |
| প্রচ্ছদ ডিজাইন | : | মোঃ সোহান মোশাররফ খান। |
| বর্ণ বিন্যাস | : | ইব্রাহিম খলিলউল্লাহ, ছায়ামঞ্চ কম্পিউটারস। |
| মুদ্রণ | : | ছায়ামঞ্চ কালার প্রিন্টারস। |
| ১ম প্রকাশ | : | ২০১৬ |
| ২য় প্রকাশ ও ৩য় প্রকাশ | : | ২০১৭ ও ২০১৮ |
| ৪র্থ প্রকাশ ও ৫ম প্রকাশ | : | ২০১৯ ও ২০২০ |
| ৬ষ্ঠ প্রকাশ | : | ২০২১ |
| ৭ম প্রকাশ | : | ২০২২ |
| ৮ম প্রকাশ ([illegible]) | : | ২০২৩ |
| ৯ম প্রকাশ ([illegible]) | : | সেপ্টেম্বর, ২০২৪ |
| বইয়ের মূল্য | : | ২৫০/- |

ISBN NO.
978-984-34-7418-6


সতর্কীকরণ: প্রকাশকের অনুমতিব্যতিত এই বইয়ের কোন অংশ ফটোকপি করে বিক্রি করা বা ছাপানো নিষেধ।

## প্রকাশক ও সম্পাদকবৃন্দের বাণী





আস্‌সালামু আলাইকুম.... তোমাদের অসংখ্য অনুরোধে, তোমাদের প্রয়োজনের কথা চিন্তা করে আমাদের নিরলস প্রচেষ্টার ফসল এই IQ বইটি। নতুন নতুন সৃষ্টিশীল কাজের মাধ্যমে হাঁটিহাঁটি পা পা করে ছায়ামঞ্চ পাবলিকেশন্স (লি.) ৯ম বছরে পা রাখলো। মহান আল্লাহর প্রতি শুকরিয়া। আমাদের এই চলার পথে যারা আমাদের পাশে ছিলেন সহযোদ্ধা, সমালোচক হিসেবে তাদের প্রতিও কৃতজ্ঞতা। প্রিয় শিক্ষার্থীবৃন্দ সম্প্রতি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় সাফল্য লাভের জন্য IQ তে দক্ষতা একটি অপরিহার্য শর্ত হয়ে উঠেছে। কিন্তু বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য IQ এর উপর বাজারে ভালো মানের বই না থাকায় তোমরা IQ এর উপর পূর্ণাঙ্গ প্রস্তুতি নিতে পারছিলেনা। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মানবণ্টনে উল্লেখ না করা থাকলেও প্রশ্নে বিভিন্ন উপায়ে IQ দক্ষতা যাচাই করা হয়। এছাড়াও অনেক বিশ্ববিদ্যালয়ে মানসিক দক্ষতা, **Analytical Ability,** বুদ্ধিমত্তা, সাধারণ দক্ষতা, দক্ষতা নিরূপণ পরীক্ষা নামে IQ এসে থাকে। বিশ্ববিদ্যালয়ের রঙিন ভুবনে তোমাদের পদচারণা নিশ্চিত করতে বইটি শ্রেষ্ঠ ভূমিকা রাখবে বলে আমরা আশাবাদী............ইনশাআল্লাহ।

# সূচিপত্র

## ২০২৩-২৪ সালের প্রশ্নাবলী



| বিশ্ববিদ্যালয় | পৃষ্ঠা |
|---|---|
| জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের B ইউনিটের ২৩-২৪ সালের প্রশ্নাবলী | ক- ৮ |
| জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের C ইউনিটের ২৩-২৪ সালের প্রশ্নাবলী | ক- ১০ |
| জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের D ইউনিটের ২৩-২৪ সালের প্রশ্নাবলী | ক- ১৩ |
| জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের IBA ইউনিটের ২৩-২৪ সালের প্রশ্নাবলী | ক-১৬ |
| চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের D ইউনিটের ২৩-২৪ সালের প্রশ্নাবলী | ক-১৮ |



## টপিক



| নং | টপিকের নাম (বাংলায়) | টপিকের নাম (ইংরেজীতে) | পৃষ্ঠা |
|---|---|---|---|
| - | IQ কি? | What is IQ? | ক-২২ |
| - | IQ সম্পর্কিত গুরুত্বপূর্ণ কথা ও তথ্য | Important facts of IQ | ক-২২ |
| 01 | সাংকেতিক বিন্যাস ও পুনর্বিন্যাস এবং বর্ণ সংক্রান্ত সামর্থ্য | Coding-Decoding & Alphabetical Order | ০১ |
| 02 | রক্তের সম্পর্ক নির্ণয় | Blood Relation | ১৪ |
| 03 | সম্পর্ক মূল্যায়ন | Evaluation of Relationships | ২১ |
| 04 | অসম্ভাব্যতা | Impossibilities | ২৮ |
| 05 | সম্ভাবনা | Possibilities | ৩১ |
| 06 | বার/ দিন, তারিখ, মাস ও বছর | Day/Date, Month and Year | ৩৩ |
| 07 | জন্ম তারিখ থেকে বয়স বের করা | Counting age from birthday | ৪২ |
| 08 | সময় ও ঘড়ি বিষয়ক সমস্যা | Clock & Watch related problems | ৪৪ |
| 09 | সংখ্যার সিরিজ এবং বর্ণের ধারা | Number Series & Letter Series | ৪৯ |
| 10 | স্থান, দিক ও দূরত্ব নির্ণয় | Space, Direction and Distance | ৭৩ |
| 11 | সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা | Decision Making Ability | ৮৩ |

| | | | |
|---|---|---|---|
| 12 | বিশ্লেষণমূলক ক্ষমতা | **Analytical Ability** | ৮৬ |
| 13 | অর্থ অনুধাবন ক্ষমতা | Understanding Language | ৯৭ |
| 14 | নৌকা ও স্রোত বিষয়ক সমস্যা | Boat and Stream Related Problems | ১০৪ |
| 15 | চিত্রযুক্তি, লুকানো চিত্র বের করা | Find Out Hidden Figures | ১০৫ |
| 16 | আয়নায় প্রতিচ্ছবি | Mirror Image | ১১৫ |
| 17 | পানিতে প্রতিচ্ছবি | Water Image | ১১৭ |
| 18 | রোমান সংখ্যা | Roman Numbers | ১১৭ |
| 19 | অনুমান ও তাৎক্ষণিক সমাধান | Inference and Judgement | ১১৮ |
| 20 | স্থান ও অবস্থান নির্ণয় | Find Out Space/ Position | ১২০ |
| 21 | ভাষাগত যৌক্তিক বিচার | Language and Verbal Reasoning | ১২২ |
| 22 | করমর্দন | Handshake | ১৩১ |
| 23 | নল ও চৌবাচ্চা | Pipe & Cistern | ১৩২ |
| 24 | ভিন্ন রকম খুঁজে বের করা/ অসামঞ্জস্যতা | Odd Man Kick Out/ Dissimilarities | ১৩৩ |
| 25 | গাণিতিক সমস্যাবলি | Mathematical Problems | ১৪১ |
| 26 | ভোকাবুলারী | Vocabulary | ১৫৩ |
| 27 | সাদৃশ্য | Analogy | ১৫৯ |
| 28 | আই.কিউ মডেল টেস্ট | IQ Model Test | ১৬৮ |



## বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিগত ২০ বছরের আই.কিউ প্রশ্নাবলী



| | |
|---|---|
| জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় | ১৭৪ |
| চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | ১৮৬ |
| রাজশাহী বিশ্ববিদ্যালয় | ২২১ |

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ১ম বর্ষ

## ভর্তি পরীক্ষা ২০২৩-২৪

**B ইউনিট : Set- G**

01. ম্যাট্রিক্স সম্পূর্ণ করবে এমন উপযুক্ত বিকল্প কোনটি?



Ans. D ব্যাখ্যা উপরোক্ত ছকগুলো লক্ষ্য করলে দেখা যায়, ৩য় ও ৫ম ছকের চিত্রগুলো রিপিট হচ্ছে এবং প্রতিঘরে একটি করে জ্যামিতিক চিত্র বৃদ্ধি পাচ্ছে। এবং উপরের অংশের জন্য আয়তাকার এবং নিচের অংশের জন্য বৃত্তাকার জ্যামিতিক চিত্র ব্যবহৃত হচ্ছে।

02. নিচের শব্দগুলোর একটি অর্থপূর্ণ ক্রম কোনটি?

১. দারিদ্র্য, ২. জনসংখ্যা, ৩. মৃত্যু, ৪. বেকারত্ব, ৫. রোগ

A. ২, ৩, ৪, ৫, ১ B. ৩, ৪, ২, ৫, ১

C. ২, ৪, ১, ৫, ৩ D. ১, ২, ৩, ৪, ৫

Ans. C ব্যাখ্যা অধিক জনসংখ্যা থেকে সৃষ্টি হয় বেকারত্ব। আর বেকারত্ব থেকে তৈরি হয় দারিদ্র্য। আর দরিদ্র্যতার ফলে নানান রোগ হয়। আর রোগ থেকে হয় মৃত্যু। তাহলে সে হিসেবে অর্থপূর্ণ ক্রম- ২, ৪, ১, ৫, ৩।

03. '?' চিহ্নিত স্থানে কোন সংখ্যাটি বসবে? -৮৬, ?, ৭৯, ৭৫, ৭২, ৬৮

A. ৮৩ B. ৮০ C. ৮৪ D. ৮২

Ans. D ব্যাখ্যা এই ধারাটিতে যথাক্রমে ৪ ও ৩ করে কমেছে। যেমন- পেছন দিক থেকে ৬৮ ও ৭২ এর মধ্যে পার্থক্য ৪; আবার ৭২ থেকে ৭৫ এর মধ্যে পার্থক্য ৩; আবার ৭৫ থেকে ৭৯ এর মধ্যে পার্থক্য ৪। ঐ হিসেবে (?) প্রশ্নবোধক চিহ্ন এর জায়গায় হবে ৮২। কারণ ধারা অনুযায়ী পার্থক্য হবে ৩।

স্বপ্ন তোমাকে ছুঁতে হবেই – ছায়ামঞ্চ

**04.** বিতরণের জন্য কিছু মিষ্টি রাখা আছে। প্রতি প্যাকেটে ২, ৩ বা ৪টি করে মিষ্টি সাজানো হলে ১টি মিষ্টি অবশিষ্ট থাকে। প্রতি প্যাকেটে ৫টি করে মিষ্টি সাজানো হলে কোনো মিষ্টি অবশিষ্ট থাকে না। ন্যূনতম কতগুলি মিষ্টি আছে?

A. ২৩ B. ৩৭ C. ২৫ D. ৬৫

**Ans. C ব্যাখ্যা** অপশনে দেওয়া সংখ্যাগুলোর মধ্যে একমাত্র ২৫ সংখ্যাটিকে ২,৩, ও ৪ দ্বারা ভাগ করলে ভাগশেষ ১ থাকে এবং ৫ দ্বারা ভাগ করলে ভাগশেষ শূণ্য থাকে।

**05.** বিবৃতি: সমস্ত হিল স্টেশনের একটি সূর্যাস্ত পয়েন্ট আছে। 'ক' একটি হিল স্টেশন।
সিদ্ধান্ত:
১। 'ক' হিল স্টেশনে একটি সূর্যাস্ত পয়েন্ট আছে।
২। হিল স্টেশন ছাড়া অন্য জায়গায় সূর্যাস্ত পয়েন্ট নেই।
উপরের বিবৃতি ও সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে কোনটি সঠিক?

A. শুধুমাত্র সিদ্ধান্ত ১ যৌক্তিক B. শুধুমাত্র সিদ্ধান্ত ২ যৌক্তিক
C. ১ এবং ২ কোনটি যৌক্তিক নয় D. ১ এবং ২ উভয়ই যৌক্তিক

**Ans. A ব্যাখ্যা** উপরের বিবৃতি ও সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে শুধুমাত্র সিদ্ধান্ত ১ যৌক্তিক কেননা বিবৃতিতে বলা আছে সমস্ত হিল স্টেশনের একটি সূর্যাস্ত পয়েন্ট আছে।

সাধারণ গণিতের জন্য প্রকাশনা জগতের শ্রেষ্ঠ বই–

ছায়ামঞ্চ জেনারেল ম্যাথ



# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ১ম বর্ষ
## ভর্তি পরীক্ষা ২০২৩-২৪
### C ইউনিট

01. নিচের চিত্রে মোট কয়টি ত্রিভুজ আছে?



A. ৬টি  B. ৭টি  C. ৮টি  D. ১০টি

Ans: C ব্যাখ্যা: আমরা জানি, ত্রিভুজের কোণ থেকে রেখা গিয়ে বাহুতে লাগলে ওপের ২ নিতে হয়। উপরের চিত্রে একটি কোণ থেকে একটি রেখা বাহুতে লেগেছে, তাই ২ দিতে হবে এবং একটি সূত্রের ২ দিতে হবে। যেমন (২ × ২) আবার কোণ থেকে অর্ধেক বাহুতে লেগেছে তাই যোগের ২ দিতে হবে। যেমন ২ × ২ যেহেতু দুইটি কোণ থেকে গিয়েছে। সুতরাং মোট ত্রিভুজ হবে ২ × ২ + ২ + ২ = ৮ টি।

02. পাঁচজন ব্যক্তি ট্রেনে ভ্রমণ করছেন। তাঁরা হলেন, ক, খ, গ, ঘ, ঙ। ক হলেন গ এর মা, গ আবার ঙ এর স্ত্রী। ঘ হলেন ক এর ভাই এবং খ হলেন ক এর স্বামী। ঙ এর সঙ্গে খ এর সম্পর্ক কী?

A. শ্বশুর  B. পিতা  C. চাচা  D. ভাই

Ans: A ব্যাখ্যা: ঙ এর স্ত্রীর মায়ের স্বামী = শ্বশুর।

03. একজন মাঝি স্রোতের অনুকূলে ২ ঘন্টায় ৫ মাইল যায় এবং ৪ ঘন্টায় প্রাথমিক অবস্থানে ফিরে আসে। তার মোট ভ্রমণে প্রতি ঘন্টায় গড় বেগ কত?

A. ৫ মাইল  B. ৩ মাইল  C. ৩/৬ মাইল  D. ৫/৩ মাইল

Ans: D ব্যাখ্যা: গড় বেগ = মোট দূরত্ব/ মোট সময় = $\frac{5+5}{2+4} = \frac{১০}{৬} = \frac{৫}{৩}$ মাইল।

04. একটি টার্ম অনুপস্থিত রেখে একটি সিরিজ দেওয়া আছে। সঠিক বিকল্পটি চয়ন করা যা সিরিজটি সম্পূর্ণ করবে : ১৪৪, ২৫৬, ৪০০, ?

A. ৪৪১  B. ৫৭৬  C. ৬২৫  D. ২৮৯

Ans: B ব্যাখ্যা:

১৪৪  ২৫৬  ৪০০  ৫৭৬
↓  ↓  ↓  ↓
$১২^২$  $১৬^২$  $২০^২$  $২৪^২$

প্রতি পদে ৪ করে বৃদ্ধি পাই অর্থাৎ পরবর্তী পদ হবে $(২০+৪)^২ = ২৪^২ = ৫৭৬$

05. একটি টার্ম অনুপস্থিত রেখে একটি সিরিজ দেওয়া আছে। সঠিক বিকল্পটি চয়ন কর যা সিরিজটি সম্পূর্ণ করবে: ৫, ৭.৫, ১২.৫ ২২.৫,.........?

A. ৪২.৫ B. ৭.৫ C. ১০.২ D. ৭.৫

**Ans. A ব্যাখ্যা**

২.৫ ৫ ১০ ২০

৫ ৭.৫ ১২.৫ ২২.৫ ৪২.৫

প্রতি পদের পার্থক্য ২ গুণ করে বৃদ্ধি পায়। অর্থাৎ শেষ দুই পদের পার্থক্য হবে ২৩।

∴ শেষ পদ = ২২.৫ + ২০ = ৪২.৫

**06.** দ্বিতীয় সংখ্যাটি যেভাবে প্রথম সংখ্যার সাথে সম্পর্কিত, অনুরূপভাবে তৃতীয় সংখ্যার সাথে সম্পর্কিত বিকল্পটি নির্বাচন করুন। ৩১ : ৯০ : : ৪৩ : ?

A. ১৩০ B. ১২৫ C. ১০২ D. ৭৫

**Ans. C ব্যাখ্যা** ৩১ : ৯০ : : ৪৩ : ?

পূর্ববর্তী দুটি পদের পার্থক্য ৯০ − ৩১ = ৫৯

অর্থাৎ পরবর্তী দুটি পদের পার্থক্য ৫৯ হবে। ∴ শেষ পদ = ৪৩ + ৫৯ = ১০২

**07.** যদি ABC = ZYX হয়, তবে GIVV=?

A. TERE B. TEER C. TREE D. FREE

**Ans. C ব্যাখ্যা**

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 |
| A | B | C | D | E | F | G | H | I | J | K | L | M |
| 13 | 12 | 11 | 10 | 9 | 8 | 7 | 6 | 5 | 4 | 3 | 2 | 1 |
| N | O | P | Q | R | S | T | U | V | W | X | Y | Z |

∴ GIVV= TREE

**08.** একটি ট্রেন ১/৫ সেকেন্ডে চলে ২০ ফুট। একই দ্রুততায় ৩ সেকেন্ডে কতফুট চলবে?

A. ১০০ B. ২৫০ C. ৩০০ D. ১৮০

**Ans. C ব্যাখ্যা**

১/৫ s এ চলে ২০ ফুট

১ s এ চলে = $\frac{20}{1/5}$ ফুট

∴৩ s এ চলে = ২০ $\frac{৫}{১}$ × ৩ ফুট = ৩০০ফুট

**09.** একটি কম্পিউটার বিজ্ঞান পরীক্ষায় ৩০% পরীক্ষার্থী পাশ করেছে। যারা পাশ করতে পারে নি তাদের ১২ জন কম্পিউটার বিজ্ঞান কোর্সে অংশগ্রহন করেছে এবং ৩০ জন উক্ত কোর্সে অংশগ্রহন করে নি। কয়জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহন করেছে?

A. ৬০জন B. ৮০ জন C. ১০০ জন D. ১২০ জন

**Ans. A ব্যাখ্যা** পাশ করেনি = ১২ + ৩০ জন = ৪২ জন

তাহলে, x এর ৭০% = ৪২

∴ x × $\frac{৭০}{১০০}$ = ৪২

∴ x = 60 জন

মোট পরিক্ষার্থী = ৬০ জন

**10.** যদি x+5y = 16 এবং x = - 3y হয়, তাহলে y =?

A. 24 B. – 2 C. 8 D. 2

**Ans. C ব্যাখ্যা**

$x + 5y = 16$ ; .........(i)

$x = -3y$ ; ................(ii)

x এর মান (i) এ বসিয়ে,

$\therefore -3y + 5y = 16$

$2y = 16$

$\therefore y = 8$

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ব্যতিক্রমী সাধারন জ্ঞানের পূর্নাঙ্গ প্রস্তুতির বই–

## জাহাঙ্গীরনগর স্পেশাল জিকে



# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ১ম বর্ষ ভর্তি পরীক্ষা ২০২৩-২৪

D ইউনিট : Set- K

01. যদি A = 26, SUN = 27 হয় তবে CAT= কত?

A. 24 B. 27 C. 57 D. 58

Ans. C ব্যাখ্যা দেওয়া আছে, A = 26 (বিপরীতক্রম অনুযায়ী);
Sun = 27
তাহলে,

| A | B | C | D | E | F | G | H | I | J | K | L | M | N | O | P | Q | R | S | T | U | V | W | X | Y | Z |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 26 | 25 | 24 | 23 | 22 | 21 | 20 | 19 | 18 | 17 | 16 | 15 | 14 | 13 | 12 | 11 | 10 | 9 | 8 | 7 | 6 | 5 | 4 | 3 | 2 | 1 |

সেই হিসেবে, CAT = 24 + 26 + 7 = 57

02. প্রশ্নবোধক স্থানে কি বসবে?




A. 3 B. 2 C. 4 D. 1

Ans. C ব্যাখ্যা প্রতিটি চিত্রে উপরের অংশ থেকে নিচের অংশ বিয়োগ হচ্ছে। যেমন-
১ম চিত্র = নিচের অংশ (9+9+2) – উপরের অংশ (4 + 9 + 6) = 20 – 19 = 1
২য় চিত্র = (2 + 8 + 7) – (5+7+4) = 17 – 16 = 1
তাহলে, ৩য় চিত্র (7 + 4 + 6) – (3 + 5+ 8) = 17 – 16 = 1

03. কোন ঘড়িটি 'half past five' নির্দেশ করছে?

A. B. C. D.



Ans. B ব্যাখ্যা "Half past five"এর অর্থ– ৫টা বেজে ৩০ মিনিট। সে হিসেবে চিত্র B সঠিক। ৫টা বেজে ১৫ মিনিট = Quarter past five.

০৪. ধারার পরের ছবি কোনটি হবে?



A. B. C. D.



Ans. C ব্যাখ্যা প্রশ্নে প্রদত্ত ১ম ছবিটি লক্ষ্য করলে দেখা যায়, লোকটি তার ডানদিকে তাকিয়ে আছে। ২য় ছবিটি লক্ষ্য করলে দেখা যায়, লোকটি সামনে তাকিয়ে আছে বা মনমড়া হয়ে আছে। ৩য় ছবিটি লক্ষ্য করলে দেখা যায়, লোকটি তার বাদিকে তাকিয়ে আছে। ৪র্থ ছবিটি লক্ষ্য করলে দেখা যায়, লোকটি তার আবার তার ডানদিকে তাকিয়ে আছে ( মানে ১ম ছবিটি আবার এখানে দেয়া হয়েছে শুধু পার্থক্য হলো-১ম ছবিতে নাক বুঝাচ্ছে যে বৃত্ত সেটা ভরাট করা আর ৩য় ছবিতে সেটা ভরাট করা হয়নি, ফাঁকা রাখা হয়েছে) । ৫ম ছবিটি হলো লোকটি সামনে তাকিয়ে আছে বা মনমড়া হয়ে আছে ( অর্থাৎ এখানে ২য় ছবিটিই আবার দেয়া হয়েছে, পার্থক্য হলো এখানে নাক বুঝানো বৃত্তটি ভরাট করা ) । অর্থাৎ ১,২ এ থাকা ছবিগুলো ই আবার রিপিট হয়েছে ৪,৫ এ; শুধু পার্থক্য হলো নাক বুঝানো বৃত্ত গুলো পরিবর্তন হয়, আগে ভরাট থাকলে রিপিট ছবিতে ফাঁকা থাকে। আর আগে ভরাট না থাকলে রিপিট ছবিতে ভরাট থাকে। তার মানে ৩ এ থাকা ছবিটিই বসবে ৬ এ। শুধু পার্থক্য হবে নাক বুঝানো বৃত্তটি ৩ এ ভরাট আছে, ৬ এ ফাঁকা থাকবে।

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ১ম বর্ষ

## ভর্তি পরীক্ষা ২০২৩-২৪

**D ইউনিট : Set- H**

০১. যদি ABC = ZYX হয়, তবে GIVV=?

A. TERE B. TEER C. TREE D. FREE

Ans. C ব্যাখ্যা দেওয়া আছে, ABC = XYZ

অর্থাৎ এখানে উল্টোক্রমের সিরিয়ালকে ABC এর মান হিসেবে বসানো হয়েছে।

তাহলে, GIVV = TREE হবে।

অর্থাৎ A – Z পর্যন্ত লিখে, পুনরায় উল্টো দিক থেকে অর্থাৎ Z থেকে যদি লিখে যায়, তাহলে দেখা যাবে G = T, I = R

তাহলে, GIVV = TREE.

০২. কোন ঘড়িটি "ten past Nine"নির্দেশ করছে?

A. B. C. D.



**Ans.** **C** **ব্যাখ্যা** 'Ten past nine' মানে বাংলায় ৯ টা বেজে ১০ মিনিট। তাহলে অপশন (C) এর ঘড়িতে ৯:১০ বাজে।

০৩. প্রশ্নবোধক স্থানে কি বসবে?

| | | | |
|---|---|---|---|
| 20 | 22 | 19 | 21 |
| 17 | 19 | 16 | ? |
| 19 | 21 | ? | 20 |
| 16 | 18 | 15 | ? |



**Ans.** **B** **ব্যাখ্যা** প্রশ্নের চারটি কলাম খেয়াল করলে দেখা যাবে যে, অংকের ক্রমানুযায়ী ধারা হচ্ছে– ১ম সারি- ১৯, ২০, ২১, ২২। ২য় সারি– ১৬, ১৭, ১৮, ১৯। ৩য় সারি ১৮, ১৯, ২০, ২১ ।৪র্থ সারি– ১৫, ১৬, ১৭, ১৮। তাহলে, ধারাটি হলো ৪টি অঙ্কের ক্রমধারা। যেখানে ৩য় ঘরে বসে ১ম সংখ্যাটি; ১ম ঘরে ২য় সংখ্যাটি; ৪র্থ ঘরে ৩য় সংখ্যা এবং ২য় গরে ৪র্থ সংখ্যা বসবে। তাহলে, সঠিক উত্তর- অপশন–(B)

04. ধারায় পরের ছবি কোনটি হবে?



A. B. C. D.



**Ans.** **B** **ব্যাখ্যা** প্রশ্নে প্রদত্ত ছবিসমূহের দিকে লক্ষ্য করলে দেখা যায় যে, বর্গক্ষেত্রের ভিতরের বিন্দুটি (.) ঘড়ির কাটার বিপরীত দিকে অর্থাৎ ঘড়ির কাটা যেভাবে ঘুরে তার উল্টাভাবে ঘুরছে মানে বাদিক থেকে ঘুরছে। আর বাকি ২ টি চিহ্ন ঘড়ির কাটা যেভাবে ঘুরে ঠিক সেভাবে ঘুরছে মানে ডানদিক থেকে ক্রম ঘূর্ণায়মান ।

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ১ম বর্ষ ভর্তি পরীক্ষা ২০২৩-২৪

### IBA ইউনিট

01. **Which of the following statements are sufficient to answer following :Who is the tallest among six boys P, T, N, D, Q & R?**

i. P is taller than D and N but not as tall as T.
ii. R is taller than Q but not as tall as T
iii. Q is not taller than T and R

A. only I and II　　B. only II and III
C. only I and III　　D. All I, II and III

**A** ব্যাখ্যা: বিবৃতি অনুযায়ী লম্বা ও খাটো এর ক্রমবিন্যাস:
Statement I : T > P >D > N　　Statement II : T > R > Q
Statement III : T > R > Q.
সুতরাং T সবচেয়ে লম্বা, যার তা Statement I ও II থেকেই বুঝা যায়।

02. **There are five books A, B, C, D and E. Book C lies above D, book E is below A, book D is above book A and book B is below book E. Which book is at the bottom?**

A. E　　B. D　　C. A　　D. B

**D** ব্যাখ্যা: প্রশ্নানুযায়ী বইয়ের উপর নিচ (Top-Bottom) এর ক্রমবিন্যাসটি হলো C> D > A > E> B. সুতরাং সবচেয়ে উপরের বইটি C এবং সবচেয়ে নিচের বইটি B।

03. **5862 is to 714 and 3498 is to 1113 and 9516 is to 156. therefore 8257 is to -**

A. 157　　B. 196　　C. 177　　D. 137

**A** ব্যাখ্যা: ভালো করে লক্ষ্য করলে 5862 = 714, অর্থাৎ প্রথম সংখ্যার সাথে শেষের সংখ্যা যোগ এবং পরে মাঝের দুটি সংখ্যা যোগ করা হয়েছে। সে হিসাবে,
5862 = (5+2) এবং (8+6) = 714
আবার, 3498 = (3+8) এবং (4 + 9 ) = 1113
আবার, 9516 = (9+6) এবং (5+1) = 156
তাহলে, 8257 = (8 +7) এবং (2 + 5) =157.　সুতরাং অপশন (A) সঠিক।

**04. There are six persons A, B, C, D, E and F. C is the sister of F. B is the brother of E's hunband. D is the father of A and grandfather of F. There are two fathers, three brothers and a mother in the group. Who is E's hunsband?**

A. A B. B C. C D. E

> উত্তর: A ব্যাখ্যা: C এর বোন হল F। B হলো E এর স্বামীর ভাই। D হলো A এর বাবা এবং F এর দাদা। তাহলে, দুজন বাবা হলেন- D এবং A। ভাইয়েরা হলো- A, B ও F এবং E হলো মা। তাহলে, E এর স্বামী হলো A।

**05. Five friends are waiting in line to get offee. Raihan is behind Joey, but not last. Sifat is behind Monica, who is in front of both Raihan and Joey. Rima is second. Who is at the front of the line?**

A. Joey B. Sifat C. Raihan D. Monica

> উত্তর: D ব্যাখ্যা: ক্রমানুসারে ১ম (মনিকা) > ২য় (রিমা) > ৩য় (জয়) > ৪র্থ (রায়হান) ও > ৫ম (সিফাত)। তাহলে, সবার প্রথমে মনিকা আছে লাইনে।



# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ১ম বর্ষ
## ভর্তি পরীক্ষা ২০২৩-২৪
### D ইউনিট

বিকল্প হতে শব্দ বাছাই করে প্রদত্ত শব্দযুগলের সাদৃশ শব্দযুগল গঠন কর: (প্রশ্ন 1-4):

**01. Scribble : Write :: Mumble : ?**
A. Draw B. Paint C. Diet D. Talk

Ans. D ব্যাখ্যা Scribble (হিজিবিজি লেখা) থেকেই আস্তে আস্তে লেখা (Write) সুন্দর হয়। ঠিক তেমনিভাবে Mumble (অস্পষ্টভাবে ভাষা বলা) থেকেই কথা বলা (Talk) শুরু হয়।

**02. Pest : Irksome :: Expert :?**
A. Client B. Gentle C. Proficient D. Criminal

Ans. C ব্যাখ্যা Pest (কীটপতঙ্গ) সবসময় Irksome (বিরক্তিকর)। ঠিক তেমনিভাবে Expert (অভিজ্ঞতাসম্পন্ন) সব সময় Proficient (দক্ষ) হয়।

**03. United Nations : Security Council :: State : ?**
A. Law B. Court C. Executive D. Ship

Ans. C ব্যাখ্যা United Nations বা জাতিসংঘের নিয়ন্ত্রণ করে থাকে Security Council বা নিরাপত্তা পরিষদ। ঠিক তেমনিভাবে State (রাষ্ট্র) নিয়ন্ত্রণ করে নির্বাহী বিভাগ বা Executive Body।

**04. Celestial : Sun :: Ocean : ?**
A. Milkyway B. Sea C. Port D. Ship

Ans. B ব্যাখ্যা সূর্য (Sun); Celestial Body (আকাশ) এর অংশ। ঠিক তেমনিভাবে Sea (সাগর); (মহাসাগর) Ocean এর অংশ।

প্রদত্ত বিকল্প থেকে বিসদৃশ শব্দটি বের কর: (প্রশ্ন 5-7):

**05.** A. Aptiude B. Propensity C. TalentD. Impartial

Ans. D ব্যাখ্যা Aptiude, Propensity, Talent এর অর্থ বুদ্ধি। আর Impartial অর্থ নিরপেক্ষ। সুতরাং অপশন (D) ভিন্ন।

**06.** A. Strong : Strongest B. Good : Better
C. Bad : Worse D. Weak : Weaker

**Ans. A সমাধান ব্যাখ্যা** এখানে প্রতিটি অপশনে **Positive** ও **Comparative form** বসানো হয়েছে; একমাত্র অপশন **(A)** ছাড়া । **Strong** এর **comparative form stronger** এবং **superlative form strongest.** সুতরাং অপশন **(A)** ভিন্ন।

**07.** A. Logical B. Objective C. Ignorant D. Rational

**Ans. C সমাধান ব্যাখ্যা** **Logical, Objective, Rational** এগুলো সমার্থক শব্দ যার অর্থ যৌক্তিক; কিন্তু **Ignorant** অর্থ অজ্ঞ। সুতরাং অপশন **(C)** বিসদৃশ।

**প্রদত্ত শব্দটির বর্ণগুলো ব্যবহার করে কোন শব্দটি গঠন করা যায় (প্রশ্ন 8-9)**

**08. APPREHENSION**

A. Appear B. Apprehend C. Pension D. Apprehensive

**Ans. C সমাধান ব্যাখ্যা** **APPREHENSION** শব্দটি থেকে অপশনের **Pension** শব্দটি বানানো যায়।

**09. INTERNATIONAL**

A. Actual B. Latino C. Ornament D. Return

**Ans. B সমাধান ব্যাখ্যা** **INTERNATIONAL** শব্দটি থেকে অপশনের **LATINO** শব্দটি বানানো যায়।

**Find out the synonym (Questions: 10-12)**

**10. EFFICIENT**

A. Dexterous B. Divided C. Double-edged D. Dither

**Ans. A সমাধান ব্যাখ্যা** **Efficient (adjective)** অর্থ দক্ষ। এর সমার্থক শব্দ হলো – **Dexterous, Skilled, Proficient etc. Divided** অর্থ বিভক্ত; **Dither** – অনিশ্চিত অবস্থা। **Double – edged** – দ্বি-প্রান্তিক।

**11. GENTLE**

A. Ferocious B. Ugly C. Nice D. Restless

**Ans. C সমাধান ব্যাখ্যা** **Gentle (Adj.)** মৃদু, **Soft, Nice, Bland** ইত্যাদি। **Ferocious** - হিংস্র; **Ugly** -কুৎসিত; **Restless** - অস্থির।

**12. FORSAKE**

A. Meet B. Abandon C. Forbid D. Forgotten

**Ans. B সমাধান ব্যাখ্যা** **Forsake (v.)** পরিত্যাগ করা, **Give up, Throw up, Forego, Abandon** ইত্যাদি। **Meet** - দেখা করা, **Forbid** –নিষেধ করা, **Forgotten** –স্মরণাতীত।

সঠিক উত্তরটি বাছাই কর: (প্রশ্ন 13-20)

13. যদি **BROCCOLI** এর কোড **ILOCCORB** এবং **SPINACH** এর **HCANIPS** কোড হয় তবে **RADAR** এর কোড কী?

A. SBES B. RADAR C. OZCZQ D. ARDRA

Ans. **B** ব্যাখ্যা দেওয়া আছে, **BROCCOLI = ILOCCORB**

**SPINACH = HCANIPS**

তাহলে, **RADAR =** কি?

প্রশ্নানুযায়ী শব্দটিকে উল্টো করলে, যে উত্তর আসে তাই সঠিক হবে। তাহলে **RADAR = RADAR** সঠিক উত্তর।

14. একটি রেখাকে n–সংখ্যক ভাগে ভাগ করার জন্যে কয়টি বিন্দু প্রয়োজন?

A. n B. n – ১ C. $\frac{n}{২}$ D. n + ১

Ans. **D** ব্যাখ্যা একটি রেখাকে যতগুলো খন্ডে বিভক্ত করতে হবে; বিভক্ত রেখা সংখ্যা হতে বিন্দু সংখ্যা একটা বেশি হবে। তাহলে, সঠিক উত্তর হবে- **n + 1.**

15. ক্যাপসিকামের দাম ১১০ টাকা থেকে ১০০ টাকা হয়েছে। দামের কত শতাংশ পরিবর্তন ঘটেছে?

A. ১০% B. ১১.১১% C. ১১% D. ০.৯০%

Ans. **D** ব্যাখ্যা ১০০ টাকায় কমে যায় ১০ টাকা।

১ টাকায় কমে যায় = $\frac{১০}{১১০}$

∴ ১০০ টাকায় কমে যায় = $\frac{১০×১০০}{১১০}$ = ৯.০৯

∴ পরিবর্তন হবে = ১০ - ৯.০৯ = ০.৯০%

16. নিচের প্রদত্ত সারির পরবর্তী পদটি কী হবে?

**AZ, BY, CX, -**

A. EF B. GH C. IJ D. DW

Ans. **D** ব্যাখ্যা এখানে ইংরেজি বর্ণের ১ম ও শেষ বর্ণটি দিয়ে ধারাটি সাজানো হয়েছে। যেমন- **AZ, BY, CX, DW** হবে পরবর্তী সঠিক ধারা।

17. অভিধানে কোন শব্দটির ক্রম প্রথম?

A. Ostensible B. Ostentation

C. Ostentatious D. Ostracize

Ans. **A** ব্যাখ্যা অভিধানের ক্রমানুযায়ী অপশন (A) **Ostensible** হলো প্রথম ক্রম। **Ostensible** অর্থ প্রকাশ বা সুস্পষ্ট।

আসসালামুআলাইকুম– ছায়ামঞ্চ

**18.** যদি একটি সংখ্যার ২০% এর মান ৫০ হয় তবে সংখ্যাটির ৩০% এর মান কত হবে?

A. ৪৫ B. ৫৫ C. ৬৫ D. ৭৫

**Ans. D** ব্যাখ্যা মনে করি, x এর ২০% = ৫০

বা, $x \times \frac{২০}{১০০} = 50$

বা, $x = \frac{১০০ \times ৫০}{২০} = 50$ = ২৫০

∴ ২৫০ এর $\frac{৩০}{১০০}$ = ৭৫

**19.** A হলো B এর পুত্র। C হলো D এর কন্যা। D হলো B এর কন্যা। তাহলে C, A এর কী হবে?

A. পুত্র B. পিতা C. ভাগ্নি D. দাদী

**Ans. C** ব্যাখ্যা মনে করো, A হলো তোমার বাবা। B হলে তুমি। C হলো তোমার ফুফাতো বোন এবং D হলো তোমার ফুফু। তাহলে, C আর A এর সম্পর্ক হলো মামা- ভাগ্নি ।

**20.** ৭ মিটার ব্যাসার্ধের একটি চাকা ১০ বার ঘুরে কতটুকু দূরত্ব অতিক্রম করে?

A. ৭০ মিটার B. ৪৪০ মিটার C. ২২০ মিটার D. ১৫৪০ মিটার

**Ans. B** ব্যাখ্যা ১ বার ঘুরে যায় ২×π×৭

∴১০ বার ঘুরে যায় ১০×২×$\frac{২২}{৭}$×৭ = ৪৪০ মি.



## IQ কি?

IQ এর পূর্ণরূপ হলো **Intelligence Quotient.** IQ হলো বুদ্ধিবৃত্তিক প্রশ্ন। তোমাকে একটা সিচুয়েশন দেওয়া হবে। তোমার কাজ হলো বুঝে উত্তর করা। এটি সাধারণ গণিত থেকে অনেকটা ভিন্ন।

## কি কি প্যাটার্নে IQ হতে পারে?

০১. **Analytical Ability** (এনালিটিক্যাল অ্যাবিলিটি)।

০২. **Critical Reasoning** (ক্রিটিক্যাল রেজোনিং)।

০৩. **Data Sufficiency** (ডাটা সাফিসিয়েন্সি)।

০৪. **Puzzles.**

০৫. বুদ্ধিমত্তা।

০৬. মানসিক দক্ষতা।

০৭. সাধারণ দক্ষতা।

০৮. দক্ষতা নিরুপণ পরীক্ষা।

০৯. বিশ্লেষণ দক্ষতা। ইত্যাদি

## IQ সম্পর্কিত গুরুত্বপূর্ণ কিছু কথা ও তথ্য

| IQ RANGE | IQ CLASSIFICATION |
|---|---|
| 145-160 | Very gifted or highly advanced |
| 130-144 | Gifted or very advanced |
| 120-129 | Superior |
| 110-119 | High average |
| 90-109 | Average |
| 80-89 | Low average |
| 70-79 | Borderline impaired or delayed |
| 55-69 | Mildly impaired or delayed |
| 40-54 | Moderately impaired or delayed |

০১. প্রশ্ন দেখেই মাথা গরম না করে ঠান্ডা মাথায় চিন্তা করে উত্তর দিবে। ঘাবড়ানোর কিছু নেই।

০২. অপশন বিবেচনা করে উত্তর দেওয়ার চেষ্টা করবে। দেখবে খুবই সহজ লাগছে।

০৩. মৌলিক সংখ্যার গড় নির্ণয়ের সূত্র হচ্ছে।

$$গড় = \frac{\text{মৌলিক সংখ্যাগুলোর যোগফল}}{\text{নির্দিষ্ট মৌলিক সংখ্যার পরিমাণ}}$$

০৪. **Odd** মানে হলো বিজোড় আর **Even** মানে হলো জোড়। দুইটি বিজোড় সংখ্যার যোগফল সবসময়ই জোড় সংখ্যা হয়।

০৫. গুণনীয়ক মানে হলো যা দ্বারা ভাগ করলে ভাগশেষ অবশিষ্ট থাকেনা।

০৬. **Integer** মানে হলো পূর্ণসংখ্যা। ভগ্নাংশ বাদে সবই পূর্ণসংখ্যা।

০৭. n তম পদের যোগফলের সূত্র হলো $\frac{n(n+1)}{2}$. উদাহরণ স্বরূপ
১+২+৩+................+১০০ = কত?

**ব্যাখ্যা** $\frac{n(n+1)}{2} = \frac{100(100+1)}{2} = 50\times101 = 5050$

০৮. **Prime number** এর অর্থ হলো মৌলিক সংখ্যা। যে সকল সংখ্যা ঐ সংখ্যা এবং ১ ছাড়া অন্য কোন সংখ্যা দ্বারা বিভাজ্য নয় অর্থাৎ নিঃশেষে ভাগ করা যায়না। ভাগশেষ থেকে যায় সেগুলোই মৌলিক সংখ্যা। ১ থেকে ১০০ পর্যন্ত মোট ২৫ টি মৌলিক সংখ্যা রয়েছে। সংখ্যাগুলো হলো- ২,৩,৫,৭,১১,১৩,১৭,১৯,২৩,২৯,৩১,৩৭,৪১,৪৩,৪৭,৫৩,৫৯,৬১,৬৭,৭১,৭৩, ৭৯,৮৩,৮৯ এবং ৯৭। মনে রাখতে হবে ০ ও ১ মৌলিক সংখ্যা নয়।

০৯. ধারা দেখে ভয় পাবেনা । কিছু কিছু ধারাতে ২ টি ধারা বিদ্যমান থাকতে পারে। যেমন- ৫,৩২,৭,৬৪,?,১২৪ এই ধারাটিতে দুইটি ধারা বিদ্যমান।

উত্তরঃ প্রথম ধারা ৫,৭, ৯ ও দ্বিতীয় ধারা ৩২,৬৪,১২৮

[ প্রথম ধারায় ১ম সংখ্যার সঙ্গে ২ যোগ করে পরবর্তী সংখ্যা তৈরি হয়েছে।আর ২য় ধারায় ১ম সংখ্যার সাথে ২ গুণ করে পরবর্তী সংখ্যা তৈরি হয়েছে। এখানে উত্তর : ৯

১০. অনেক ক্ষেত্রে প্রশ্নেই উত্তর থাকে, তাই প্রশ্নটি মনোযোগ দিয়ে পড়ে অপশন পর্যবেক্ষণ করলেই অনেক প্রশ্নের উত্তর পেয়ে যাবে। এর জন্য বেশি বেশি প্র্যাকটিস করো, "ছায়ামঞ্চ **IQ SUMMIT**" এর **IQ** গুলো।

১১. ইংরেজি ভার্সনের **IQ** গুলোর ক্ষেত্রে অর্থ বুঝতে পারলে অনেকটা বুঝে ফেলা যায় উত্তর কি হবে। এই **IQ SUMMIT** বইটির **English version IQ** গুলো বেশি বেশি প্র্যাকটিস করাটা এই জন্য খুবই গুরুত্বপূর্ণ।

১২. বিগত বছরের অনেক প্রশ্নই এই বইয়ে আছে। তাই এই বই **solve** করলে বিগত বছরের **IQ** অংশের প্রশ্ন ও সলভ করা হবে এবং পাশাপাশি **IQ** এর উপর পূর্ণাঙ্গ প্রস্তুতি হবে।

১৩. সর্বোপরি, এই ধরনের প্রশ্ন সলভের ক্ষেত্রে তোমাকে উপস্থিত বুদ্ধি খাটাতে হবে/প্রয়োগ করতে হবে। আর এই "ছায়ামঞ্চ IQ SUMMIT" বইটি ভালোভাবে আয়ত্ব করতে পারলে আশাকরি IQ তে পূর্ণ নাম্বারই পাবে ইনশাআল্লাহ।



## টপিক- ০১ সাংকেতিক বিন্যাস ও পূনর্বিন্যাস এবং বর্ণ সংক্রান্ত সামর্থ্য

| | A | B | C | D | E | F | G | H | I | J | K | L | M |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ROT13 | ↕ | ↕ | ↕ | ↕ | ↕ | ↕ | ↕ | ↕ | ↕ | ↕ | ↕ | ↕ | ↕ |
| | N | O | P | Q | R | S | T | U | V | W | X | Y | Z |

| | H | E | L | L | O |
|---|---|---|---|---|---|
| ROT13 | ↕ | ↕ | ↕ | ↕ | ↕ |
| | U | R | Y | Y | B |

কোডিং বা ডি-কোডিং বলতে সাধারণত কোন কিছু বুঝানোর জন্যে কোড ব্যবহার করাকেই বুঝায়। এক্ষেত্রে সাধারণত ইংরেজি ও বাংলা বর্ণমালার বর্ণগুলোকেই ব্যবহার করা হয়ে থাকে। অর্থাৎ এক্ষেত্রে কিছু নির্দিষ্ট শব্দের বিপরীতে কিছু code বা সংকেত দেওয়া থাকে আর ঐ code অনুধাবন করেই প্রশ্নের উত্তর করতে হয়।

### Alphabets in order

| A | B | C | D | E | F | G | H | I | J | K | L | M | N | O | P | Q | R | S | T | U |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 | 19 | 20 | 21 |

| V | W | X | Y | Z |
|---|---|---|---|---|
| 22 | 23 | 24 | 25 | 26 |

### Alphabets in reverse order

| A | B | C | D | E | F | G | H | I | J | K | L | M | N | O | P | Q | R | S |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 26 | 25 | 24 | 23 | 22 | 21 | 20 | 19 | 18 | 17 | 16 | 15 | 14 | 13 | 12 | 11 | 10 | 9 | 8 |

| T | U | V | W | X | Y | Z |
|---|---|---|---|---|---|---|
| 7 | 6 | 5 | 4 | 3 | 2 | 1 |

### স্বরবর্ণ

অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ

### ব্যঞ্জনবর্ণ

ক খ গ ঘ ঙ<br>
চ ছ জ ঝ ঞ<br>
ট ঠ ড ঢ ণ<br>
ত থ দ ধ ন<br>
প ফ ব ভ ম<br>
য র ল<br>
শ ষ স হ<br>
ড় ঢ় য় ৎ<br>
ং ঃ ঁ

০১. **If LOYAL is coded as 'JOWAJ', then PRONE is coded as ——**

ক. QRPNF খ. ORMNG গ. NRMND ঘ. NRMNC

**Ans.** ঘ **ব্যাখ্যা** **L** এর পূর্ববর্তী অক্ষরের আগের অক্ষর **J; Y** এর পূর্ববর্তী অক্ষরের আগের অক্ষর **W; O** এবং **A** অপরিবর্তিত ∴ **P** এর পূর্ববর্তী অক্ষরের আগের অক্ষর **N; O** এর পূর্ববর্তী অক্ষরের আগের অক্ষর **M; E** এর পূর্ববর্তী অক্ষরের আগের অক্ষর **C; R** ও **N** অপরিবর্তিত। **PRONE is coded as NRMNC.**

০২. If PALE is coded as 2134, EARTH is coded as 41590, how can is PEARL be coded in that language?

ক. 24153　খ. 25430　গ. 29530　ঘ. 25413

Ans. ক ব্যাখ্যা The letters are coded accordingly P as 2, E as 4, A as 1, R as 5 and L as 3. So PEARL is coded as 24153.

০৩. If 'eraser' is called 'box'.'box' is called 'pencil'. 'pencil' is called 'sharpener'.'sharpener' is called 'bag'. What will a child write with?

ক. Eraser　খ. Bag　গ. Pencil　ঘ. Sharpener

Ans. ঘ ব্যাখ্যা A child will write with a 'pencil' and 'pencil' is called 'sharpener'. So a child will write with a 'sharpener'.

০৪. If 'ABCD' stands for 'WXYA' then 'BAD' stands for—

ক. XWZ　খ. XTYZ　গ. WXZ

ঘ. YZW　ঙ. none of these

Ans. ঙ ব্যাখ্যা A = W; B = X; C = Y; D = A ∴ তাহলে, BAD = XWA. সুতরাং কোন উত্তরই সঠিক নয়।

০৫. যদি 1 এর সংকেত হয় F, 2 এর P, 3 এর X, 4 এর Z, 5 এর B, 6 এর W, 7 এর L, 8 এর U, 9 এর D, তাহলে 853417 এর সংকেত কি হবে?

ক. UBDXZF　খ. UBXBFL　গ. UBXZFL　ঘ. UDXZFL

Ans. গ ব্যাখ্যা F = 1, P = 2, X = 3, Z = 4, B = 5, W = 6, L = 7, U = 8, D = 9 ∴ 853417 = UBXZFL উপর থেকে মান বসিয়ে৷

০৬. If you rearrange the letter "LNGEDNA" you have the name of a/an?

ক. Ocean　খ. Animal　গ. City　ঘ. Country

Ans. ঘ ব্যাখ্যা LNGEDNA = ENGLAND; LNGEDNA এর Letter গুলো Rearrange করে লিখলে দেশের নাম হয় যা = ইংল্যান্ড = ENGLAND (একটি Country বা দেশ)।

০৭. যদি PAPER দিয়ে SCTGW বোঝায়, তবে MOTHER দিয়ে নিচের কোনটি বুঝায়?

ক. ORVLGW　খ. PQVIGT　গ. PQXJJT　ঘ. PQXKJV

Ans. গ ব্যাখ্যা ১ম অক্ষর, ৩য় ও ৫মে অক্ষর যথাক্রমে ৩, ৪, ৫ ধাপ সামনে আগাবে। অর্থাৎ P এর ৩ ধাপ পর S; তেমনি M এর তিন ধাপ পর P; ২য় ও ৪র্থ অক্ষর দুই ধাপ আগাবে। যেমন: A এর ২ ধাপ পর আসে C ; তেমনি O এর ২ ধাপ পর আসে Q।

০৮. A থেকে Z পর্যন্ত বর্ণগুলোকে 1 থেকে 26 পর্যন্ত ধারাবাহিকভাবে নাম্বারিং করলে, LETTER=?

ক. 40　খ. 56　গ. 80　ঘ. 100

Ans. গ ব্যাখ্যা L = 12, E = 5, T = 20, T = 20, E = 5, R = 18 (অক্ষরের অবস্থানগত সংখ্যা অনুযায়ী) এই সংখ্যাগুলোকে যোগ করলে মোট দাড়ায় 12 + 5 + 20 + 20 + 5 + 18 = 80. এজন্যই আগে পরীক্ষার ফলাফল 80 কে Letter marks বলা হতো।

০৯. যদি HEATER দিয়ে KBDQHO বোঝায় তবে, COOLER দিয়ে নিচের কোনটি বুঝায়?

ক. FLIRHO　খ. FRLIHO　গ. FLRIHO　ঘ. ALRIHV

Ans. গ ব্যাখ্যা ১ম, ৩য় ও ৫ম অক্ষর ৩ ধাপ সামনে আগাবে। যেমনঃ H এর ৩ ধাপ সামনে আগালে K পাওয়া যায়। তেমনি C এর ৩ ধাপ সামনে আগালে F পাওয়া যায়। আবার, ২য়, ৪র্থ ও ষষ্ঠ অক্ষর ৩ ধাপ পেছনে যাবে। যেমন- E এর ৩ ধাপ পেছনে গেলে B পাওয়া যায়; O এর ৩ ধাপ পিছনে গেলে L পাওয়া যায়।

১০. **If ENGLAND is written as 1234526 and FRANCE is written as 785291, then GREECE is written as -----?**

ক. 392291 খ. 381191 গ. 382292 ঘ. 392191

Ans. খ ব্যাখ্যা **ENGLAND = 1234526**

অর্থাৎ, **E = 1, N = 2, G = 3, L = 4, A = 5, N = 2, D = 6; FRANCE = 785291**
অর্থাৎ, **F = 7, R = 8, A = 5, N = 2, C = 9, E = 1 ∴ GREECE = 381191**
যেহেতু, **G = 3, R = 8, E = 1, E = 1, C = 9, E = 1**

১১. যদি **MACHINE** দিয়ে **19-7-9-14-15-20-11** বোঝায় তবে, **DANGER** দিয়ে নিচের কোনটি বুঝায়?

ক. 13-7-20-10-11-25 খ. 13-7-20-9-11-25
গ. 11-7-20-16-11-24 ঘ. 10-7-20-13-11-24

Ans. ঘ ব্যাখ্যা এখানে, **A = 7, B = 8, C = 9** এভাবে ধারাবাহিকভাবে **Z = 32** ধরা হয়েছে। সেভাবে, **MACHINE = 19-7-9-14-15-20-11** এবং **DANGER = 10-7-20-13-11-24**।

১২. **EGIK** যদি **WUSQ** বোঝায় তবে, **DFHJ** দিয়ে নিচের কোনটি বুঝায়?

ক. ECGI খ. XVTR গ. BDFH ঘ. SQOM

Ans. খ ব্যাখ্যা **E, G, I, K** বর্ণগুলো যথাক্রমে ৫, ৭, ৯, ১১ নং অবস্থানে আছে। আর **W, U, S, Q** বর্ণগুলো উল্টো ক্রমানুসারে ৪, ৬, ৮ ও ১০ নং অবস্থানে আছে। **D, F, H, J** বর্ণগুলো যথাক্রমে ৪, ৬, ৮, ১০ অবস্থানে আছে। সুতরাং এর সঠিক উত্তর হবে এমন শব্দ, যেটির অক্ষরগুলো উল্টো দিক থেকে ৩, ৫, ৭, ৯ অবস্থানে আছে (**X, V, T, R**)।

১৩. খ, ঙ, ঝ, ?, ন, র → প্রশ্নবোধক স্থানে কি বসবে?

ক. থ খ. ম গ. ঢ ঘ. ণ

Ans. গ ব্যাখ্যা অক্ষরের অবস্থান অনুসারে ৩,৪,৫,৬,৭ করে বাড়ছে।

১৪. অ, ক, আ, খ, ই, গ, ?, ?

ক. উ, গ খ. ঈ, ঘ গ. ই, ঘ ঘ. খ, ঈ

Ans. খ ব্যাখ্যা এখানে দুটি ধারা। একটি স্বরবর্ণের ধারা আরেকটি ব্যঞ্জন বর্ণের। স্বরবর্ণের ধারা- অ, আ, ই, ঈ। ব্যঞ্জন বর্ণের ধারা- ক, খ, গ, ঘ।

১৫. **$ZA_5$, $Y_4B$, $XC_6$, $W_3D$, ------**

ক. $V_2E$ খ. $VE_7$ গ. $E_7V$ ঘ. $VE_5$

Ans. খ ব্যাখ্যা এখানে তিনটি ধারা আছে ১ম অক্ষরগুলো উল্টোদিক থেকে সাজানো **Z, Y, X, W.** এর পরের অক্ষরগুলো স্বাভাবিকভাবে সাজানো **A, B, C, D.** এর পর একটি সংখ্যার **Order** ও রয়েছে। যেটিতেও আবার দুটি ধারা আছে **5, 6, 7** আবার **4, 3, 2** তাহলে সংখ্যার ধারাটি দাড়াবে **5, 4, 6, 3, 7, 2 ......** সেক্ষেত্রে উত্তর **$VE_7$**।

১৬. LXF, MTJ, NPN, OLR, ?

ক. PRV খ. PJW গ. PHV ঘ. PIU

Ans. গ ব্যাখ্যা প্রত্যেকটা Term এর প্রথম Letter এক ধাপ সামনে যাচ্ছে। ২য় অক্ষর চার ধাপ পেছনে এবং ৩য় অক্ষর ৪ ধাপ সমনে যাচ্ছে। যেমন- L এর ১ ধাপ সামনে M; X এর ৪ ধাপ পেছনে T এবং F এর ৪ ধাপ সামনে J, তেমনি O এর ১ ধাপ সামনে P; L এর ৪ ধাপ পেছনে H এবং R এর ৪ ধাপ সামনে V।

১৭. ইংরেজি ডিকশনারি অনুসারে প্রদত্ত শব্দ গুলিকে সাজালে কোন শব্দটি প্রথমে আসবে?

ক. Legacy খ. Legible গ. Lenient ঘ. Length

Ans. ক ব্যাখ্যা শব্দের ক্রমানুসারে ডিকশনারিতে শব্দ থাকে। সে হিসাবে সবার আগে থাকবে Legacy। তারপরের গুলো → Legible → Length → Lenient এই ক্রমে থাকবে।

১৮. যদি ইংরেজি বর্ণমালাগুলো Reverse order এ অর্থাৎ উল্টো দিক থেকে সাজানো হয় তবে ডান দিক থেকে ৯ম বর্ণটির বা দিক থেকে ৫ম বর্ণ কোনটি?

ক. W খ. D গ. P ঘ. N

Ans. ঘ ব্যাখ্যা ইংরেজি বর্ণমালা Reverse order এ সাজালে হয়- Z, Y, X, W, V, U, T, S, R, Q, P, O, N, M, L, K, J, I, H, G, F, E, D, C, B, A. ডান দিক থেকে ৯ম বর্ণটি হলো I। এই ৯ম বর্ণটির বা দিক থেকে ৫ম বর্ণটি হলো N।

১৯. **If in a certain language, COUNSEL is coded as BITIRAK, how is GUIDANCE written in that code?**

ক. FPHZZKAB খ. HOHYBJBA গ. FOHYZJBB ঘ. EOHYZKBB

Ans. গ ব্যাখ্যা প্রদত্ত word এর বিজোড় সংখ্যক (1, 3, 5, 7, .....) অবস্থানের letter এর পূর্ববর্তী letter এবং জোড় সংখ্যক (2, 4, 6, 8, ......) অবস্থানের letter এর পূর্ববর্তী (6, 5, 4, —— তম) ইত্যাদি letter নিয়ে coded word গঠন করা হয়েছে।

২০. **Which letter in the alphabet is as far from G as T is from M?**

ক. P খ. N গ. Q ঘ. R

Ans. খ ব্যাখ্যা

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| M | N | O | P | Q | R | S | T | M এর পরে 7ম বর্ণটি T |
| G | H | I | J | K | L | M | N | G এর পরে 7ম বর্ণটি N |

২১. **Look at the letter pattern and choose the correct option. JAK, KBL, LCM, MDN, ——**

ক. NEO খ. MEN গ. PFQ ঘ. OEP

Ans. ক ব্যাখ্যা

| | | | | |
|---|---|---|---|---|
| J<br>K<br>L<br>M<br>N | A<br>B<br>C<br>D<br>E | K<br>L<br>M<br>N<br>O | অর্থাৎ | J K L M N<br>A B C D E<br>K L M N O |

পরপর সাজানো হয়েছে। এর উত্তর হবে NEO অপশন ক.

২২. যদি, তুমি সুখী হও = ৪৩২, তুমি হও সৎ = ৪২১ এবং শিমুল সৎ ছেলে = ৫১৭ হয় তবে হও এর মান কত?

ক. ৩ খ. ২ গ. ৭ ঘ. ৫

Ans. খ ব্যাখ্যা

| তুমি | সুখী | হও | আবার | তুমি | হও | সৎ |
|---|---|---|---|---|---|---|
| ৪ | ৩ | ২ | | ৪ | ২ | ১ |

∴ হও এর মান হলো = ২

২৩. **Ramjan, Tamanna, Faruque** তিনভাই বোন । এদের মধ্যে ইংরেজি বর্ণমালার প্রথম বর্ণটি কতবার ব্যবহৃত হয়?

ক. ৪ খ. ৫ গ. ৬ ঘ. ৭

Ans. গ ব্যাখ্যা **R(a)mj(a)n** = ২ বার; **T(a)m(a)nn(a)** = ৩ বার উল্লেখ্য ইংরেজি বর্ণমালার প্রথম বর্ণটি **A** ।; **F(a)ruque** = ১ বার মোট ৬ বার

২৪. জানুয়ারি A, হলে- নভেম্বর হচ্ছে?

ক. I খ. J গ. K ঘ. H

Ans. গ ব্যাখ্যা জানুয়ারি = ১ ; নভেম্বর = ১১

জানুয়ারি = ১ ; নভেম্বর = ১১; **A** =১ ; **K** = ১১

২৫. যদি ৫৬৩০৪২ মানে **VOLUME** হয় , তবে ৪০৩২ মানে কি?

ক. ULON খ. MULE গ. MLEU ঘ. MEUL

Ans. খ ব্যাখ্যা

| ৫ | ৬ | ৩ | ০ | ৪ | ২ | | ৪ | ০ | ৩ | ২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| V | O | L | U | M | E | | M | U | L | E |

২৬. **...........I, G, E, C, A** ধারার **I** এর আগের বর্ণটি কি?

ক. L খ. F গ. K ঘ. P

Ans. গ ব্যাখ্যা বিপরীত দিক থেকে প্রত্যেকের মাঝের একটি করে বর্ণ বাদ দিয়ে তার আগের বর্ণটি পরে বসেছে।

২৭. যদি **CUB = 55** হয় তবে **LAB = ?**

ক. 84 খ.66 গ.38 ঘ. 56

Ans. খ ব্যাখ্যা যদি **Z=1, Y=2, X=3** হয় তবে =

| | |
|---|---|
| C=24 | L=15 |
| U=6 | A=26 |
| B=25 | B=25 |
| 55 | 66 |

উল্টোকারে বর্ণের ক্রমের নাম্বারের যোগফলই উত্তর।

২৮. যদি **a=1, b=2, c=3** হয়, তবে **8514** সংখ্যাটি কাকে নির্দেশ করে?

ক. Dean খ. Head ঘ. Aunt ঘ. Hear

Ans. খ ব্যাখ্যা ইংরেজি বর্ণমালা **8= H, 5= E, 1= A, 4= D**

২৯. যদি **CAT=3120** হয় তবে **DOG=**কত

ক. 4320 খ. 3159 গ. 4157 ঘ. 4335

Ans. গ ব্যাখ্যা **CAT** শব্দটিতে বর্ণমালায় ক্রমানুসারে অক্ষরগুলিতে নাম্বার দেওয়া **(C=3, A=1, T= 20)** বা **3120** তেমনিভাবে **DOG(D=4, O=15, G=7)= 4157**

৩০. **TRAIN=98726** হয় তবে **TARIN** = কত হবে?

ক. 97862 খ. 97826 গ. 97682 ঘ. 69782

Ans. খ ব্যাখ্যা T=9, R=8, A=7, I=2, N=6 ∴ TARIN = 97826

৩১. যদি TALE=LATE হয় তবে CAFE

ক. FACE খ. CAFE গ. EAFC ঘ. AEFC

Ans. ক ব্যাখ্যা CAFE হতে প্রথম বর্ণটি ৩য় অবস্থানে যাবে আর ৩য় বর্ণটি ১ম অবস্থানে আসবে।

৩২. The fifth consonant from the begining of this sentence is the letter—

ক. i খ. e গ. a ঘ. t

Ans. ঘ ব্যাখ্যা প্রশ্নে বলাই হয়েছে যে, যে প্রশ্নটি করা হয়েছে ঐ বাক্যের ৫ম consonant কোনটি। তাহলে, ১ম letter 'T' হলো ১ম consonant , তারপর 'H' হলো ২য় consonant. তারপর 'e' কিন্তু 'e' হল vowel. তারপর fifty এর 'f' হচ্ছে যথাক্রমে ৩য় ও ৪র্থ consonant কারণ মাঝখানে I হল vowel, তাহলে ৫ম consonant হল- 't' সুতরাং উত্তর : ঘ

৩৩. এই বর্ণমালায় ডানদিক থেকে ১৪ তম অক্ষরের ডান দিকের ষষ্ঠ অক্ষর কোনটি?

A B C D E F G H I J K L M N O P Q R S T U V W X Y Z

ক. U খ. F গ. S ঘ. কোনটিই নয়

Ans. গ ব্যাখ্যা লক্ষ্য করে ডান দিক থেকে গণনা করলে 'S' ই পাওয়া যাবে।

৩৪. Who is to the immediate left of L?

ক. Q খ. O গ. K ঘ. M

Ans. গ ব্যাখ্যা Immediate left মানে ঠিক পূর্বের বর্ণ কোনটি তা জানতে চাওয়া হয়েছে। L এর পূর্বে Alphabetical order অনুযায়ী হবে 'K'. So, সঠিক উত্তর 'K'।

## বিগত বছরের প্রশ্নাবলি

01. SUMMER এর কোড যদি RUNNER হয়, তবে WINTER এর কোড হবে কোনটি? [JU: B-Unit: 22-23: Set-F]

A. SUITER B. VIOUER C. SUFFER D. WALKER

Ans. B ব্যাখ্যা SUMMER=RUNNER হলে, WINTER সমান হবে VIOUER. কেননা, S এর স্থলে এক ঘর আগের letter 'R' বসেছে, U অপরিবর্তিত আছে। M এর এক ঘর পরের বর্ণ N বসেছে এবং E ও R অপরিবর্তিত রয়েছে। সে হিসেবে WINTER = VIOUER হয় সঠিক উত্তর।

02. যদি A= ২৬, Z= ১ এবং SUN=২৭ হয়, তবে CAT=? [JU: B-Unit: 22-23: Set-D]

A. 67 B. 49 C. 59 D. 57

Ans. D ব্যাখ্যা ইংরেজি বর্ণমালা 26টি। তাহলে, A=26 হয় এবং Z=1 হয় এবং SUN=27 হয়; তবে CAT = হবে 57. কেননা, ঐ ক্ষেত্রে C এর মান হবে 24, A এর মান হবে 26 এবং T= এর মান হবে 7। সুতরাং C = 24 + 26 + 7 = 57.

03. LOYAL এর কোড যদি JOWAJ হয়, তবে FRONE এর কোড হবে কোনটি? [JU: B-Unit: 22-23: Set-G]

A. QRPNE B. ORNMG C. ERMNC D. DRMNC

**Ans. D** ব্যাখ্যা

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| L | K | J | তাহলে, | F | E | D |
| O | একই বর্ণ | O | | R | একই বর্ণ | R |
| Y | X | W | | O | N | M |
| A | একই বর্ণ | A | | N | একই বর্ণ | N |
| L | K | J | | E | D | C |

**04. যদি GROWTH এর কোড BMJROC হয়, তাহলে KGVXZN কোনটির কোড হবে?** [JU: D-Unit: 22-23: Set-P]

A. PLACES B. CRISES C. GLARED D. AROUND

**Ans. A** ব্যাখ্যা এখানে প্রতি Letter এ পার্থক্য ৫। যেমন- B থেকে G এর দূরত্ব ৫। এভাবে সবগুলোর দূরত্বই ৫ করে। সুতরাং সঠিক উত্তর PLACES.

**05. ইংরেজি বর্ণমালায় ধারাবাহিকভাবে ১৮তম অক্ষরের বাম দিকে ১০ম অক্ষর কোনটি?** [JU: D-Unit: 22-23: Set-T]

A. H B. S C. F D. J

**Ans. A** ব্যাখ্যা English Alphabet 26টি। ধারাবাহিক ভাবে ১৮তম বর্ণ হলো R. আর R এর বামদিকে ১০ম অক্ষরটি H।

**06. 'DESENSITIZATION' শব্দে ব্যবহৃত বর্ণসমূহ এক বা একাধিকবার ব্যবহার করে কোন শব্দটি তৈরি করা যায় না?** [JU: D-Unit: 22-23: Set-T]

A. DESTINATION B. NOTATION
C. INSTITUTION D. DETAIN

**Ans. C** ব্যাখ্যা DESENSITIZATION শব্দটিতে বর্ণ 'U' নেই। তাই INSTITUTION শব্দটি তৈরী করা অসম্ভব কেননা এই শব্দটিতে 'U' নেই।

**07. যদি KITE = 45 হয়, তাহলে, WILD=?** [JU: D-Unit: 22-23: Set-I]

A. 72 B. 40 C. 48 D. 29

**Ans. C** ব্যাখ্যা এখানে English letter এর 'ক্রমকে' ঐ letter এর মান ধরে যোগফল নামানো হয়েছে। যেমন: k = 11 তম বর্ণ, I= 9 তম বর্ণ, T=20 তম বর্ণ, E=5 তম বর্ণ। সুতরাং KITE = 21+9+25+5=45 । তাহলে, WILD = 23+9+12+4=48.

**08. যদি EXAMPLE এর কোড LEHTWSL হয়, তাহলে ZAYHALNF এর কোড কোনটি?** [JU: D-Unit: 22-23: Set-I]

A. STRATEGY B. CAMPAIGN C. COMPOSED D. LEVERAGE

**Ans. A** ব্যাখ্যা এখানে EXAMPLE শব্দের প্রত্যেক Letter এর পরবর্তী ৭ম Letter টি বসানো হয়েছে -LEHTWSL। যেমন-

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| E | X | A | M | P | L | E |
| 7 | 7 | 7 | 7 | 7 | 7 | 7 |
| L | E | H | T | W | S | L |

তাহলে, সেই হিসেবে STRATEGY এর সঠিক উত্তর হবে- ZAYHALNF.

**09. যদি MONDAY এর কোড JLKAXV হয়, তাহলে WIZARD এর কোড কোনটি হবে?** [JU: D-Unit: 22-23: Set-M]

A. SFTXNU B. BFNXRU C. TFWXOA D. RFUXMN

Ans. **C** ব্যাখ্যা এখানে প্রতি letter ক্রমানুযায়ী letter টি বসেছে। যেমন– J, L, K, A X V letter গুলোর প্রতিটি থেকে ৩য় বর্ণ হলো যথাক্রমে-M O N D A Y ; ঠিক তদ্রুপ WIZARD এর কোড হবে T F W X O A।

**10. What comes next?**

A, 1 A, 111 A, 311 A, ? [JU: IBA Unit: 22-23: Set-I]

A. 31112 A　B. 13211 A　C. 13211 B　D. 31221 A

Ans. **B** ব্যাখ্যা প্রশ্নমতে, ১ম রাশি = A

২য় রাশি = 1টি A (1A) [কথায় লিখলে]

৩য় রাশি = 1টি 1, 1টি A [কথায় লিখলে]

৪র্থ রাশি = 3টি 1, 1টি A [কথায় লিখলে]

∴ ৫ম রাশি = 1টি 3, 2টি 1, 1টি A (13211A) [কথায় লিখলে]

**11. ABC = 36, ACID = 289 হলে, DEAF = কত?** [JU: D-Unit: 21-22]

A. 78　B. 16　C. 256　D. 265

Ans. **C** ব্যাখ্যা এখানে, দেওয়া আছে, ABC = 36

আমরা জানি, A= 1, B= 2 এবং C = 3 [ইংরেজি বর্ণের ১ম বর্ণের মান 1 ধরে]

$\therefore 1+2+3=6$

∴ 6 কে 6 দ্বারা গুণ করলে হয়, 36

আবার, ACID = 289

আমরা জানি, A= 1, C= 3, I = 9, D = 4

$\therefore 1+3+9+4=17$

∴ 17 কে 17 দ্বারা গুণ করলে হয়, 289

তাহলে, DEAF = 256 হবে।

কেননা, আমরা জানি, D = 4, E = 5, A = 1, F = 6 $\therefore 4+5+1+6=16$

∴ 16 কে 16 দ্বারা গুণ করলে হয় = 256　∴ DEAF = 256

**12. সংকেত পদ্ধতিতে VACATE কে AVACET লিখা হলে, LITERATE এর ক্ষেত্রে কোনটি হবে?** [JU: D-Unit: 21-22]

A. ILETARTE　B. ILETARET　C. ILTEARET　D. ILETRATE

Ans. **B** ব্যাখ্যা প্রশ্নে দেওয়া আছে,

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| V | A | C | A | T | E | তাহলে, | L | I | T | E | R | A | T | E |
| A | V | A | C | E | T | | I | L | E | T | A | R | E | T |

অর্থাৎ এখানে বর্ণের স্থান পরিবর্তন হয়েছে। প্রতিটি জোড়ায় কোনাকোনি তাকাও, তাহলেই স্পষ্টভাবে বুঝবে।

**13. যদি BROCCOLI এর কোড ILOCCORB এবং SPINACH এর কোড HCANIPS হয়, তবে RADAR এর কোড কী হবে?** [CU: D-Unit: 21-22: Set-1]

A. SBEBS　B. RADAR　C. QZCZQ　D. ARDRA

Ans. **B** ব্যাখ্যা BROCCOLI কে উল্টো করে লিখলে হয় ILOCCORB. SPINACH কে উল্টো করে লিখলে হয় HCANIPS. আর RADAR কে উল্টো করে লিখলে হয় RADAR.

**14.** অভিধানে কোন্ শব্দটির ক্রম প্রথম? **[CU: D-Unit: 21-22: Set-2]**

A. Utilization B. Utility C. Utilitarian D. Utilize

**Ans. C ব্যাখ্যা** **Dictionary-তে** যেভাবে **Compile** করা হয় সেখানে ইংরেজি **Alphabet-এর** ধারাবাহিকতা বজায় রেখে শব্দবিন্যাস করা হয়ে থাকে। সে হিসেবে সঠিক উত্তর **Utilitarian.**

**15.** যদি **STAR** এর কোড **TUBS** এবং **MOON** এর কোড **NPPO** হয়। তবে **MALE** এর কোড কী হবে? **[CU: D-Unit: 21-22: Set-2]**

A. ELAM B. NBMF C. LZKD D. AMEL

**Ans. B ব্যাখ্যা**

| | |
|---|---|
| S = T | M = N |
| T = U | O = P |
| A = B | O = P |
| R = S | N = O |

অর্থাৎ পরবর্তী **Alphabet** টি বসানো হচ্ছে।

তাহলে, **M = N**
**A = B**
**L = M**
**E = F**

∴ সঠিক উত্তর **NBMF**

**16. If arrangement of 12593 is to 35291 and 29684 is to 46982, therefore 72936 is to- [JU: B Unit: 20-21: Set-A]**

A. 72936 B. 69237 C. 23769 D. 37692

**Ans. B ব্যাখ্যা** প্রশ্নে ডিজিটগুলোকে আগে পরে করে নতুন ডিজিট লিখেছে। যেমন: **1, 2, 5, 9, 3 = 3, 5, 2, 9, 1**
অর্থাৎ, ১ম ডিজিট ৫ম স্থানে, ২য় ডিজিট ৩য় স্থানে, ৩য় ডিজিট দ্বিতীয় স্থানে, ৪র্থ ডিজিট ৪র্থ স্থানে এবং ৫ম ডিজিট প্রথম স্থানে বসিয়ে নতুন অঙ্ক তৈরি করেছে। এভাবে যদি আমরা **7 2 9 3 6** কে করি তাহলে সঠিক উত্তর হয় **72936 = 69237** ; সুতরাং সঠিক উত্তর অপশন **B.**

**17. If you rearrange the letters "CARACTTIN" you have the name of a: [JU: B Unit: 20-21: Set-D]**

A. Animal B. Ocean C. City D. Country

**Ans. B ব্যাখ্যা** **CARACTTIN = ANTARCTICA** হয়; যা একটি মহাসাগর। এই মহাসাগরের আরেক নাম হলো দক্ষিণ মহাসাগর।

**18. Which two letters come next to the arrangement of the letters A Z B Y D W G T? [JU: B Unit: 20-21: Set-E]**

A. K P B. C L C. E F D. M O

**Ans. A ব্যাখ্যা** এই ধরনের প্রশ্নের সঠিক উত্তর দিতে হলে আমাদের **A** থেকে **Z** পর্যন্ত শুরু থেকে এবং শেষ দিক থেকে বা উল্টো দিক থেকে মুখস্থ থাকতে হবে। যেমন- এখানে প্রথমে বসেছে **A** ও পরে **Z;** তারপর **B** বসেছে ও পরে **Y;** তারপর শুরু তেকে **C** ও শেষ থেকে **X** না বসিয়ে আমাদের কনফিউজড করার চেষ্টা করেছে কিন্তু ধারাবাহিকতা ঠিকই বজায় রেখেছে। যেমন- ১ম দিক থেকে **D** বসেছে ও শেষ দিক থেকে উল্টো ৪নং **Letter 'W'** বসেছে। আবার, ১ম দিক

থেকে ৭ম বর্ণ 'G' বসেছে এবং তেমনিভাবে শেষ দিক থেকেও ৭ম বর্ণ 'T' বসেছে। এখন যদি আমরা অপশন গুলোর দিকে মনোযোগ দিয়ে লক্ষ্য করি তাহলে দেখবো যে, অপশন A ছাড়া বাকিগুলো ভুল, কেননা এখানে শুরু থেকে ১১নং Letter 'K' এবং উল্টো দিক থেকেও ১১নং Letter 'P' বসেছে যা বাকি অপশনগুলোকে অনুসরণ করেনি। তাই সঠিক উত্তর অপশন A.

19. যদি ইংরেজি বর্ণমালাকে উল্টোদিক থেকে লেখা হয়, তাহলে বামদিক থেকে ১২ তম অক্ষরের ডানদিকের ৭ম অক্ষরটি কি হবে? [JU: B Unit: 20-21: Set-E]

A. F B. W C. H D. V

Ans. D ব্যাখ্যা

A B C D E F G H I J K L M N O P Q R S T U V W X Y Z

(O = ১২, U = ৭ম)

প্রশ্নানুযায়ী ইংরেজি বর্ণমালার উল্টোদিক থেকে অর্থাৎ Z থেকে গণনা করলে 'O' হয় ১২ তম বর্ণ। আর 'O' থেকে আবার ডানদিকে ৭ম বর্ণ গণনা করে গেলে হয় 'V'। তাই সঠিক উত্তর D.

20. শূন্যস্থানে কি হবে? JE, LH, OL, SQ, ____. [JU: B Unit: 20-21: Set-G]

A. WV B. XY C. VW D. XW

Ans. A ব্যাখ্যা এখানে ইংরেজি বর্ণ দিয়ে সিরিজ বা ধারার অঙ্ক করা হয়েছে। এই আই.কিউ প্রশ্নটি খুবই এডভান্স লেভেলের। তাই ব্যাখ্যাটা মনোযোগ দিয়ে ৩/৪ বার পড়ো। তা না হলে পরিস্কার ভাবে বুঝতে পারবে না। লক্ষ্য করো, এখানে, Letter দিয়ে যে পার্থক্য করা হয়েছে এর ধারাবাহিকতা যথাক্রমে ৫, ৪, ৩, ২, ১। কিন্তু এখানেই আমাদের ভুলটা হয়ে যেতে পারে, যদি Trick টা ধরতে না পারি। লক্ষ্য করো, প্রশ্নে ধারাবাহিক পার্থক্য ৫, ৪, ৩, ২, ১; আর তা করতে Letter গুলোর প্রথমটি বসেছে ইংরেজি বর্ণমালার শেষের দিকেরটা এবং পরে বসেছে আগেরটা। যেমন- প্রথমে J, পরে E। তাই উত্তর হিসেবে সঠিক হবে অপশন A. সাবধান অপশন C. নয়। কেননা. WV এর পার্থক্য হলো ১ এবং 'W' হলো 'V'এর পরের বর্ণ; কিন্তু প্রশ্নানুযায়ী পরেরটাই আগে বসবে। তাই সঠিক উত্তর হবে A.

21. If MADRAS is NBESBT; the LAHORE will be ____? [JU: B Unit: 20-21: Set-G]

A. NCJQTG B. MBUPSF C. NBIQSF D. MBIPSF

Ans. D ব্যাখ্যা MADRAS = N B E S B T এখানে একঘর পরের অক্ষর বিপরীত পাশে বসেছে অর্থাৎ M এর পর N, A এর পর B..........এভাবে S এর পর T বিপরীত পাশে বসেছে। সে হিসেবে LAHORE = M B I P S F হবে সঠিক উত্তর।

22. CREATURE শব্দটির বর্ণগুলো ব্যবহার করে কোন শব্দটি গঠন করা যায়? [JU: F Unit: 20-21: Set-E]

A. CREAME B. REAL C. MATURE D. TRUE

Ans. D ব্যাখ্যা অপশন A (CREAME) এ 'M' আছে যেটা প্রশ্নে উল্লেখিত শব্দ 'CREATURE' এ নেই। তাই অপশন A বাদ। অপশন B এ L আছে যা প্রশ্নে উল্লেখিত শব্দে নেই। অপশন C তে M আছে যেটা প্রশ্নে উল্লেখিত শব্দ 'CREATURE' এ নেই। কিন্তু অপশন D এর শব্দ 'TRUE' এর প্রত্যেকটি বর্ণই প্রশ্নে উল্লেখিত শব্দ 'CREATURE' এ আছে।

23. যদি DHAKA এর কোড হয় EIBLB তাহলে SYLHET এর কোড কোনটি? [CU: D Unit: 20-21: Day-1; shift-1]

A. TZMIFU B. MZIITU C. ITTUZM D. TMIUFZ

Ans. A ব্যাখ্যা DHAKA = EIBLB অর্থাৎ, প্রতি অক্ষরের পরের অক্ষরটি বসেছে। D এর পর E, H এর পর I, A এর পর B এভাবে SYLHET = TZMIFU.

**24.** যদি **STAR** এর কোড **TUBS** এবং **MOON** এর কোড **NITO** হয়, তাহলে **MALE** এর কোড কী হবে? [CU: D: 20-21; Day-2; Shift-1]

A. FMBN B. NBMF C. IZED D. AMEL

Ans. **B** ব্যাখ্যা **STAR = TUBS, MOON = NITO.** ১ অক্ষর করে সামনে গিয়েছে। **STAR = TUBS** এ **S** এর ১ ঘর পর **T, T** এর এক ঘর পরে **U, A** এর এক ঘর পর **B, R** এর এক ঘর পর **S.** তেমনি, **MOON = NITO** এবং **MALE = NBMF.**

**25.** **d:a::h?** [CU: D Unit: 20-21: Day-2; shift-1]

A. g B. f C. e D. i

Ans. **C** ব্যাখ্যা এখানে, ইংরেজি বর্ণের ধারাকে উল্টোভাবে **4** ঘর পার্থক্য করে বসানো হয়েছে। যেমন- **'D'** থেকে **'A'** এর পার্থক্য **4**।
তাহলে, **'H'** থেকে **4** ঘর পার্থক্যের **Letter** টি হলো **'E'**।

**26.** যদি **BROCCOLI** এর কোড **ILOCCORB** এবং **SPINACH** এর কোড **HCANIPS** হয়, তাহলে **RADAR** এর কোড কী? [CU: D Unit: 20-21: Day-2; set-1]

A. SBEBS B. RADAR C. QZCZQ D. ARDRA

Ans. **B** ব্যাখ্যা **BROCCOLI = ILOCCORB;** আবার, **SPINACH = HCANIPS;** এখানে, শব্দগুলোকে উল্টিয়ে লেখা হয়েছে। সেই হিসেবে **RADAR** কে উল্টিয়ে লিখলে **'RADAR'** -ই হবে।

**27.** **ARBITRATION** শব্দটির বর্ণগুলো ব্যবহার করে নিচের কোন শব্দটি গঠন করা যায়? [CU: D Unit: 20-21: Day-2; set-1]

A. NOTE B. IODIN C. BRITAIN D. RELATION

Ans. **C** ব্যাখ্যা **ARB ITR A T I O N = BRITAIN** শব্দটি গঠন করা যায়। অপশনে থাকা বাকি শব্দগুলো বানানো যায় না।
কেননা, অপশন **A.** তে **E** বেশি; অপশন **B.** তে **D** বেশি এবং অপশন **D.** তে **L** বর্ণটি বেশি আছে। তাই সঠিক উত্তর অপশন **C.**

**28.** যদি **STUDENT** এর সংকেত হয় **5894638** এবং **TEACHER** এর সংকেত হয় **8627160**, তাহলে **ERNEST** এর সংকেত কী হবে? [CU: D Unit: 20-21: Day-2; set-1]

A. 365806 B. 603658 C. 856360 D. 806365

Ans. **B** ব্যাখ্যা দেওয়া আছে,

**STUDENT = 5894638**
**TEACHER = 8627160**

তাহলে, মান বসিয়ে পাই, **ERNEST = 603658.** সুতরাং, সঠিক উত্তর অপশন **B.**

**29.** $B_2P_3, R_4Q_5, H_6R_7, K_8S_9$,——? (জা.বি: Unit-D; Set-S; 19-20)

A. $N_{12}T_{13}$ B. $N_{10}T_{11}$ C. $M_{12}U_{13}$ D. $M_{10}U_{11}$

Ans. **B** ব্যাখ্যা এখানে প্রথমে **B** এর পরে দুটি **Letter** বাদ দিয়ে জোড় সংখ্যা রাখা এবং *P* এর দিক হতে প্রতিটি বর্ণ বিজোড় করে লেখা তাই $K_8$ এর পরে **LM** বাদে $N_{10}$ ও $S_9$ এর $T_{11}$ অর্থাৎ $N_{10}T_{11}$.

**30.** **A G M S** এর পরবর্তীঅক্ষরটি কী? (চ.বি: Unit-D; Set-3; 19-20)

A. W B. S C. Y D. P

**Ans. C ব্যাখ্যা** প্রতিবার ৫টি করে Letter escape তাই S এর পর ৫টি বর্ণ বাদ দিলে, Y হয়।

**31. Three of the following four are alike on the basis of their position inEnglish alphabet. Which is the one that does not belong to the group?** (জাবি: ২০১৮-১৯, ইউনিট: G (IBA), সেট: A)

A. WZT B. KNH C. RUQ D. DGA

**Ans. C ব্যাখ্যা** অপশন (A), (B), (D) তে ১ম অক্ষর এর দুই ঘর পরের ও আগের অক্ষর নেওয়া হয়েছে। কিন্তু (C) তে দুই ঘর পরের ও এক ঘর আগের অক্ষর নেওয়া হয়েছে। স্পষ্ট করে বুঝায় সুবিধার্থে। A, B, C, (D), E, F, G, H, I, J, (K), L, M, N, O, P, Q, (R), S, T, U, V, (W), X, Y, Z

**32. If YCVGT means WATER, then what does HKTG mean?** (জাবি: ২০১৮-১৯, ইউনিট: C, সেট: A)

A. GJSF B. JMVI C. FIRE D. AIRE

**Ans. C ব্যাখ্যা**




**33. If A stands for 3, B for 4, C for 5 and so on, then what word of 5 letters the following figures stand for?** (জাবি: ১৮-১৯, ইউনিট: C, সেট: B)

11, 21, 14, 3, 15

A. Salat B. Islam C. Irish D. None

**Ans. B ব্যাখ্যা** A = 3, B = 4, C = 5 এভাবে চলতে থাকবে।

তাহলে, 11 = I, 21 = S, 14 = L, 3 = A, 15 = M ∴ Islam

**34. If 1394 = ACID then 4516 =?** (জাবি: ২০১৮-১৯, ইউনিট: C, সেট: F)

A. DEAD B. DEAL C. DEAN D. DEAF

**Ans. D ব্যাখ্যা** 1394 = ACID অর্থাৎ প্রতিটি অক্ষরে ক্রমানুসারে সাজানো, 4 = D, 5 = F, 1 = A, 6 = F ∴ 4516 = DEAF

**35. BEEF =2556 হলে EGG =?** (কবি নজরুল বি: ২০১৮-১৯, ইউনিট: D, সেট: ১)

A. 177 B. 566 C. 977 D. 577

**Ans. D ব্যাখ্যা** BEEF = 2556 হলে, EGG = 577 অর্থাৎ ইংরেজি বর্ণমালার ক্রম অনুসারে সাজানো হয়েছে।

**36. TRAIN = 98726 হয় তবে TARIN = কত হবে?** (কবি নজরুল বি: ২০১৮-১৯, ইউনিট: c, সেট: ২)

A. 97862 B. 97826 C. 97682 D. 69782

**Ans. B ব্যাখ্যা**



**37. যদি PUSH এর কোড 1234 এবং ROUGH এর কোড 65274 হয় তবে SOUP এর কোড হবে?** (চবি: ২০১৮-১৯, ইউনিট: D, সেট: ৩; বিকাল)

A. 3521 B. 1253 C. 5312 D. 1352

Ans. A ব্যাখ্যা PUSH = 1234 ROUGH = 65274

SOUP = 3521

**38. APPLE এর কোড 25563 এবং RUNG এর কোড 7148 হলে PURPLE এর কোড হবে-** (চবি: ২০১৮-১৯, ইউনিট: D, সেট: ৩; সকাল)

A. 176351 B. 763512 C. 173652 D. 517563

Ans. D ব্যাখ্যা APPLE = 25563 RUNG = 7148

PURPLE = 517563

**39. If letters CAD stand for 314, BAD Stands for what number?** (COU: 2016-17)

A. 318 B. 316 C. 214 D. 212

Ans. C ব্যাখ্যা CAD = 314 BAD = 214

**40. 'Good' যদি 'Bad' হয় তবে 'White' কি? ['Good' is to 'bad' as 'white' is to-** [কুবি: 2013-10]

A. dark B. black C. grey D. ebony

Ans. B ব্যাখ্যা Good = Bad, White = black

**41. যদি "BIRTHDAY" কে ২৬৭৪৫০৮১ দিয়ে প্রকাশ করা যায়, তবে 'BAD' কে কোন সংখ্যাদ্বারা প্রকাশ করা যাবে?** [জবি: ২০১১-১২]

A. 280 B. 208 C. 852 D. 242

Ans. A ব্যাখ্যা BIRTHDAY = 2674 5081

BAD = 280

**42. যদি 'BANGLADESH'-কে ২০৫১৬০৯৩৭ দ্বারা প্রকাশ করা যায়, তবে 'BENGAL'-কে কত দ্বারা প্রকাশ করা যায়?** [জবি: ১২-১৩]

A. 210653 B. 274610 C. 235106 D. 260154

**Ans. C ব্যাখ্যা** BANGLADESH = 2051609387

BENGAL = 235106

**43. Three of the following four are alike in respect to their position in the English alphabet and hence form a group. Which one does not belong to that group?** (জাবি: ২০১৮-১৯, ইউনিট: G (IBA), সেট: C)

A. CFI B. UXA C. RUX D. SVZ

**Ans. B ব্যাখ্যা** অপশন A. C F I → D,E G,H B. U X A → D,E G,H

C. R U X → S,T V,W D. S V Z → T,U W,X

এখানে বর্ণের ক্রমানুসারে ২টি পরপর সাজানো হয়েছে।

**4. Find out the sixth consonant in reverse order - from the word 'EIECTRIFICATION'** (জাবি: ২০১৮-১৯, ইউনিট: B, সেট: J, শিফট: ২)

A. L C. C C. T D. R

**Ans. C ব্যাখ্যা** EIECT RIFICATION

T → ৬ষ্ঠ

## টপিক- ০২ রক্তের সম্পর্ক নির্ণয় (Blood Relation)




| Relation | Commonly Used Terms |
|---|---|
| Grandfather's or Grandmother's only son | Father |
| Grandfather's or Grandmother's only daughter-in-law | Mother |
| Father's father or Mother's | Grandfather |
| Father's Mother or Mother's | Grandmother |
| Father's brother or Mother's | Uncle |
| Father's sister or Mother's | Aunt |
| Son's wife | Daughter-in-law |
| Daughter's husband | Son-in-law |
| Husband's or wife's sister | Sister-in-law |
| Husband's or wife's brother | Brother-in-law |
| Brother's wife | Sister-in-law |
| Brother's or sister's son | Nephew |
| Brother's or sister's daughter | Niece |
| Uncle's or aunt's son or daughter | Cousin |
| Sister's husband | Brother-in-law |
| Brother's wife | Sister-in-law |
| Grand son's or grand daughter's daughter | Grand Grand Daughter |
| Grand son's or grand daughter's son | Great Grand Son |

রক্তের সম্পর্কের বিষয় মানসিক দক্ষতার একটি গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে বিবেচিত। আর এই অংশে ভালো করার জন্যে নিজের পারিবারিক সম্পর্ক সম্বন্ধে ধারণা স্পষ্ট থাকলে খুব সহজেই সমাধান বের করা যাবে।

| PATERNAL SIDE RELATIONSHIPS | |
|---|---|
| Father's Father | Grandfather |
| Father's Mother | Grandmother |
| Father's Sister | Aunt |
| Father's Brother | Uncle |
| Children of Uncle | Cousin |
| Children of Aunt | Cousin |
| Wife of Uncle | Aunt |
| Husband of Aunt | Uncle |

রক্তের সম্পর্ক নির্ণয়ের ক্ষেত্রে যে কোন ব্যক্তির প্রজন্ম ধরে ছক একে নিলে সম্পর্ক নির্ণয় করা সহজ হবে।এক্ষেত্রে আপনার নিজের পরিবারটিকেই কল্পনা করুন।

প্রজন্ম ১ ঃ আপনার দাদা-দাদী।

প্রজন্ম ২ ঃ আপনার মা-বাবা-কাকা-কাকী-ফুফু-শ্বশুর-শ্বাশুড়ি।

প্রজন্ম ৩ ঃ আপনার ভাই -বোন-স্বামী অথবা স্ত্রী।

প্রজন্ম ৪ ঃ আপনার ছেলে-মেয়ে-ভাইপো-ভাগ্নে-ভাগ্নী।

প্রজন্ম ৫ ঃ আপনার নাতি-নাতনি।

০১. 'ক' 'খ' এর পুত্র। 'খ' এবং 'গ' পরস্পর বোন। 'ঘ' হচ্ছে 'গ' এর মা, 'চ' 'ঘ' এর পুত্র। 'চ'- এর সঙ্গে 'ক' এর সম্পর্ক কি?

ক. ক এর চাচা চ　খ. চ এর নানা ক　গ. ক এর খালু চ　ঘ. ক এর মামা চ

Ans. ঘ সমাধান ব্যাখ্যা ঘ এর পুত্র চ। খ ও গ হলো ঘ এর কন্যা এবং ক হলো খ এর পুত্র। তাই সঠিক উত্তর ঘ, কারণ- ক- এর নানী এবং নানীর পুত্র স্বভাবতই মামা।

০২. আপনার চাচার একমাত্র বড় ভাইয়ের মেয়ের ছোট ভাই আপনার সম্পর্কে কি হয়?

ক. ভাগ্নে　খ. ভাতিজা　গ. ভাই　ঘ. মামা

Ans. গ সমাধান ব্যাখ্যা আপনার চাচার একমাত্র বড় ভাই হচ্ছে আপনার বাবা। অর্থাৎ তার মেয়ের ছোট ভাই আপনার ভাই হয়।

০৩. **P is the mother of K; K is the sister of D; D is the father of J. How is P related to J?**

A. Aunt　B. Mother

C. Grandmother　D. Data inadequate

Ans. C সমাধান ব্যাখ্যা দেওয়া আছে **P is the mother of K; K is the sister of D; D is the father of J.** তাহলে **J is the nephew or niece of K and P is the grandmother of J.**

০৪. আপনার কাকার একমাত্র বড় ভাইয়ের মেয়ের ছোট ভাই আপনার.....

ক. ভাগ্নে　খ. চাচা　গ. ভাই　ঘ. মামা

Ans. গ সমাধান ব্যাখ্যা আমার কাকার একমাত্র বড় ভাই অর্থাৎ আমার বাবা (বাবারা দুই ভাই)। আমার বাবার মেয়ে হলো আমার বোন। অতএব আমার বোনের ছোট ভাই আমার ভাই।

০৫. আমার মা তোমার ভাইয়ের বোন। তোমার সাথে আমার সম্পর্ক কি?

ক. কাকা　খ. মামা　গ. আত্মীয় ভাই　ঘ. মায়ের দেওর

Ans. খ সমাধান ব্যাখ্যা আমার মা হলেন তোমার ভাইয়ের বোন, সুতরাং তুমি হবে আমার মার ভাই। সুতরাং তুমি হবে আমার মামা।

০৬. একটি পুরুষ মানুষকে দেখিয়ে একজন স্ত্রীলোক বললেন, "ওঁর (পুরুষের) মা হয় আমার শাশুড়ির একমাত্র পুত্রবধু।" স্ত্রীলোকটির সহিত পুরুষ মানুষটির কি সম্পর্ক?

ক. স্বামী　খ. পুত্র　গ. ভাই　ঘ. স্বামীর ভাইরা

Ans. খ ব্যাখ্যা আমার শাশুড়ির একমাত্র পুত্রবধূ অর্থাৎ আমি নিজেই। অর্থাৎ ওর মা হল আমি নিজেই। অর্থ মানুষটি হল মহিলাটির পুত্র।

০৭. ৫ জন লোক ট্রেন ভ্রমণে যাইতেছিল তাহারা হলো যথাক্রমে A, B, C, D এবং E। A এর মেয়ে হলো C যিনি E এর স্ত্রী। D হলো A এর ভাই এবং B হলো A এর স্বামী। B এর সঙ্গে E এর সম্পর্ক কি?

A. Brother B. father C. Uncle D. Father is Law

Ans. D ব্যাখ্যা C (মেয়ে) এর মা A এবং E এর স্ত্রী। D হলো A এর ভাই এবং C এর মামা। B হলো A এর স্বামী এবং C এর বাবা। B, C এর বাবা এবং E এর শ্বশুর।

০৮. M হল N-এর ভাই আবার N হল P এর বাবা M তাহলে P কে কি বলে ডাকবে?

ক. কাকা খ. ভাই গ. ভাইপো, ভাগনে ঘ. বাবা

Ans. গ ব্যাখ্যা এখানে MN দুই ভাই। N এর ছেলে P. M তাহলে P কে ভাইপো বলে ডাকবে।

০৯. রোহানের দুই স্ত্রী। লক্ষ্মী ও মীনা। সালিনী হল মীনার সতীনের মেয়ে। সালিনী লক্ষ্মীকে কি বলে ডাকবে?

ক. বোন খ. শ্বাশুড়ী গ. মা ঘ. পালিত মা

Ans. গ ব্যাখ্যা সালিনী হল মীনার সৎকন্যা। অর্থাৎ সালিনী লক্ষ্মীকে "মা" বলে ডাকবে।

১০. এক ব্যক্তিকে দেখিয়ে এক ভদ্রমহিলা বললেন, "তার ভাইয়ের বাবা আমার দাদার একমাত্র ছেলে।" ওই মহিলাটির লোকটির সাথে কি সম্পর্ক?

ক. মা খ.কাকী গ. বোন ঘ. কন্যা

Ans. গ ব্যাখ্যা লোকটির ভাইয়ের বাবা অর্থাৎ লোকটির বাবা। আবার মহিলাটির দাদার একমাত্র ছেলে অর্থাৎ মহিলাটির বাবা। সুতরাং লোকটির বাবা ও ভদ্রমহিলার বাবা একই ব্যক্তি। অর্থাৎ মহিলাটি লোকটির বোন।

১১. একজন পুরুষের পরিচয় করিয়ে দেবার সময় একজন ভদ্রমহিলা বললেন, পুরুষের পিতা, হলেন আমার শ্বশুর। পুরুষটির সঙ্গে মহিলাটির সম্পর্ক কী?

ক. স্বামী খ. জামাই গ. পুত্র ঘ. পিতা

Ans. ক ব্যাখ্যা যেহেতু একজন পুরুষের শ্বশুরের বাবা হল একজন মহিলার শ্বশুর, সুতরাং ঐ পুরুষের শ্বশুর হল ঐ মহিলার স্বামী এবং ঐ পুরুষটি হল ঐ মহিলার স্বামী ।

১২. একজন পুরুষকে খোঁচা দিয়ে একজন পুরুষ অপর এক মহিলাকে বললো, "তার মা হল তোমার বাবার একমাত্র কন্যা।" মহিলার সঙ্গে ঐ পুরুষটির সম্পর্ক কি?

ক. বোন খ. মা গ. স্ত্রী ঘ. কন্যা

Ans. খ ব্যাখ্যা ভদ্রমহিলা নিজেই ঐ ভদ্রলোকের পিতার একমাত্র কন্যা সুতরাং ভদ্রমাহিলা হলেন ঐ ব্যক্তির মা।

১৩. 'P + K' অর্থাৎ P হল K এর বোন। P × K মানে P হল K এর ভাই এবং 'P –K' অর্থাৎ P হল K এর বাবা। নিম্নলিখিত কোনটির অর্থ হল A, B এর ফুফু?

ক. A + P + B খ. A –P + A গ. A – P + B ঘ. A + P – B

Ans. ঘ ব্যাখ্যা A + P – B মানে A হল P এর বোন এবং P হল B এর বাবা। সুতরাং A হল B এর ফুফু।

১৪. এক ব্যক্তিকে উল্লেখ করে ছবিতে অঞ্জলি বলল, "সে হল আমার বোনের ভাইয়ের বাবার একমাত্র ছেলে।" তাহলে ঐ ব্যক্তি অঞ্জলির সাথে কী সম্পর্কিত?

ক. মা খ. বাবা গ. চাচাতো ভাই ঘ. কোনটিই নয়

Ans. ঘ ব্যাখ্যা অঞ্জলির বোনের ভাই অর্থাৎ অঞ্জলির ভাই। অঞ্জলির ভাইয়ের বাবা অর্থাৎ অঞ্জলির বাবা আবার বাবার একমাত্র ছেলে হল অঞ্জলির ভাই। সুতরাং ছবিটির লোকটি অঞ্জলির ভাই হবে।

## বিগত বছরের প্রশ্নাবলি

01. ক, খ এর বোন। গ, খ এর মা। ঘ, গ এর বাবা। ঙ, ঘ এর মা। ক, ঘ এর-? [JU:D-Unit: 22-23: Set-T]

A. দাদা B. দাদি C. নাতনী D. নাতি

Ans. C ব্যাখ্যা মনে করো, ক ও খ হলে তোমরা দুই বোন। তাহলে, গ হলো তোমার এবং তোমার বোন 'খ' এর মা। আর ঘ হলো তোমার নানা। যেহেতু 'গ' তোমার মা আর ঙ হলো তোমার নানার মা; তাহলে 'ক' তুমি হলে ঘ তোমার নানা। অর্থাৎ তুমি হলো 'ঘ' এর নাতনী।

02. ক, খ এর পুত্র। খ এবং গ পরস্পর বোনি। ঘ হচ্ছে গ এর মা। চ, ঘ এর পুত্র। চ এর সঙ্গে ক এর সম্পর্ক কি? [JU: D-Unit: 22-23: Set-M]

A. ক, চ এর ভাই B. চ, ক এর ভাগ্নে C. ক, চ এর বাবা D. চ, ক এর মামা

Ans. D ব্যাখ্যা মনে করো, ক হলে তুমি। আর খ হল তোমার মা। আর গ হলো তোমার মায়ের বোন। আর ঘ হচ্ছে তোমার নানী ; মানে তোমার মায়ের মা। আর চ হলো তোমার মামা। তাহলে ক ও চ এর সম্পর্ক হলো মামা-ভাগ্নী।

**03. There are six persons A, B, C, D, E and F. C is the sister of F. B is the brother of E, s husband. D is the father of A and grandfather of F. There are two fathers, three brothers and a mother in the group. How is F related to E?** [JU: IBA Unit: 22-23: Set-I]

A. Uncle B. Son C. Husband D. Daughter

Ans. B ব্যাখ্যা প্রশ্নমতে, F এর বোন হল C. E (বউ) এর স্বামীর ভাই হলো B. A এর বাবা হলো D. এবং D হলো F এর দাদা। তাহলে, 2 জন পিতা হলো (D,A); 3 জন ভাই হলো (A,B,F). সুতরাং F, E এর ছেলে।

04. যদি ক, খ এর ভাই হয়; খ, গ এর বোন হয় এবং গ, ঘ এর বাবা হয়; তবে ঘ ক এর সাথে কিভাবে সম্পর্কযুক্ত? [JU: B-Unit: 21-22]

A. ভাই B. ভাগ্নে C. বোন D. কোনোটিই নয়

Ans. D ব্যাখ্যা এই ধরনের প্রশ্নের উত্তরের ক্ষেত্রে, নিজেকে কল্পনা করলে খুবই দ্রুত উত্তর বের করা যায়। মনে করো, 'ক' মানে তুমি এবং 'খ' হলো তোমার বোন। আর 'গ' হলো তোমার অন্য আরেক ভাই। আর 'ঘ' হলো 'গ' এর ছেলে। তাহলে, তোমার ভাইয়ের ছেলে বা মেয়ে হলো 'ক' (তোমার) ভাতিজা/ভাতিজি।

05. A, B এর পুত্র। C, D এর কন্যা। D, B এর কন্যা। C, A এর কী? [CU: D-Unit: 21-22: Set-2]

A. পুত্র B. পিতা C. ভাগ্নি D. দাদী

Ans. C ব্যাখ্যা মনে করো, A মানে হলো তোমার মামা; B মানে হলো তোমার নানী। C মানে হলো তুমি এবং D মানে হলো তোমার মা। তাহলে, C এর সাথে A এর মামা-ভাগ্নির সম্পর্ক।

06. A হয় B এর চাচা, C হয় A এর পুত্র, D হয় A এর কন্যা। D এবং B এর মধ্যে সম্পর্ক কি? [JU: B Unit: 20-21: Set-A]

A. চাচাতো ভাই  B. মামাতো ভাই  C. ফুফাতো ভাই  D. খালাতো ভাই

Ans. A ব্যাখ্যা এ ধরনের প্রশ্নে একটা ট্রিক শিখে রাখো, তাহলে সঠিক উত্তর দেওয়া একদম পানির মতো হবে। প্রশ্নের A, B, C, D কে নিজের পরিবারের নামের সাথে কল্পনা করে চট করেই উত্তর মিলাতে পারবে। চলো করে ফেলি। মনে করো, A হলো তোমার চাচা, B হলো তুমি নিজে। আর C হলো তোমার চাচার ছেলে; আর D হলো তোমার চাচার মেয়ে। তাহলে বুঝাই যাচ্ছে, B (তুমি) হলে D (চাচার মেয়ে) এর চাচাতো ভাই অথবা বোন।

07. M হয় N এর ভাই, P হয় N এর পুত্র, C হয় M এর কন্যা। C ও D সহোদর। P এবং D এর মধ্যে সম্পর্ক কি? [JU: B Unit: 20-21: Set-D]

A. চাচাতো-ভাইবোন  B. মামা-ভাগ্নি  C. ফুফু-ভাতিজা  D. পিতা-কন্যা

Ans. A ব্যাখ্যা M হলো N এর ভাই, P হলো N এর পুত্র; আবার, C হলো M এর কন্যা। এদিকে C ও D পরস্পর ভাই। তাহলে, P ও D পরস্পর চাচাতো ভাই বোন।

08. A হয় B এর পুত্র। B ও C সহোদর। D হয় C এর মাতা। E হয় D এর কন্যা। E এবং A এর মধ্যে সম্পর্ক কি? [JU: B Unit: 20-21: Set-E]

A. ফুফু  B. খালা  C. নানী  D. দাদী

Ans. A ব্যাখ্যা এই ধরনের প্রশ্নে একটা ট্রিক শিখে রাখো, তাহলে উত্তর বের করা খুবই সহজ লাগবে। প্রশ্নের A, B, C, D কে নিজের পরিবারের সদস্যদের সাথে কল্পনা করো। মনে করো, A হলে তুমি; B হলো তোমার বাবা, C হলো তোমার চাচা, D হলো তোমার দাদু এবং E হলো তোমার ফুফু। তাহলে, সেই হিসেবে E হলো A এর ফুফু।

09. A হয় C এর বাবা। D হয় B এর ছেলে। E হয় A এর ভাই। C হয় D এর বোন। E এবং D এর মধ্যে সম্পর্ক কি? [JU: B Unit: 20-21: Set-G]

A. ভাই-বোন  B. চাচা-ভাতিজা  C. মামা-ভাগ্নি  D. নানা-নাতি

Ans. B ব্যাখ্যা মনে করো, A হলো তোমার চাচা। B হলো তোমার বাবা। D হলো তোমার বোন। আর D হলো তুমি নিজে। আর E হলো তোমার বাবার ভাই। তাহলে, E এবং D এর মধ্যে চাচা ভাতিজার সম্পর্ক বিদ্যমান।

10. 'ক' এর ছেলে 'খ' এর সাথে বিয়ে হয়েছে 'গ' এর, যার বোন 'ঘ' এর বিয়ে হয়েছে 'ঙ' এর সাথে যিনি 'খ' এর ভাই। 'ঘ' এর সাথে 'ক' এর সম্পর্ক কি? [JU: D Unit: Set-F; 20-21]

A. বোন  B. পুত্রবধূ  C. শ্যালিকা  D. চাচাতো বোন

Ans. B ব্যাখ্যা (ক) এর ছেলে (খ) → (খ) এর বউ (গ) → (গ) এর বোন (ঘ) → (ঘ) এর বর (ঙ) → ঙ এর ভাই খ। ∴ ঘ হলো ক এর পুত্রবধূ।

11. 'ক', 'খ' এর পিতা। 'গ', 'ক' এর চাচা। 'গ' এর কোন ভাইবোন না থাকলে 'খ', 'গ' এর কি হয়? [JU: D Unit: Set-M; 20-21]

A. নাতি  B. দাদী  C. বোন  D. চাচী

Ans. A ব্যাখ্যা 'খ' এর পিতা 'ক'। ক এর চাচা 'গ'। ∴ 'খ', 'গ' এর নাতি।

12. 'ক' 'খ' এর পুত্র। 'খ' এবং 'গ' পরস্পর বোন। 'ঘ' হচ্ছে 'গ' এর মামা। 'চ' এর সঙ্গে 'ক' এর সম্পর্ক কি? [JU: D Unit: Set-C; 20-21]

A. 'ক' এর মামা 'চ'  B. 'ক' 'চ' এর ভাই  C. 'চ' 'ক' এর ভাগ্নে  D. 'ক' 'চ' এর বাবা

Ans. A ব্যাখ্যা খ, গ, চ এর মা হচ্ছে ঘ। খ এবং চ পরস্পর ভাইবোন। তাই ক হবে চ এর ভাগ্নে।

13. একজন মহিলা একজন পুরুষের দিকে ইঙ্গিত করে বললেন, "তিনি আমার বাবার একমাত্র কন্যার স্বামী" মহিলাটি পুরুষটির কী হন? [CU: D: 20-21, Day-1, Shift-1]

A. স্ত্রী B. বোন C. মা D. খালা

Ans. A ব্যাখ্যা পুরুষটি মহিলার বাবার একমাত্র কন্যার স্বামী মানে এই মহিলাটির স্বামী। অর্থাৎ মহিলাটি পুরুষটির স্ত্রী।

14. A হলো B এর ভাই, C হলো D এর পিতা এবং B হলো D এর পুত্র। A তাহলে C এর কী হন? [CU: D: 20-21, Day-2, Shift-1]

A. পুত্র B. পিতা C. নাতি D. দাদা

Ans. C ব্যাখ্যা B এর ভাই A, D এর পিতা C, D এর পুত্র B । ∴ A হলো C এর নাতি।

15. A হলো B এর বোন, C হলো B এর মাতা, D হলো C এর পিতা এবং E হলো D এর মাতা। A কীভাবে D এর সাথে সম্পর্কিত? [CU: D: 20-21, Day-1, Set-1]

A. কন্যা B. পিতামহ C. মাতা D. নাতনী

Ans. D ব্যাখ্যা মনে করো, A হলো 'তুমি'; B হলো তোমার 'বোন', C হলো তোমার 'মা'। D হলো তোমার নানা এবং E হলো নানার মা বা তোমার 'বড় আম্মা'। তাহলে, A যেহেতু তুমি; আর D হলো তোমার নানা, সুতরাং সে হিসেবে তুমি হলে তোমার নানার নাতি/নাতনী. সুতরাং সঠিক উত্তর D।

16. একজন পুরুষ একজন মহিলার দিকে ইঙ্গিত করে বললেন, "তার বাবা আমার বাবার একমাত্র পুত্র। 'পুরুষটি মহিলাটির কী হন? [CU: D: 20-21, set-2, Shift-3]

A. ভাই B. পুত্র C. দাদা D. বাবা

Ans. D ব্যাখ্যা আসলে তাদের মধ্যে বাবা-মায়ের সম্পর্ক বিদ্যমান। কেননা তার বাবার একমাত্র পুত্র আসলে তিনি নিজেই। আর প্রশ্নের মহিলাটি হলো তার মেয়ে।

17. T হয় S এর ভাই, S হয় R এর মেয়ে P হয় S এর বোন, M হয় R এর বউ তবে এর M ও S মধ্যে কী সম্পর্ক? (জা.বি: Unit-B; Set-G; 19-20)

A. বাবা - মেয়ে B. মা-মেয়ে C. মা-ছেলে D.ভাই - বোন

Ans. B ব্যাখ্যা S এর ভাই T, R এর মেয়ে - S; P এর বোন - S; R এর বউ – M ∴যেহেতু R এর বউ M, আর R এর মেয়ে S যেহেতু S এর মা M.

18. D হয় B এর মেয়ে, C হয় A এর মা, E হয় A এর ভাই এবং C, D এর বোন তবে D ও E এর মধ্যে সম্পর্ক কী? (জা.বি: Unit-B; Set-H; 19-20)

A. নানি নাতনি B. মা-ছেলে C. খালা-ভাগ্নে D. ভাই-বোন

Ans. C ব্যাখ্যা B এর মেয়ে D, A এর মা C, A এর ভাই E, D এর বোন C যেহেতু E এর মা C এবং C এর বোন D যেহেতু D ও E এর মধ্যে সম্পর্ক খালা-ভাগ্নে।

19. A হয় C এর বাবা, D হয় B এর ছেলে, E হয় A এর ভাই এবং C হয় D এর বোন তবে E ও D এর মধ্যে সর্ম্পক কী? (জা.বি: Unit-B; Set-L; 19-20)

A. ভাই-বোন B. চাচা-ভাতিজা C. মামা-ভাগ্নী D. নানা-নাতি

Ans. B ব্যাখ্যা C এর বাবা A; B এর ছেলে D, A এর ভাই E, D এর বোন C, এখানে A ও C বাবা-সন্তান। তাই E ও C এর মধ্যে সম্পর্ক চাচা- ভাতিজা।

**20. Pointing to Surma in the photograph, Faria said, Her daughter' s father is son-in law of my mother." How is Faria related to Surma?** (জা.বি: Unit-F; Set-A; 19-20)

A. Mother B. Aunt
C. Sister D. Daughter in law

Ans. C ব্যাখ্যা Surma এর ছবি দিকে লক্ষ্য করে বললো তার কন্যার বাবা আমার মায়ের জামাই তাই Faria তার বোন হবে।

**21. A girl introduced a boy as the son of the daughter of the father of her uncle, The boy is the girl's-** (জা.বি: Unit-F; Set-G; 19-20)

A. Son B. Brother C. Brother-in law D. Cousin

Ans. D ব্যাখ্যা মেয়েটির চাচার বাবা অর্থাৎ মেয়েটির দাদা। দাদার মেয়ে অর্থাৎ মেয়েটির ফুফু। ফুফুর ছেলে অর্থাৎ মেয়েটির Cousin.

**22. রুনা আছিয়ার মেয়ে। রুনার দাদীর মেয়ের মেয়ের একজনই মামা আছে। আছিয়ার সাথে ঐ মামার সম্পর্কে কী?** (চ.বি: Unit-D; Set-3; 19-20)

A. স্বামী B. ফুফা C. কাকা D. পিতা

Ans. A ব্যাখ্যা রুনার দাদীর মেয়ে রুনার ফুপু আর ফুপুর মেয়ের একমাত্র মামা রুনার বাবা।

**23. X, Y এর ভাই, L, Y এর মেয়ে, V,X এর বোন, U, Z এর ভাই. U এর চাচা কে?** (JU: 2012-13, Unit: C, Set:3)

A. X B. Y C. V D. NONE

Ans. A ব্যাখ্যা




∴ U এর বোন Z, বাবা Y, ফুফু V, চাচা X.

**24. শ্বশুরের একমাত্র শ্যালিকার একমাত্র বোনের একমাত্র মেয়ে তোমার?** (JU: 2012-13, Unit:C, Set:3)

A. Sister B. Sister-in-law C. Wife D. Daughter

Ans. C ব্যাখ্যা শ্বশুরের একমাত্র শ্যালিকার একমাত্র বোন = তোমার শ্বাশুড়ি। শ্বাশুড়ির একমাত্র মেয়ে = তোমার বউ।

**25. C is the father of A and B. A claim to be C's son but B says, 'I am not hisson'. What is the B's relationship with C?** (CoU: 2015-16, Unit-C)

A. Daughter B. Son C. Mother D. Nephew

Ans. A ব্যাখ্যা A ও B এর বাবা C, অ স্বীকার করতেছে যে সে C এর পুত্র। কিন্তু B বলতেছে সে C এর পুত্র না, তাহলে সে অবশ্যই C এর মেয়ে।

**26. If P is the husband of Q and R is the mother of S and Q, how R is relatedto P?** (CoU: 2015-16)

A. Mother B. Aunt C. Sister D. Mother-in-law

**Ans. D** ব্যাখ্যা Q এর স্বামী P, R হলো S এবং Q এর মা। তারমানে হলো R, P এর শ্বাশুড়ি (Mother-in – law)

**27.** মৌসুমি তোমার বাবার মায়ের নাতির মেয়ে। সুতরাং মৌসুমি তোমার? (চবি ১৬-১৭, ইউনিট: D)

A. niece B. sister C. aunt D. sister-in-law

**Ans. A** ব্যাখ্যা মোসুমি তোমার বাবার মায়ের মানে তোমার দাদির নাতির মেয়ে মানে তোমার ভাইয়ের মেয়ে। সুতরাং মৌসুমী তোমার ভাইজি/ভাতিজি।

**28. A is B's sister; C is B's mother; D is C's father; E is D's mother. Then, how is A related to D? (A হলো B এর বোন। C হলো B এর মা। D হলো C এর বাবা। E হলো D এর মা তাহলে A এর সাথে D এর সম্পর্ক কি?)** (CoU: 2015-16, Unit-C)

A. Grandmother B. Grand daughter

C. Grandfather D. Daughter

**Ans. B** ব্যাখ্যা

B এর বোন A
↓
এর মা C
↓
এর বাবা D
↓
এর মা E

সুতরাং, A এর দাদা D, মানে A হলো D এর নাতনি (Grand daughter)

**29. A এর ছেলে B- এর সাথে বিয়ে হয়েছে C- এর, যার বোন D- এর বিয়ে হয়েছে E- এর সাথে, যে B- এর ভাই। D- এর সাথে A- এর সর্ম্পক কী?** (চ.বি: ২০১৭-১৮, ইউনিট-D)

A. বোন B. পুত্রবধূ C. শালিকা D. চাচাতো-বোন

**Ans. B** ব্যাখ্যা A এর ছেলে B; B এর wife C. C এর বোন D; D এর husband E; B এর ভাই E. অর্থাৎ B, E দুজনেই A এর পুত্র; যেহেতু D হলো E এর wife; সেহেতু D হলো A এর পুত্রবধূ।

## টপিক- ০৩ সম্পর্ক মূল্যায়ন (Evaluation of Relationships)



**০১. Which man is the tallest? When A is smaller than B.B is smaller than C.C is smaller than D. D is taller than E.**

A. A B. B C. C

D. D E. কোনটিই নয়

Ans. D ব্যাখ্যা যখন বলা হল 'D' হচ্ছে 'E' এর চেয়ে লম্বা, তখন সম্পূর্ণ স্পষ্ট হয়ে যায় যে, সবার মাঝে 'D' ই সবচেয়ে লম্বা।

০২. একজন মহিলা একজন পুরুষকে ইঙ্গিত করে বললেন, ঐ পুরুষের পিতা হলেন আমার শ্বশুর। পুরুষটির সাথে মহিলার সম্পর্ক কি?

ক. পিতা  খ. পুত্র  গ. জামাই  ঘ. স্বামী

Ans. ঘ ব্যাখ্যা পুরুষটি মহিলার স্বামী। কারণ স্বামীর পিতা স্ত্রীর সম্পর্কে শ্বশুর হয়।

০৩. এক বৃদ্ধ দম্পতি ও তাদের সাথে দুই দম্পতি প্রত্যেকে দুইজন করে সন্তানসহ আমার কক্ষে প্রবেশ করলেন। আমার কক্ষে মোট কতজন লোক হলো?

ক. ৯  খ. ১০  গ. ১১  ঘ. ১২

Ans. গ ব্যাখ্যা প্রতি দম্পতিতে দুইজন করে, তাই তিন দম্পতি অর্থাৎ ৬ জন এবং দুই দম্পতির দুইজন করে সন্তান ফলে মোট দশজন। তাহলে, মোট দশজন এবং আমি সহ একত্রে ১১ জন।

০৪. 'ক' 'খ' এর চেয়ে বড়। 'গ' 'ক' এর চেয়ে ছোট। তাহলে নিচের কোনটি সঠিক?

ক. 'ক' এবং 'গ' এর বয়স সমান  খ. 'খ', 'গ' এর চেয়ে বড়

গ. 'গ', 'খ' এর চেয়ে বড়  ঘ. কোনোটিই নয়

Ans. ঘ ব্যাখ্যা 'ক' 'খ' এর চেয়ে বড় এবং 'গ' 'ক' এর চেয়ে ছোট। অতএব, তথ্যমতে option (ক) সঠিক নয়, কারণ 'ক' ও 'গ' পরস্পর বড় ছোট, সমান হতে পারে না। Option (খ) ও সঠিক নয় 'গ' 'খ' এর চেয়ে বড় তা সঠিক নয়। তেমনি ভাবে অপশন 'গ'- ও তাই। সুতরাং সঠিক উত্তর কোনটিই নয়।

০৫. A, B, C, D, E- এই ৫ জন লোক ট্রেন ভ্রমণে যাচ্ছিল। A এর মেয়ে হলো C যিনি E এর স্ত্রী। D হলো A এর ভাই এবং B হলো A এর স্বামী। B এর সাথে E এর সম্পর্ক কি?

A. Brother  B. Father  C. Uncle  D. Father in law

Ans. D ব্যাখ্যা E এর স্ত্রীর মা E এর শাশুড়ী হবে, তার স্বামী তাহলে E এর শ্বশুর (Father in law)।

০৬. Rehana is one inch taller than Jamila, and two inches shorter than Faria. Amina is one inch shorter than Jamila's younger sister, and one inch taller than jamila. Which of the girls is tallest among these girls?

A. Rehana  B. Jamila's younger sister

C. Faria  D. Jamila

Ans. C ব্যাখ্যা রেহানা জামিলার চেয়ে ১ ইঞ্চি লম্বা। ফারিয়া রেহানার চেয়ে ২ ইঞ্চি লম্বা। সুতরাং ফারিয়া জামিলার চেয়ে ৩ ইঞ্চি লম্বা। আবার আমিনা জামিলার চেয়ে ১ ইঞ্চি লম্বা। জামিলার ছোটবোন আমিনার চেয়ে ১ ইঞ্চি লম্বা। সুতরাং জামিলার ছোট বোন জামিলার চেয়ে ২ ইঞ্চি লম্বা। অতএব, সবচেয়ে বেশি লম্বা ফারিয়া।

০৭. তোমরা ৫ ভাই, তোমাদের বাবা মা জীবিত এবং তোমাদের সকলের ১ টি করে বোন আছে। পরিবারের সদস্য সংখ্যা কত?

ক. ৮  খ. ১২  গ. ৬  ঘ. ৯

Ans. ক ব্যাখ্যা ৫ (ভাই)+ ২ (বাবা মা) + ১ (একটি বোন সবারই) = ৮

০৮. একটি সারিতে ৬ জন বসে আছে । সেতু বসেছে জিতু এর ডানদিকে কিন্তু মিতু এর বামদিকে। ঋতু বসেছে নিতু এর বামদিকে কিন্তু জিতু এর ডানদিকে। জিতু বসেছে বিতু এর ডানদিকে। মাঝখানে কারা বসেছে ?

ক. জিতু ও বিতু খ. ঋতু ও নিতু গ. মিতু ও সেতু ঘ. মিতু ও বিতু

Ans. খ ব্যাখ্যা তারা ধারাবাহিকভাবে বসে, বিতু>জিতু>ঋতু>নিতু>সেতু>মিতু।

০৯. ৫ জন বালক একটি দৌড় প্রতিযোগিতায় অংশ নেয়। শিমুল সুমনের আগে দৌড় সম্পন্ন করে কিন্তু মুরাদের পিছনে থাকে, মারুফ, রিপনের আগে দৌড় সম্পন্ন করে কিন্তু সুমনের পিছনে থাকে। তাহলে প্রতিযোগিতায় প্রথম হলো কে ?

ক. সুমন খ. শিমুল গ. মুরাদ ঘ. মারুফ

Ans. গ ব্যাখ্যা তাদের দৌড়ানোর গতিবেগ = মুরাদ>শিমুল>সুমন>মারুফ>রিপন।

১০. ইমরান রিতুর চেয়ে লম্বা, রিতু হৃদয়ের চেয়ে বেটে, মিতু ইমরান থেকে বেটে কিন্তু হৃদয়ের থেকে লম্বা তবে কে সবচেয়ে লম্বা?

ক. ইমরান খ. রিতু গ. মিতু ঘ. হৃদয়

Ans. ক ব্যাখ্যা ইমরান>মিতু >হৃদয়>রিতু।

১১. হিরণ শিমুলের চেয়ে লম্বা, শিমুল উজ্জ্বলের থেকে বেটে, সানোয়ার সুমনের থেকে বেটে কিন্তু উজ্জ্বল থেকে লম্বা । তবে কে সবচেয়ে লম্বা?

ক. হিরণ খ. সানোয়ার গ. উজ্জ্বল ঘ. শিমুল

Ans. ক ব্যাখ্যা হিরণ> সানোয়ার > উজ্জ্বল > শিমুল।

১২. শিপনের ডানে রিপন। রিপনের পিছনে তুহিন। তুহিনের বামে মাহিন। সুমনের ডানে মাহিন তাহলে সর্ব বামে কে?

ক. সুমন খ. মাহিন গ. তুহিন ঘ. রিপন

Ans. ক ব্যাখ্যা

শিপন – রিপন
↓
সুমন – মাহিন – তুহিন

১৩. **5 years ago, Anderson was 10 years older than Rafsan . What is the difference between their ages at present?**

A. 5 B. 10 C. 15 D. 20

Ans. B ব্যাখ্যা **Age difference of two persons will always remain same ; Therefore, now the difference is 10 years.**

## বিগত বছরের প্রশ্নাবলি

**01. Who is the strongest boy? If-**

**i. E is Weaker thanB** **ii. D is Weaker than A**

**iii. C is Weaker than E**

**iv. A is Weaker than E** [JU: B-Unit: 22-23: Set-F]

A. D B. E C. B D. A

Ans. C ব্যাখ্যা প্রশ্নানুযায়ী, B > E > A > D > C. অর্থাৎ সবচেয়ে শক্তিশালী হলো B; এবং সবচেয়ে দুর্বল হলো C।

02. A, B-এর ছবি দেখিয়ে বলল, "সে আমার পিতামহের একমাত্র পুত্রের স্ত্রীর মেয়ে।" B-এর মা সম্পর্কে A-এর কী হয়? [JU: B-Unit: 22-23: Set-D]

A. খালা B. ফুফু C. চাচী D. মা

Ans. D ব্যাখ্যা মনে করো, A মানে তোমার মা। আর B মানে তুমি। তাহলে প্রশ্নানুযায়ী বলা হচ্ছে তুমি তোমার মায়ের শ্বশুরের (পিতামহ) একমাত্র পুত্র মানে তোমার বাবার বউয়ের মেয়ে, অর্থাৎ A ও B এর সম্পর্ক হল মা-মেয়ে।

03. A ও B দুই ভাই, C ও D দুই বোন। A এর ছেলে D এর ভাই। সেক্ষেত্রে B , C এর কে হয়? [JU: D-Unit: 22-23: Set-P]

A. ভাগ্নে B. চাচা C. পিতা D. কন্যা

Ans. B ব্যাখ্যা মনে করো, A হলো তোমার বাবা এবং B হলো তোমার বাবার ভাই। আর তোমার দুই বোনের নাম হলো C ও D।
A মানে তোমার বাবার ছেলে; 'D' মানে তোমার আপন বোনের ভাই।
সেক্ষেত্রে B হলো তোমার চাচা। আর B এর সাথে C এর সম্পর্ক হলো চাচা ভাতিজি।

04. Ajay ranked sixteenth from the top and twenty-ninth from the bottom among those who passed an examination. Six boys did not participate in the competition and five failed in it. How many boys were there in the class? [JU: IBA Unit: 22-23: Set-I]

A. 40 B. 44 C. 55 D. 50

Ans. C ব্যাখ্যা প্রশ্নমতে, মোট পাশ করেছে = 16+29-1 = 44 জন
∴ মোট বালক সংখ্যা = 44+6+5 = 55 জন

05. Five boys participated in a competition. Rohit was ranked higher than Dinesh. Kamal's rank was between Rohit and Vikas. Who was ranked higher? [JU: IBA Unit: 22-23: Set-I]

A. Vikas B. Dinesh C. Sanjoy D. Kamal

Ans. C ব্যাখ্যা প্রশ্নানুসারে, রহিত < সঞ্জয়; বিকাশ > দীনেশ; এবং রহিত > কামাল > বিকাশ। তাহলে, সর্বোচ্চ র‍্যাঙ্ককারী হলো সঞ্জয় > রহিত > কামাল > বিকাশ > দীনেশ।

06. P, Q, R এবং S চার বন্ধু। P, Q- এর চেয়ে খাটো, কিন্তু R এর চেয়ে লম্বা, যে S এর চেয়ে খাটো। সবার মধ্যে সবচেয়ে খাটো কে? [CU: D-Unit: 22-23: Set-1]

A. P B. Q C. R D. S

Ans. C ব্যাখ্যা P, Q, R, S চার বন্ধু। P হলো Q এর চেয়ে খাটো এবং R এর চেয়ে লম্বা। আবার R হলো S এর চেয়ে খাটে অর্থাৎ R হলো S, P এর চেয়ে খাটো। তাহলে P, Q, R, S এর মধ্যে R হলো সবচেয়ে খাটো।

07. A, B অপেক্ষা খাটো, কিন্তু C অপেক্ষা লম্বা। D, A অপেক্ষা খাটো কিন্তু C অপেক্ষা লম্বা। E, B অপেক্ষা খাটো, কিন্তু A অপেক্ষা লম্বা। উচ্চতার দিক থেকে মাঝারি কে? [JU: B Unit: 20-21: Set-A]

A. A B. B C. C D. D

Ans. A ব্যাখ্যা এই ধরনের প্রশ্নের উত্তর দেওয়ার ক্ষেত্রে শুরুতে ধারাবাহিক ভাবে প্রশ্ন অনুসারে প্রত্যেককে বসিয়ে যেতে হবে। অর্থাৎ তুলনায় যার চেয়ে যে বেশি লম্বা তার আগে এবং যার চেয়ে খাটো তাকে পরে বসালেই উত্তর মিলে যাবে। যেমন: B > E > A > D > C

প্রশ্নে বলা হচ্ছে মাঝারি উচ্চতার কে? তাহলে সঠিক উত্তর হবে, A. কেননা, যেদিক থেকেই গণনা করা হোক না কেন A মাঝামাঝি অবস্থানে আছে। তাই সঠিক উত্তর অপশন A.

08. M, S থেকে লম্বা, A, M থেকে লম্বা, R, A এর চেয়ে লম্বা, P সবার থেকে লম্বা। যদি তারা তাদের উচ্চতার অধঃক্রম অনুসারে দাঁড়ায়, তবে মধ্যবর্তী স্থানে কে থাকবে? [JU: B : 20-21: Set-D]

A. M　　B. S　　C. R　　D. A

Ans. D ব্যাখ্যা এই ধরনের প্রশ্নের উত্তর দেওয়ার ক্ষেত্রে শুরু থেকে ধারাবাহিকভাবে প্রশ্নানুসারে প্রত্যেককে বসিয়ে যেতে হবে। এখানে, P > R > A > M > S.
∴ A মধ্যবর্তী স্থানে আছে। সুতরাং সঠিক উত্তর অপশন D.

09. Z, M থেকে লম্বা কিন্তু R থেকে খাটো। N, K থেকে লম্বা কিন্তু M থেকে খাটো। এদের মধ্যে সবচেয়ে লম্বা কে? [JU: B Unit: 20-21: Set-E]

A. R　　B. Z　　C. M　　D. K

Ans. A ব্যাখ্যা এই ধরনের প্রশ্নের উত্তরের ক্ষেত্রে লম্বা থেকে খাটোদেরকে ধারাবাহিকভাবে বসালেই সঠিক উত্তর বের হয়ে যাবে। যেমন: R>Z> M > N > K. সুতরাং সবচেয়ে লম্বা হলো R.

10. R, S থেকে বয়সে ছোট কিন্তু T থেকে বড়। T, আবার G থেকে বড়। M, T এর চেয়ে বড় কিন্তু R এর চেয়ে ছোট। কে সর্বকনিষ্ঠ? [JU: B Unit: 20-21: Set-G]

A. T　　B. G　　C. S　　D. M

Ans. B ব্যাখ্যা বয়স অনুপাতে কে সর্বকনিষ্ঠ তা বের করতে চাইলে প্রথমে ধারাবাহিকভাবে বয়োজ্যেষ্ঠ থেকে বয়োকনিষ্ঠ পর্যন্ত যেতে হবে। যেমন: S > R > M > T > G. তাহলে সবার ছোট হলো G.

11. Who is the poorest? [JU: F Unit: 20-21: Set-F]

Shirley is poorer than Tony.　　Shirley is richer than Mark.
Tony is poorer than Henry.　　Henry is richer than Mark.

A. Shirley　　B. Tony　　C. Mark　　D. Henry

Ans. C ব্যাখ্যা এখানে, ধারাবাহিকভাবে ধনী থেকে গরীবের Chronology বসালেই সঠিক উত্তর পাওয়া যাবে। অর্থাৎ Henry > Tony > Shirley > Mark. অর্থাৎ Henry হলো সবচেয়ে ধনী এবং Mark হলো সবচেয়ে গরীব।

12. B, A এর চেয়ে খাটো এবং C, B এর চেয়ে লম্বা। D, E এর চেয়ে লম্বা কিন্তু B C এর চেয়ে খাটো। কে সবচেয়ে খাটো? [JU: D Unit: Set-B; 20-21)]

A. E　　B. C　　C. B　　D. A

Ans. A ব্যাখ্যা B < A , B < C, E < D < B. ∴ সবচেয়ে খাটো E।

13. একটি ভর্তি পরীক্ষায় রনি রুবাই'র চেয়ে কম কিন্তু রাবু'র চেয়ে অধিক নম্বর পেল। রাজিব সর্বনিম্ন নম্বর পেল। রুমি রিভু'র চেয়ে অধিক কিন্তু রাবুর চেয়ে কম নম্বর পেল। কে সর্বোচ্চ নম্বর পেল? [CU: D : 20-21: set-2; Shift-2]

A. রুমি　　B. রুবাই　　C. রনি　　D. রাবু

Ans. B ব্যাখ্যা ৭ জন শিক্ষার্থীর নাম্বারের তুলনা দিয়ে আমাদের প্রচুর কনফিউজড করার চেষ্টা করা হচ্ছে। তাই, এই রকম প্রশ্নের উত্তরে আমরা আগে ধারাবাহিকভাবে কে কার পরে ওটা বের করে নিলে উত্তর করতে সহজ হবে। যেমন: রুবাই < রনি < রাবু < রুমি < রিভু < রাজিব। সুতরাং সবচেয়ে বেশি নম্বর পেয়েছে রুবাই এবং সবচেয়ে কম নম্বর পেয়েছে রাজিব।

**14. Which is the longest?** (জা.বি: Unit-B; Set-G; 19-20)

C is equal to E
E is longer than D
A is longer than E
B is shorter than C
D is shorter than A

A. C B. B C. A D. D

**Ans. C** ব্যাখ্যা E = C; D <E, E <A, B <C, A> D
∴ D <E <A [ ∴ A সবচেয়ে লম্বা]

**15. Who is the fastest?** (জা.বি: Unit-B; Set-H; 19-20)

A is faster than C E is faster than C
B is faster than E A is slower than E
D is faster than B

A. D B. E C. A D. B

**Ans. A** ব্যাখ্যা C< A, C < E, E < B, A < E, B < D ∴ C < A < E < B < D অর্থাৎ D is the fastest.

**16. Which is the costliest?** (জা.বি: Unit-B; Set-L; 19-20)

D is cheaper than A
C is cheaper than D
A is cheaper than B
E is cheaper than B
C is cheaper than A

A. C B. A C. B D. D

**Ans. C** ব্যাখ্যা প্রদত্ত সম্পর্কগুলো বিশ্লেষণ করে, দুটি শর্তপাওয়া যায়, B> A > D > C এবং B>E অর্থাৎ B সবচেয়ে বেশি মূল্যবান।

**17. Of the six cities-** (জা.বি: Unit-F; Set-G; 19-20)

A. Delhi is bigger than Bangalore
B. Kolkata is bigger than Hyderabad
C. Mumbai is not as big as Kolkata but is bigger than Bangalore
D. Bangalor is smaller than Hydrabad but bigger than Pune.

Which city is the smallest? (জা.বি: Unit-F; Set-G; 19-20)

A. Bangalore B. Hyderabad C. Pune D. Mumbai

**Ans. C** ব্যাখ্যা ক্রমানুযায়ী সাজালে আমরা পাই-K > H > D > M > B > P সবচেয়ে ছোট Pune.

**18. If E is smaller than F, F is Bigger than G, J is smaller than E, H is bigger than J, and G is equal to H, then which is the smallest?** (জাবি: ২০১৭-১৮, ইউনিট: খ)

A. E B. J C. G D. H

**Ans. B** ব্যাখ্যা প্রদত্ত সম্পর্কগুলো বিশ্লেষণ করে, পাওয়া যায় সবচেয়ে ছোট J.

**19. R is thinner than P.Q is heavier than S. S is heavier than T.P is thinner than S. Who is the thinnest?** (জাবি: ১৮-১৯, ইউনিট: C, সেট: E)

A. P B. D C. R D. S

**Ans. C** ব্যাখ্যা R<P, Q> S, S> S>T, P <S ∴ সবচেয়ে বেশি পাতলা R.

20. **Anis is shorter than Babu, but taller than CamelliA. Doli is shorter thanAnis but taller than CamelliA. Emon is shorter than Babu but taller than Anis. Who is in the middle position in terms of height?** [কুবি: ২০১৩-১৪]

A. Anis B. Babu C. Camellia D. Doli

Ans. A ব্যাখ্যা **Babu > Anis > Camellia; Anis > Doli > Camellia. Babu > Emon > Anis.** সুতরাং প্রশ্নের ধারাবাহিকতা অনুযায়ী মাঝামাঝি অবস্থানে আছে **Anis.** অতএব, **Babu > Emon > Anis > Doli > Camellia.**

21. তৌফিক, সিফাত এর চেয়ে বড় কিন্তু আনজুম এর চেয়ে ছোট, আবার সুবরন আতিউর এর চেয়ে ছোট কিন্তু আনজুম এর চেয়ে বড় হলে কোনটি ছোট? [বেগম রোকেয়া বি: ২০১৩-১৪]

A. An>Si>At>Su>To B. At>Su>An>To>Si
C. At>Su>To> An>Si. D. To>Su> At>Si>An

Ans. B ব্যাখ্যা আতিউর > সুবরন > আনজুম > তৌফিক > সিফাত। প্রশ্নানুযায়ী, সবার চেয়ে বড় আতিউর এবং সবচেয়ে ছোট কিন্তু সিফাত।

22. **P is heavier than B. R is thinner than A. P is thinner that R. Who is the heaviest?** (CoU: 2016-17)

A. B B. P C. A D. R

Ans. C ব্যাখ্যা **P > B, R < A, P < R** সবচেয়ে বেশি ভারী **A.**

23. শিমুল, মারুফ, রনি, সুমন, মুরাদ, হাবিব- এই ৬ জন বৃত্তাকারে বসে আছে মারুফ বসেছে হাবিব ও রনির মাঝখানে এবং শিমুল বসেছে মুরাদ ও সুমনের মাঝখানে। হাবিব বসে আছে সুমনের বামে। তাহলে শিমুল ও হাবিবের মাঝখানে কে বসে আছে? (জাবি: ১৮-১৯, ইউনিট: C, সেট: A)

A. মারুফ B. সুমন C. রনি D. মুরাদ

Ans. B ব্যাখ্যা প্রশ্নানুযায়ী, মারুফ বসেছে হাবিব ও রনির মাঝে। আর সুমন বসেছে হাবিব ও শিমুলের মাঝখানে। বৃত্তাকার ঘর করে সবার নাম বসালে ব্যাপারটা সহজেই স্পষ্ট হয়ে যায়।

24. **5 boys took part in a race. Shimul lying behind Murad touched the finishing line before Sumon. Maruf lying behind Suman touched the finishing track before Ripon. Who stood first in the race?** (জাবি: ১৮-১৯)

A. Suman B. Shimul C. Murad D. Maruf

Ans. C ব্যাখ্যা মুরাদ > শিমুল > সুমন > মারুফ > রিপন। প্রশ্নানুযায়ী, মুরাদ শিমুলের আগে; শিমুল সুমনের আগে; সুমন মারুফের আগে ও মারুফ রিপনের আগে দৌড়ে এগিয়ে আছে। সুতরাং মুরাদই প্রথম।

25. **R is thinner than P.Q is heavier than S. S is heavier than T.P is thinner than S. Who is the thinnest?** [JU: C Unit: 18-19: Set-E]

A. P B. D C. R D. S

Ans. C ব্যাখ্যা **R < P, Q > S, S > S > T, P < S ∴** সবচেয়ে বেশি পাতলা **R.**

26. করিম মিনার চেয়ে লম্বা। জাফর রিমার চেয়ে লম্বা। রিমা বেলার চেয়ে খাটো। মিনা ও বেলার উচ্চতা সমান। যদি ইহা সত্য হয়, তাহলে নিচের কোন শর্তটি অবশ্যই সত্য হবে? [KU: C Unit: 18-19: Set-A]

A. জাফর বেলার চেয়ে লম্বা B. জাফর করিমের চেয়ে লম্বা
C. মিনা জাফরের চেয়ে খাটো D. করিম রিমার চেয়ে লম্বা

Ans. D ব্যাখ্যা করিম > মিনা; জাফর > রিমা; বেলা > রিমা; মিনা = বেলা। করিম রিমার চেয়ে লম্বা শর্তটি অবশ্যই সত্য হবে।

27. Rahim is more emotional than Shihab. Sumi is more rational than Rahim. Shihab is more rational than Sumi. Who is the most rational? (COU: 2016-17)

A. Rahim B. Shihab C. Sumi D. Rayed

Ans. B ব্যাখ্যা Shihab is the most rational.

## টপিক- ০৪ অসম্ভাব্যতা (Impossibilities)










এই অংশের প্রধান motto বা উদ্দেশ্যই হচ্ছে একজন শিক্ষার্থী পারিপার্শ্বিক অবস্থা থেকে কতটুকু শিখেছে তা যাচাই করা। এই প্রশ্নের উত্তরগুলো সাধারণত মূল্যবোধের উপর ভিত্তি করে দিতে হয়। নিজের বিচারবুদ্ধি ও বাস্তব অভিজ্ঞতা কাজে লাগিয়ে এখানে উত্তর করতে হয়।

০১. It is impossible for a sceptic to be a –?

A. Philosopher B. saint C. nihilist D. idealist

Ans. B ব্যাখ্যা Sceptic মানে নাস্তিক। একজন নাস্তিক দার্শনিক (Philosopher), nihilist (সার্বিক নাস্তিবাদে বিশ্বাসী ব্যক্তি), ভাববাদী (idealist) হতে পারে। কিন্তু সাধু (saint) হতে পারে না।

০২. It is impossible to imagine a state without ------.

A. sovereignty B. a parliament C. rule of law D. None

Ans. A ব্যাখ্যা রাষ্ট্র বা state এর প্রথম ও প্রধান শর্তই হচ্ছে সার্বভৌমত্ব বা sovereignty যা ছাড়া রাষ্ট্র কল্পনা করা যায় না।

০৩. ---- ছাড়া বাজার হয় না।

ক. ব্যবসা খ. সরবরাহ গ. কাদা ঘ. পানি

Ans. খ ব্যাখ্যা সরবরাহ ব্যবস্থাই বাজারের ভিত্তি। তাই তা ছাড়া কোন বাজার গড়ে ওঠতে পারে না।

০৪. It is impossible to imagine a contest without ------.

A. Umpire B. Victory C. Opponent D. Spectator

Ans. C ব্যাখ্যা আম্পায়ার, দর্শক (Spectator) ছাড়া খেলা সম্ভব কিন্তু প্রতিপক্ষ ছাড়া খেলা সম্ভব নয়।

০৫. একজন গোয়েন্দার পক্ষে যা অসম্ভব।
ক. সূত্র ছাড়া রহস্যের সমাধান করা
খ. ষষ্ঠ ইন্দ্রিয় থাকা
গ. খন্ডকালীন পেশা গ্রহণ করা
ঘ. ছদ্মবেশ নেয়া

Ans. ক ব্যাখ্যা Clue বা সূত্র ছাড়া একজন গোয়েন্দার পক্ষে কোন রহস্যের সমাধান করা সম্ভব নয়।

০৬. মরুভূমি অঞ্চলের মানুষের জন্য অসম্ভব হলো-
ক. যাযাবর হওয়া
খ. ধর্মপ্রাণ হওয়া
গ. মৎস্যজীবী হওয়া
ঘ. শিক্ষিত হওয়া

Ans. গ ব্যাখ্যা পানি ছাড়া মাছ ধরা বা চাষ করা সম্ভব নয়। আর মরুভূমির আশে পাশে জলাশয় বা পানি থাকে না। তাই তা করা অসম্ভব।

০৭. জীবন পরিবর্তনশীল, কার্লাইল বলেছেন, আজ গতকাল নয়। আমরা পরিবর্তিত হই; আমাদের চিন্তাও কাজ সময়োপযোগী হতে হলে কিভাবে তা সর্বদা এক থাকে? পরিবর্তন বেদনাদায়ক কিন্তু প্রয়োজনীয় অনুচ্ছেদটি---- এর বিরুদ্ধে মত প্রকাশ করেছে।
ক. নতুনত্ব
খ. নিশ্চলতা
গ. বিভিন্নতা
ঘ. স্থিতিশীলতা

Ans. খ ব্যাখ্যা স্বল্পকালীন আমাদের এই মানবজীবন সময় স্রোতের মত প্রতিনিয়তই চলমান। সবকিছুর জীবন পরিবর্তনশীল। তাই বলা হয় যে, পরিবর্তন বেদনাদায়ক কিন্তু প্রয়োজনীয়। অনুচ্ছেদটি নিশ্চলতা বা স্থবিরতা এর বিরুদ্ধে মত প্রকাশ করছে।

০৮. **It is impossible for a family**
A. Not to have education
B. Not to have a house
C. Not to have its members
D. Not to have relatives

Ans. C ব্যাখ্যা আত্মীয়স্বজন, শিক্ষা, বাড়ি ছাড়া পরিবার গঠন করা যায়, কিন্তু সদস্য ছাড়া পরিবার গঠন করা অসম্ভব।

০৯. **Lighting** এর জন্য কোনটি অবশ্যই প্রয়োজন?
A. thunder
B. rain
C. electricity
D. Brightness

Ans. C ব্যাখ্যা **Electricity** বা বিদ্যুৎ এর নির্গমন থেকে **Lighting** হয়। তাই **Lighting** এর জন্য **electricity** অবশ্যই প্রয়োজন।

১০. **It is impossible for a teacher not to have**
A. wealth
B. knowledge
C. popularity
D. follower

Ans. D ব্যাখ্যা একজন শিক্ষক অবশ্যই শিক্ষিত হবে। কিন্তু জ্ঞানী নাও হতে পারে। তার সম্পদ ও জনপ্রিয়তা নাও থাকতে পারে, কিন্তু তার কিছু **Follower** (শিষ্য) অবশ্যই থাকবে।

১১. **It is impossible to produce a soap without ......**
A. Protein
B.Fat
C. Milk
D. Carbohydrate

Ans. B ব্যাখ্যা **Fat** বা চর্বি ব্যতীত **soap** হতে পারে না। কেননা, **Fat** হচ্ছে **soap** তৈরির প্রধান উপাদান।

১২. -------- ছাড়া নদী কল্পনা করা যায় না।
ক. জোয়ার
খ. ভাটা
গ. স্রোত
ঘ. তীর

Ans. ঘ ব্যাখ্যা স্রোত, জোয়ার কিংবা ভাটা ব্যতীত নদী হতে পারে, কিন্তু তীর বা কূল ব্যতীত কখনই কোন নদী হতে পারে না। এটি অসম্ভব।

১৩. দৈনিক পত্রিকার পক্ষে যা অসম্ভব ---
ক. সরকার বিরোধিতা
খ. সাপ্তাহিক ছুটি ভোগ
গ. সাপ্তাহিক লেখা প্রকাশ
ঘ. জনমত জরিপ

Ans. খ ব্যাখ্যা সাপ্তাহিক ছুটির দিনে ও আমরা দৈনিক পত্রিকা উপভোগ করে থাকি। দৈনিক পত্রিকা সাপ্তাহিক ছুটির দিনেও প্রকাশিত হয়ে থাকে।

## বিগত বছরের প্রশ্নাবলি

**01. A state is impossible without ___and train is without ___.** (জা.বি: Unit-B; Set-G; 19-20)
A. citizens, engines
B. sovereignty, compartment
C. constitution, passengers
D. railway, territory

Ans. A ব্যাখ্যা নাগরিক (citizens) ছাড়া যেমন একটি রাষ্ট্র কল্পনা করা যায়না তেমনি engines (ইঞ্জিন) ছাড়া ট্রেন কল্পনা করা যায় না।

**02. Library is impossible without ___and learn without ___.** (জা.বি: Unit-B; Set-H; 19-20)
A. book, reading
B. librarian, guidance
C. reading space, teacher
D. building, books

Ans. A ব্যাখ্যা বই ছাড়া লাইব্রেরী সম্ভব নয়, আর পড়া ছাড়া শেখাও সম্ভব নয়।

**03. Writing a drama is impossible without a ___and a cellphone without ___.** (জা.বি: Unit-B; Set-L; 19-20)
A. stage, battery
B. performer, network
C. dramatist, sim card
D. plot, connection

Ans. D ব্যাখ্যা কোনো কাহিনী বা ঘটনা ছাড়া নাটক তৈরি করা যায় না এবং সেলফোনও সংযোগ ছাড়া চালানো যায় না।

**04. It is impossible for a family without-** (খুবি: ২০১৬-১৭)
A. house B. food C. education D. members

Ans. D ব্যাখ্যা সদস্য না থাকলে পরিবার গঠিত হয় না।

**05. একজন ডাক্তারের পক্ষে অসম্ভব-** (জাবি: ২০১৭-১৮, ইউনিট: খ)
A. প্রতিবারই সঠিক ঔষধ দেয়া
B. ব্যবসা সম্পর্কে পড়াশোনা করা
C. অসুস্থ হওয়া
D. প্রাইভেট প্রাকটিস করা

Ans. A ব্যাখ্যা একজন ডাক্তার প্রতিবারই সঠিক ঔষধ দিতে পরেন না।

**06. একজন গোয়েন্দার পক্ষে অসম্ভব-** (জাবি: ২০১৭-১৮, ইউনিট: খ)
A. সূত্র ছাড়া রহস্যের সমাধান করা
B. ষষ্ঠ ইন্দ্রিয় থাকা
C. বন্দুক বহন করা
D. খন্ডকালীন পেশা গ্রহণ

Ans. A ব্যাখ্যা একজন গোয়েন্দা সূত্র ছাড়া রহস্যের সমাধান করতে পারেন না।

**07. নাগরিক হওয়া অসম্ভব-** (জাবি: ২০১৭-১৮, ইউনিট: খ)
A. শিক্ষা ছাড়া B. পাসপোর্ট ছাড়া C. রাষ্ট্র ছাড়া D. গণতন্ত্র ছাড়া

Ans. C ব্যাখ্যা রাষ্ট্র না থাকলে নাগরিক হওয়া যাবে না।

08. বেদুঈনদের পক্ষে থাকা অসম্ভব- [কৃবি: ২০১২-১৩]

A. মরুভূমিতে B. তাবুতে C. মাঠে D. বাড়িতে

Ans. D ব্যাখ্যা বেদুঈনরা আরবের একটি যাযাবর জাতি। তারা বিভিন্ন সময় বিভিন্ন জায়গায় বসবাস করে। তাই তাদের নির্দিষ্ট বাড়ি নেই।

09. **It is impossible to judge a person's character without his-** (জাবি: ২০১৮-১৯, ইউনিট: B, সেট: G, শিফট: ৩)

A. voice B. deeds C. dress D. intelligence

Ans. B ব্যাখ্যা একজনের ক্রিয়াকলাপ ছাড়া তাকে বিচার করা সম্ভব না।

10. **It is impossible for a fish to live without-** (জাবি: ২০১৮-১৯, ইউনিট: B, সেট: A, শিফট: ৫)

A. tail B. spawn C. scale D. fins

Ans. D ব্যাখ্যা একটি মাছ পাখনা ছাড়া বাঁচতে পারে না।

## টপিক- ০৫ সম্ভাবনা (Possibilities)




সম্ভাব্যতা: কোন ঘটনা ঘটার বা না ঘটার সম্ভাবনাকে সম্ভাব্যতা বলে।

কোন ঘটনা ঘটার সম্ভাব্যতা $= \frac{\text{অনুকূল ঘটনার সংখ্যা}}{\text{মোট ঘটনার সংখ্যা}}$

অসম্ভব ঘটনার সম্ভাবনা শূন্য (০)

নিশ্চিত ঘটনার সম্ভাবনা এক (১)

তাস : তাস ৪ প্রকার ঃ

**i. চিরাতন (Clubs) Black ♣**

**ii. হরতন (Hearts) Red ♥**

**iii. রুইতন ( Diamond) Red ◊**

**iv. ইস্কাপন (Spade) Black ♠ .**

**প্রত্যেক প্রকার তাস রয়েছে ১৩ টি করে। মোট তাস রয়েছে ৫২ টি**

| চিরতন ♣ | হরতন ♥ | রুইতন ◊ | ইস্কাপন ♠ |
|---|---|---|---|
| কালো | লাল | লাল | কালো |
| 2 | 2 | 2 | 2 |
| 3 | 3 | 3 | 3 |
| 4 | 4 | 4 | 4 |
| 5 | 5 | 5 | 5 |
| 6 | 6 | 6 | 6 |
| 7 | 7 | 7 | 7 |
| 8 | 8 | 8 | 8 |
| 9 | 9 | 9 | 9 |
| 10 | 10 | 10 | 10 |
| J | J | J | J |
| Q | Q | Q | Q |

| | | | | |
|---|---|---|---|---|
| | K<br>A | K<br>A | K<br>A | K<br>A |

০১. ব্রাজিল ও বাংলাদেশের মধ্যকার ফুটবল ম্যাচে বাংলাদেশের জেতার সম্ভাবনা কত?
ক. ০% খ. ৩৩% গ. ৫০% ঘ. ১০০%

Ans. খ ব্যাখ্যা বাংলাদেশ যেহেতু বিশ্বকাপ খেলেনা সেহেতু ম্যাচটি নিশ্চয়ই প্রীতি ম্যাচ হবে। প্রীতি ম্যাচ ড্র ও হতে পারে, বাংলাদেশ জিততে ও পারে আবার হারতেও পারে। আগে থেকে নিশ্চিত দিয়ে ফলাফল বলে দেয়া যাবেনা। তাই এ ম্যাচে বাংলাদেশের জেতার সম্ভাবনা ৩৩%। ড্র এর সম্ভাবনা ৩৩%, হারার সম্ভাবনা ৩৩% এটা যেকোন সাধারণ ক্রিকেট ম্যাচের জন্যও প্রযোজ্য। কিন্তু কোয়ার্টার ফাইনাল, সেমিফাইনাল বা ফাইনাল অর্থাৎ নক-আউট ম্যাচের জন্য প্রযোজ্য নয়। কেননা নক-আউট ম্যাচে ড্র হতে পারে না। একদল জিতবে, আরেকদল হারবে। অর্থাৎ এসব নক-আউট ম্যাচের কথা প্রশ্নে উল্লেখ থাকলে জয়ের সম্ভাবনা হবে ৫০% ও হারার সম্ভাবনা হবে ৫০%। তখন উত্তর হবে ৫০%। কিন্তু এটা যেহেতু প্রীতিম্যাচ তাই এখানে উত্তর হবে ৩৩%।
উল্লেখ্য; নক আউট মানে হারলেই বাদ। সেই ম্যাচটি যদি কোয়ার্টার ফাইনাল বা সেমি ফাইনাল হয় তবে জিতলেই পরের রাউন্ড নিশ্চিত আর যদি ফাইনাল হয় তবে জিতলেই চ্যাম্পিয়ন।
**বিকল্প সমাধান ঃ ০১.** ধরি, জয়, পরাজয়,ড্র = ১ গড় = ১/৩ = ০.৩৩ × ১০০ = ৩৩.৩৩ %
উত্তর ঃ ব্রাজিলের সাথে বাংলাদেশের জেত্যর সম্ভাবনা = ০.৩৩
**বিকল্প সমাধান ০২.** এখানে টোটাল অপশন ৩টি। হয় জিতবে অথবা হারবে নয়তো ড্র হবেই। এখানে মোট ফলাফল = ৩টি । আর অনুকূল ফলাফল = ১টি (যেকোনো ১টি ঘটবে বা জেতার অনুকূল ফলাফল) আমরা নিশ্চয়ই জানি, সম্ভাবনা = অনুকূল ফলাফল/ মোট ফলাফল
অর্থ্যাৎ, সম্ভাবনা = ১/৩ = ০.৩৩৩৩। কিন্তু যেহেতু বলেছে কত % তাই এখন এটাকে শতকরায় প্রকাশ কর। সম্ভাবনা ০.৩৩৩৩× ১০০ = ৩৩.৩৩%।

০২. লুডুর ছক্কার গুটি নিক্ষেপ করা হলে ২ উঠার সম্ভাবনা কত ?
ক. $\frac{1}{2}$ খ. $\frac{1}{3}$ গ. $\frac{2}{4}$ ঘ. $\frac{1}{6}$

Ans. ঘ ব্যাখ্যা যেহেতু ছক্কার গুটিতে সংখ্যা ৬ টি। সেহেতু ২ উঠার সম্ভাবনা ৬ ভাগের ১ ভাগ।

০৩. একটি মুদ্রা ২ বার নিক্ষেপ করলে ২ বারই Head পড়ার Probability কত?
ক. $\frac{১}{২}$ খ. $\frac{১}{৩}$ গ. $\frac{২}{৩}$ ঘ. $\frac{১}{৪}$

Ans. ঘ ব্যাখ্যা একটি মুদ্রা ২ বার নিক্ষেপ করলে মোট ফলাফল আসবে ২$^{২}$=৪টি। যথা: HT, HH, TH, TT. এখন, এখানে দেখা যাচ্ছে ২ বারই Head পড়ার সংখ্যা ১ বার।

০৪. একটি মুদ্রা ২ বার নিক্ষেপ করলে অন্তত ১ বার Head পড়ার সম্ভাবনা কত?
ক. $\frac{১}{২}$ খ. $\frac{২}{৩}$ গ. $\frac{৩}{৪}$ ঘ. ১

Ans. ঘ ব্যাখ্যা একটি মুদ্রা ২ বার নিক্ষেপ করলে সম্ভাব্য ফলাফল আসতে পারে, (Head Tail), (Head Head), (Tail Head), (Tail Tail) চারটি ফলাফলের মধ্যে তিনটিতেই অন্তত ১ বার করে Head পড়ার সম্ভাবনা রয়েছে। সুতরাং, অন্তত ১ বার Head পড়ার সম্ভাবনা= $\frac{\text{favourable outcome}}{\text{total outcome}} = \frac{৩}{৪}$।

০৫. একটি ছক্কা নিক্ষেপ পরীক্ষায় উপরের পিঠে জোড় সংখ্যা আসার সম্ভাবনা কত?
ক. $\frac{১}{৩}$ খ. $\frac{১}{২}$ গ. $\frac{২}{৩}$ ঘ. $\frac{৫}{৬}$

**Ans.** খ **ব্যাখ্যা** একটি ছক্কার মোট নমুনা বিন্দু=৬টি। যথা: ১, ২, ৩, ৪, ৫, ৬। জোড় সংখ্যা আছে, ৩টি। যথা: ২, ৪, ৬। ∴নির্ণেয় সম্ভাবনা = $\frac{৩}{৬} = \frac{১}{২}$

০৬. এক প্যাকেট তাস থেকে দৈবভাবে ১টি তাস নিলে তা রাজা হওয়ার Probability কত?

ক. $\frac{১}{৫২}$ খ. $\frac{১}{২৬}$ গ. $\frac{১}{১৩}$ ঘ. $\frac{২}{১৩}$

**Ans.** গ **ব্যাখ্যা** ১ প্যাকেটে মোট ৫২টি তাস থাকে। এদের মধ্যে king বা রাজা থাকে ৪টি। ∴ নির্ণেয় সম্ভাবনা = $\frac{৪}{৫২} = \frac{১}{13}$

## বিগত বছরের প্রশ্নাবলি

**01.** কোনো একটি ঝুড়িতে ৪টি নীল তোয়ালে, ৫টি সাদা তোয়ালে এবং ৬টি সবুজ তোয়ালে রয়েছে। ঝুড়ি থেকে কমপক্ষে কতগুলো তোয়ালে বের করলে সব রঙের তোয়ালে অবশ্যই পাওয়া যাবে? **[JU: B-Unit: 22-23: Set-G]**

A. ৩ B. ৬ C. ৮ D. ১২

**Ans.** D **ব্যাখ্যা** ঝুড়িতে মোট তোয়ালে আছে = ১৫টি। যার মধ্যে ৪টি নীল, ৫টি সাদা এবং ৬টি সবুজ। সুতরাং ১১টি বা তার কম সংখ্যক নিলে যে কোনো ২ রঙের উঠবে। কিন্তু ১২টি নিলে অবশ্যই ৩ রঙের তোয়ালে উঠবে।

# টপিক- ০৬ বার/দিন, তারিখ, মাস ও বছর

এখানে সাধারণত শিক্ষার্থীর সময় জ্ঞান যাচাই করা হয়। অর্থাৎ ব্যক্তির সপ্তাহের দিন, দিনলিপির মাস, বছর, শতাব্দী ইত্যাদি সময় পরিমাপের বিষয় সম্পর্কিত জ্ঞান যাচাই করা হয়।

## প্রয়োজনীয় কিছু তথ্য (মনে রাখতে হবে)




a) ১ বছর = ৩৬৫ দিন বা ৫২ সপ্তাহ ১ দিন (Generally)

b) ১ বছর = ৩৬৬ দিন বা ৫২ সপ্তাহ ২ দিন (Leap-year হলে)

অধিবর্ষ (Leap-year):- যে বছরকে ৪ দিয়ে ভাগ করা যায়। অর্থাৎ যে বছরে ২৯ ফেব্রুয়ারি থাকে সেই বছরটিকে অধিবর্ষ বলা হয়। তাই অধিবর্ষ ৩৬৫ দিনে না হয়ে ৩৬৬ দিনে হয়। যেমন- ২০২০ সাল, ২০২৪ সাল অধিবর্ষ। তবে শতাব্দী হলে অবশ্যই ৪০০ দিয়ে ভাগ করলে সহজেই উত্তর বের হয়ে যায়।

c) ৭ দিন = ১ সপ্তাহ, ৭ দিন পর অর্থাৎ ১ সপ্তাহ পর = ৮ম দিন একই বার। তাই, এক্ষেত্রে কেউ যদি অন্য কারোর চেয়ে কয়েক সপ্তাহ বয়সে ছোট বা বড় হয় তবে, তাদের জন্মদিন একই দিন হবে।

d) গতদিনের বার দিয়ে আজকের বার বের করতে বললে সামনের দিকে যেতে হবে। e) আগামী দিনের বার দিয়ে আজকের বার বের করতে বললে পিছনের দিকে যেতে হবে।

f) যে সকল সাল অধিবর্ষ নয় তাদের ১ম দিন (১ জানুয়ারি) ও শেষ দিন (৩১ ডিসেম্বর) একই বার হবে।

g) লিপইয়ার বা অধিবর্ষ ছাড়া অন্য সালগুলো পর্যায়ক্রমে একদিন বাড়ে। তবে লিপইয়ার ২ দিন বাড়ে। যেমন- ২০১৪ সালের ২৫ সেপ্টেম্বর বৃহস্পতিবার হলে ২০১৫ সালের ঐ তারিখ হবে শুক্রবার। কিন্তু ২০১৬ সালের এই তারিখ হবে রবিবার কারণ ২০১৬ সাল হল অধিবর্ষ। কিন্তু পিছনের সালের ক্ষেত্রে উল্টো হবে।

h) অধিবর্ষের ক্ষেত্রে জানুয়ারি মাসের ৩১ তম দিন জানুয়ারি মাসের হিসেবে যোগ হবেনা। যেমন- ২০১৫ সালে ৩০ জানুয়ারি শুক্রবার হলে ২০১৬ সালের এই দিন শনিবার হবে(সাবধান রবিবার নয়)।

i) মাসের ১ম দিন, ৮ম দিন, ২২ তম দিন ও ২৯তম দিন একই বার হবে।

j) যে সকল মাস ৩০ দিনে তাদের শেষ দিনের বার প্রথম দিন হতে ১ দিন বেশি।

k) যে সকল মাস ৩১ দিনে তাদের শেষ দিনের বার ১ম দিন হতে ২ দিন বেশি। ফেব্রুয়ারি মাস ১ দিন কম (যদি ২৮ দিনে মাস হয়)

**ভুল হতে পারে যেখানে :** যে ছেলে জানুয়ারি মাসের ১৪ তারিখে জন্মেছে ৩০ তারিখে তার বয়স কত? আমরা হয়তোবা বলব ৩০ – ১৪ = ১৬ দিন। কিন্তু সম্পূর্ণ ভুল বরং ঐ বিয়োগফলের সাথে ১ দিন যোগ করে বলতে হবে বয়স ১৬ + ১ = ১৭ দিন। কারণ, যেদিন জন্মগ্রহণ করেছে সেদিনের হিসেব সহ যোগ করতে হবে।

০১. ১৭ দিন আগে আরাফাত বলেছিল যে তার জন্মদিন 'আগামীকাল'। আজ ২৩ তারিখ হলে তার জন্মদিন কোন তারিখে?

ক. ৭ খ. ৮ গ. ৯ ঘ. ১০

**Ans. ক | ব্যাখ্যা**

তারিখ → <u>২৩</u> ২২ ২১ ২০ ১৯ ১৮ ১৭ ১৬ ১৫ ১৪ ১৩ ১২ ১১ ১০ ৯ ৮ <u>৭</u> <u>৬</u>

↓ (বর্তমান সময়ের আজ) ↓ (আগামীকাল) ↓ (আজ)

আজ থেকে ১ দিন আগে হলে গতকাল মানে ২২ তারিখ। এভাবে ১৭ দিন আগে গেলে ৬ তারিখ হবে। তার সাথে ১ দিন যোগ হবে। ২৩ – ১৭ = ৬ + আগামীকাল = ৬ + ১ = ৭ তারিখ। বিকল্প নিয়মঃ ১৭ দিন আগের তারিখ (২৩-১৭) = ৬ যেহেতু ১ দিন পরে জন্মদিন তাই তারিখটি (৬+১) = ৭।

০২. ২০০৯ সালের ১ জানুয়ারি বৃহস্পতিবার ছিল ঐ বছরের ৩১ ডিসেম্বর কি বার হবে?

ক. সোমবার খ. বৃহস্পতিবার গ. বুধবার ঘ. শনিবার

**Ans. খ | ব্যাখ্যা** লিপ ইয়ার ব্যতীত অন্যান্য বছরের ক্ষেত্রে বছরের শুরু এবং শেষের দিন একইবার হয়। যেহেতু ২০০৯ সাল লিপ ইয়ার নয়, কাজেই এই সালের প্রথম দিন (১ জানুয়ারি) বৃহস্পতিবার হওয়ায় শেষ দিন (৩১ ডিসেম্বর) বৃহস্পতিবার হবে।

০৩. ১৯৯৪ সালের ১ ডিসেম্বর বৃহস্পতিবার হলে, ১৯৯৫ সালের ঐ একই তারিখে হবে-

ক. বৃহস্পতিবার খ. শুক্রবার গ. রবিবার ঘ. শনিবার

**Ans. খ | ব্যাখ্যা** ১৯৯৫ সাল লিপ ইয়ার নয়। মোট সময় ৩৬৫ দিন।

৩৬৫ ÷ ৭ = ৫২ সপ্তাহ ১ দিন ∴ ১৯৯৫ সালের ৩০ নভেম্বর বৃহস্পতিবার

অর্থাৎ ১৯৯৫ সালের ১ ডিসেম্বর শুক্রবার

**Note:** সাল পরিবর্তনের ক্ষেত্রে প্রশ্নে উল্লেখিত আগের সালের তারিখ থেকে পরবর্তী সালের তারিখ পর্যন্ত মোট সময় বের করে নিতে হবে। এরপর পূর্বের নিয়মে ৭ দ্বারা ভাগ করে যা অবশিষ্ট থাকবে পূর্ববর্তী সালের বারের সাথে যোগ করলে উত্তর পাওয়া যাবে।

০৪. ১৯৭১ সালের ১ জানুয়ারি যদি শনিবার হয়, ১৯৭২ সালের ১ জানুয়ারি কি বার হবে?

ক. শনিবার খ. রবিবার গ. সোমবার ঘ. শুক্রবার

Ans. খ ব্যাখ্যা

১৯৭১ সালে বাকি আছে ৩৬৪ দিন
১৯৭২ সালে দেওয়া আছে ১ দিন
মোট সময় = ৩৬৫ দিন

এখন,
৭) ৩৬৫ (৫২
৩৫
১৫
১৪
১ দিন

∴ শনিবার + ১ দিন = রবিবার

এখানে, ১৯৭১ সালের জানুয়ারি ১৯৭২ সালের ১ জানুয়ারি পর্যন্ত মোট কতদিন তা বের করে নিতে হবে। যেহেতু ১৯৭১ সালের ১ জানুয়ারি বলা আছে তাই ঐ সালের বাকি আছে ৩৬৪ দিন এবং পরবর্তী সালের (১৯৭২) ১ জানুয়ারি পর্যন্ত ১ দিন। এভাবে মোট দিন বের করে ৭ দিয়ে ভাগ করে অবশিষ্ট যা থাকবে তা প্রশ্নে উল্লেখিত বারের সাথে যোগ করলে উত্তর পাওয়া যাবে।

০৫. ২০১০ সালের ১ জানুয়ারি শুক্রবার ছিল। সে বছর ৩১ ডিসেম্বর কি বার ছিল?

ক. শুক্রবার খ. বৃহস্পতিবার গ. সোমবার ঘ. রবিবার

Ans. ক ব্যাখ্যা আমরা জানি, বছরের শুরুর দিন এবং বছরের শেষ দিন একই বার হয়। ২০১০ সালের ১ জানুয়ারি শুক্রবার ছিল। তাই বছরের শেষ দিন ৩১ ডিসেম্বর ও শুক্রবার হবে।

০৬. ২০১৬ সালের ১ জানুয়ারি শুক্রবার হলে ২০১৭ সালে ৫ জানুয়ারি কি বার হবে?

ক. শুক্রবার খ. শনিবার ঘ. বুধবার ঘ. বৃহস্পতিবার

Ans. ঘ ব্যাখ্যা ৩৬৫ + ৫ = ৩৭০

৩৭০ ÷ ৭ = ৫২ সপ্তাহ ৬ দিন

যেহেতু ২০১৬ সাল অধিবর্ষ তাই এই সালটা যাবে ৩৬৬ দিনে। যেহেতু ১ জানুয়ারি দেওয়া আছে, তাই ৩৬৫ দিনে ২০১৭ সালে বাকি রইল আরো ৫ দিন। মোট হল ৩৭০ দিন । তাহলে, শুক্রবার + ৬ দিন = বৃহস্পতিবার।

যদি মাস অথবা সাল প্রথম দিন (বার) থেকে শুরু হলে ৭ দ্বারা ভাগ করলে ভাগ শেষ।

০১. যদি ১ হয় তবে যেই বার দিয়ে শুরু সেইবার দিয়ে শেষ হয়

০২. যদি ২ হয় তবে ১ দিন অর্থাৎ পরের দিন হবে ; ০৩. যদি ৩ হয় তবে ২ দিন পরের দিন হবে ;

০৪. যদি ৪ হয় তবে ৩ দিন পরের দিন হবে ; ০৫. যদি ৫ হয় তবে ৪ দিন পরের দিন হবে ;

০৬. যদি ৬ হয় তবে ৫ দিন পরের দিন হবে ; ০৭. যদি ০ হয় তবে আগের দিন হবে।

বিশেষ নোট : যে কোন তারিখ থেকে শুরু হলে তারিখ দুটির বিয়োগফলের সাথে ১ যোগ করে ৭ দিয়ে ভাগ করুন এবং উপরের ফর্মুলায় মিলান।

০৭. ২০০৯ সালের ২৮ আগস্ট শুক্রবার ছিল। ঐ বছরের ১ অক্টোবর কি বার ছিল?

ক. বুধবার খ. বৃহস্পতিবার গ. শুক্রবার ঘ. শনিবার

Ans. খ ব্যাখ্যা ২৮ + ২৯ + ৩০ + ৩১ তারিখ = ৪ দিন আগস্ট
= ৩০ দিন সেপ্টেম্বর
= ১ দিন অক্টোবর
মোট = ৩৫ দিন

৭) ৩৫ ( ৫
৩৫
০

ভাগশেষ শূন্য। মানে আগের দিন। বৃহস্পতিবার।

অন্য নিয়মঃ $(A + B + C) \div 7$
$= (9 + 3 + 274) \div 7$
$= 286 \div 7$

7) 286 (40
280
6

যেহেতু ভাগশেষ ৬, দিনটি ছিল বৃহস্পতিবার। [বার বের করার কৌশলটি দেখ]

০৮. ১৯৯৯ সালের ১ ফেব্রুয়ারি সোমবার হলে, ১৯৯৮ সালের ১ ফেব্রুয়ারি কি বার ছিল?
ক. রবিবার খ. সোমবার গ. শনিবার ঘ. মঙ্গলবার

Ans. ক ব্যাখ্যা সাধারণ পূর্ব বছরের একই দিন = -১দিন = সোমবার -১ = রবিবার।
বিকল্প নিয়ম: যে তারিখ বার দেয়া থাকবে এবং যে তারিখের বার জানতে চাওয়া হবে এর মধ্যবর্তী মোট দিনের সংখ্যা ৭ দিয়ে ভাগ করতে হবে। ভাগশেষ যত থাকবে, প্রদত্ত তারিখের সামনের কোন বার জানতে চাইলে প্রদত্ত তারিখের সাথে তত দিন যোগ করতে হবে। পিছনের বার জানতে চাইলে তত বিয়োগ করতে হবে। এখানে মোট দিন ৩৬৫।

৭) ৩৬৫ (৫২
৩৬৪
১

১৯৯৯ সালের প্রদত্ত বার সোমবার সুতরাং একদিন বাদ দিয়ে ১৯৯৮ সালের ১ ফেব্রুয়ারি হবে রবিবার।

০৯. ২০১২ সালের ১ লা জুন শুক্রবার, ২০১৩ সালের ১লা জুন কী বার হবে?
ক. শুক্রবার খ. শনিবার গ. রবিবার ঘ. সোমবার

Ans. খ ব্যাখ্যা পরের বছরের একই দিন সপ্তাহে একদিন পর হবে। এক্ষেত্রে শনিবার হবে। কিন্তু মাসে লীপইয়ার ডেট (২৯/০২) পড়লে একদিন বেশি ধরতে হবে। ২০১২ সাল লিপইয়ার বিধায় একদিন বেশি ধরতে হবে।

১০. ২০১৩ সালের ১লা জানুয়ারি মঙ্গলবার হলে। ঐ বছরের ১২ই অক্টোবর কী বার হবে?
ক. রবিবার খ. সোমবার গ. শনিবার ঘ. মঙ্গলবার

Ans. গ ব্যাখ্যা সাধারণ বছরে, ০৩/১- তিথি তারিখ আর ৪/৪, ৬/৬, ৮/৮, ১০/১০, ১২/১২, তারিখগুলো অনুরূপ তারিখ আর এগুলো সপ্তাহের একই দিন। এ কারণে এক্ষেত্রে ০৩/০১ বৃহস্পতিবার = ১০/১০। ∴ ১২/১০ শনিবার।

১১. If 3rd January 2010 was Sunday. What was the day 3rd January 2008?
A. Tuesday B. Wednesday C. Thursday D. Friday

Ans. C ব্যাখ্যা Normally, same date of past 2 year = -2day.
But, leap year 2008 is included here. So it is -3 days or Thursday.

১২. Suppose, your birthday is on 24 July & you were born in 1990; if 24 July, 2010 is Saturday, exactly on what day of the week did you come to the Earth?
A. Sunday B. Monday C. Tuesday D. Wednesday

Ans. C ব্যাখ্যা There are 5 leap years in the mentioned duration. So the day was back for 5+20=25=4 days (25=21+4).
So it was Saturday – 4 = Tuesday.

১৩. How many days will there be from 26th January, 1996 to 15th May, 1996 (both days included)?
A. 102 B. 103 C. 111 D. 120

Ans. C ব্যাখ্যা Number of days from 26-Jan-1996 to 15-May-1996 (both days included) = 6(Jan) + 29(Feb) + 31(Mar) + 30(Apr) + 15(May) = 111.

## বাংলা সন

**Arabic**
**English**
**Bangla**

সম্রাট আকবরের নির্দেশে আমির ফতেহউল্লাহ সিরাজী সম্রাট আকবরের সিংহাসনে আরোহনের দিনে বাংলা সনের প্রবর্তন করেন। বছরের প্রথম পাঁচ মাস বৈশাখ হতে ভাদ্র পর্যন্ত ৩১ দিনের, বাকী মাসগুলো অর্থাৎ আশ্বিন থেকে চৈত্র পর্যন্ত ৩০ দিনের মাস এবং প্রতি চতুর্থ বছরে চৈত্র মাসে একদিন যোগ করে তা হবে ৩১ দিনের। অর্থাৎ বাংলা বছরের চৈত্র মাস লিপিয়ার।

## বাংলা সন নির্ণয়

ক. ইংরেজী সনের তারিখ ১ জানুয়ারি থেকে ১৩ এপ্রিল-এর মধ্যে হলে বাংলা সন= ইংরেজী সন – ৫৯৪

খ. ইংরেজী সনের তারিখ ১৪ এপ্রিল থেকে ৩১ ডিসেম্বর-এর মধ্যে হলে বাংলা সন=ইংরেজী সন – ৫৯৩

## ইংরেজী সন

অধিবর্ষ বের করতে আমরা কোনো সালকে ৪ দ্বারা ভাগ করি। যদি দেখি যে ভাগ প্রক্রিয়াটি নিঃশেষে বিভাজ্য হয়েছে তবে ঐ সালকে অধিবর্ষ বা Leap year বলি। জুলিয়াস সিজার অধিবর্ষ বা লিপিয়ার প্রবর্তন করেন।

## আরবী সন বা হিজরী সন

হযরত মুহাম্মদ (সাঃ) মক্কা থেকে মদিনায় হিযরতের দিন অর্থাৎ ১৬ জুলাই, ৬২২ খ্রিস্টাব্দকে আরবী মাসের প্রথম দিন ধরে হিজরী সাল গণনা করা হয়। খলিফা হযরত ওমর (রাঃ) ৬৩৮ খ্রিষ্টাব্দে হিজরী সন কার্যকর করেন।

Ø **বাংলা ও ইংরেজী সনের ভিত্তি সূর্য, পক্ষান্তরে আরবী সনের ভিত্তি হল চাঁদ।**

Ø **বাংলা ও ইংরেজী সনের এক বছর = ৩৬৫ দিন, আরবী ১ বছর = ৩৫৪ দিন।**

**০১. নিচের কোন বছরটি অধিবর্ষ (Leap year)?**

ক. ১৭০০ খ. ১৮০০ গ. ২০০০ ঘ. ১৯০০

**Ans: গ ব্যাখ্যা** এদের মধ্যে মাত্র ২০০০ সালটি অধিবর্ষ। কারণ শতাব্দীর ক্ষেত্রে ৪০০ দিয়ে নিঃশেষে বিভাজ্যগুলোই শুধু অধিবর্ষ হবে, ৪ দ্বারা নয়।

**০২. ২০১০ সালের ১ লা জানুয়ারী যদি শুক্রবার হয় তবে ঐ বছর কয়টি শুক্রবার পাওয়া যাবে?**

ক. ৫০ খ. ৫১ গ. ৫২ ঘ. ৫৩

**Ans: ঘ ব্যাখ্যা** যেহেতু, বছরে প্রথম দিনটি শুক্রবার,

শুক্রবারের সংখ্যা $\frac{365}{7}+1=52+1=53$ টি।

[বছরের যেই বার দিয়ে শুরু সেই বার দিয়েই শেষ। অর্থাৎ ২০১০ সালের ১ জানুয়ারি শুক্রবার ছিল। এ বছর ৩১ ডিসেম্বর হবে শুক্রবার। যদি সালটি লিপিয়ার হয় তবে ১ দিন যোগ করতে হয়। # মাসের ১,৮,১৫,২২ ও ২৯ তারিখ গুলো একই বার হয়।]

# বার বের করার কৌশল

## ২000 থেকে ২০৯৯ সালের ক্ষেত্রে নিচের নিয়ম অনুসরণ করতে হবেঃ

### বার কোডঃ-

শনিবার = ১; রবিবার = ২; সোমবার = ৩; মঙ্গলবার = ৪
বুধবার = ৫; বৃহস্পতিবার = ৬; শুক্রবার = ০।
সূত্র : $(A + B + C) \div 7$
A= সালটির শেষের দুই সংখ্যা ; B = আপনি যে সালের যে দিন বের করবেন সেই সালের আগের সাল পর্যন্ত ঐ শতাব্দিতে যে কয়টা লিপ ইয়ার ছিল; C = যে দিন বের করবেন সেদিন পর্যন্ত ঐ বছরে মোট যতদিন।

**উদাহরণ - ০১ :** ২০১৬ সালের ১৬ এপ্রিল কি বার ছিলো?
ক. শনিবার খ. রবিবার গ. সোমবার ঘ. মঙ্গলবার

Ans. ক ব্যাখ্যা এখানে, A= ১৬ ; B = ৪ (২০০০, ২০০৪, ২০০৮, ২০১২)
উল্লেখ্য, ২০১৬ সালের পূর্বে যতগুলো লিপইয়ার ছিলো সেগুলো ধরতে হবে। ২০১৬ কেও ধরা যাবে না।
C = (৩১ + ২৯ + ৩১ + ১৬) = ১০৭
সুতরাং $(A + B + C) \div 7$
(১৬ + ৪ + ১০৭) ÷ ৭ = ১২৭ ÷ ৭
যার ভাগশেষ ১। বার কোড অনুযায়ী শনিবার = ১
অতএব, দিনটি ছিল শনিবার।

৭) ১২৭ (১৮
৭
৫৭
৫৬
১

উল্লেখ্য, দিনটি কি বার ছিল সেটা ভাগশেষ কত, তার উপর নির্ভর করে। ভাগশেষ যদি ৫ হতো দিনটি হতো বুধবার। ভাগশেষ ০ হলে অর্থাৎ ভাগশেষ না থাকলে দিনটি শুক্রবার, ২ হলে রবিবার, ৩ হলে সোমবার, ৪ হলে মঙ্গলবার, ৬ হলে বৃহস্পতিবার।

**Note:** এখানে, C মানে হলো যে দিন বের করবেন সেদিন পর্যন্ত ঐ বছরে মোট যতদিন। উদাহরণ ১ এ দেখা যায় যে, ১৬ এপ্রিল পর্যন্ত ঐ বছরের মোট দিন হলো ১০৭ দিন। লেখা হয়েছে C = (৩১ + ২৯ + ৩১ + ১৬) = ১০৭। এখানে জানুয়ারি মাস=৩১ দিন, ফেব্রুয়ারি=২৯ দিন (যেহেতু ২০১৬ সাল লিপইয়ার), মার্চ=৩১ দিন, ১৬ এপ্রিল পর্যন্ত=১৬ দিন। এভাবে এগুলো যোগ করে C এর মান হয়েছে ১০৭।

**উদাহরণ - ০২ :** ২০১২ সালের ১৯ জুন কি বার ছিলো?
ক. সোমবার খ. মঙ্গলবার গ. বুধবার ঘ. শুক্রবার

Ans. খ ব্যাখ্যা এখানে, A= 12; B = 3 (2000, 2004, 2008)
C = (31 + 29 + 31 + 30 + 31 + 19) = 171
সুতরাং $(A + B + C) \div 7$
$(12 + 3 + 171) \div 7 = 186 \div 7$
∴ ভাগশেষ যেহেতু 4 থাকে সেহেতু বারটি মঙ্গলবার।

7) 186 (26
14
46
42
4

**১৯০০ থেকে ১৯৯৯ সালের ক্ষেত্রে নিচের নিয়ম অনুসরণ করতে হবেঃ**

**বার কোডঃ-**

সোমবার = ১,মঙ্গলবার = ২, বুধবার = ৩, বৃহস্পতি = ৪, শুক্র = ৫,শনিবার = ৬, রবিবার = ০

**উদাহরণ ০১)** ১৯৯৮ সালের ২ জানুয়ারী কি বার ছিলো?

(A+B+C) ÷ 7 এখানে, A = ৯৮;

= (৯৮+২৪+২) ÷ ৭ B = ২৪;

= ১২৪ ÷ ৭ C = ২;

```
7)124(17
  7
  --
  54
  49
  --
   5
```

∴ভাগশেষ ৫, সুতরাং দিনটি শুক্রবার।

**উদাহরণ ০২)** ১৯৯৬ সালের ২০ এপ্রিল কি বার ছিলো?

(A+B+C) ÷ 7 এখানে, A = ৯৬

= (৯৬+২৩+১১১) ÷ ৭ B = ২৩

= (১১৯+১১১) ÷ ৭ C = ১১১

= ২৩০ ÷ ৭

```
7)230(32
  21
  --
  20
  14
  --
   6
```

∴ভাগশেষ ৬। তাই, দিনটি শনিবার।

**১৮০০ থেকে ১৮৯৯ সালের ক্ষেত্রে নিচের নিয়ম অনুসরণ করতে হবেঃ**

**বার কোডঃ-**

বুধ= ১, বৃহস্পতি = ২, শুক্র = ৩, শনি = ৪, রবি = ৫, সোমবার = ৬, মঙ্গলবার = ০

**উদাহরণ ০১)** ১৮৩০ সালের ১৫ মার্চ কি বার ছিলো?

(A+B+C) ÷ 7 এখানে, A = ৩০

= (৩০+৭+৭৪) ÷ ৭ B = ৭

= ১১১ ÷ ৭ C = ৭৪

```
7)111(15
  7
  --
  41
  35
  --
   6
```

∴ভাগশেষ ৬ (সোমবার)।

**বিদ্র ঃ** (১৮০০-১৮৯৯) এবং (১৯০০-১৯৯৯) এর নিয়মগুলো মনে রাখতে সমস্যা হলে (২০০০-২০৯৯) এর সূত্রই অনুসরণ করো, সেটার বারকোড ও ঠিক রাখবে। ১৯০০ শতকের হলে ভাগশেষের

সাথে ২ যোগ করে উত্তর বের করতে হবে। ১৮০০ শতকের হলে ভাগশেষের সাথে ৪ যোগ করে উত্তর বের করতে হবে।

[যেকোন বার (Day) বিষয়ক অঙ্কই এই নিয়মে করা যাবে। এই অধ্যায়ের {Day and Date (বার/দিন/তারিখ/মাস/বছর)} আগের অধ্যায়সহ এই topic এর সকল অঙ্ক এই নিয়মে করা যাবে।]

## বিগত বছরের প্রশ্নাবলি

**01.** যদি গতকালের ৩ দিন আগে রবিবার হয়ে থাকে, আগামীকালের ২ দিন পর কি বার হবে? [JU: B Unit: 22-23: Set-P]

A. রবিবার B. সোমবার C. মঙ্গলবার D. বুধবার

**Ans B** ব্যাখ্যা গতকালের ৩ দিন আগে = রবিবার। তাহলে আজ বৃহস্পতিবার, আর আগামীকাল শুক্রবার। আর শুক্রবারের ২ দিন পর হলো সোমবার।

**02.** এখন যদি জুন মাস হয়, তবে এখন থেকে ১০০ মাস পর কি মাস হবে? [JU: B Unit: 20-21: Set-C]

A. অক্টোবর B. ডিসেম্বর C. জুন D. ফেব্রুয়ারি

**Ans A** ব্যাখ্যা জুন মাসের সাথে ১০০ মাস যোগ করলে ১০০ তম মাস হয় সেপ্টেম্বর। কিন্তু প্রশ্নে বলা হচ্ছে ১০০ মাস পর অর্থাৎ পরবর্তী মাস বা ১০১ তম মাস কোনটি? সে হিসেবে ১০১ তম মাস হলো অক্টোবর।

**03.** Manna went to the movies nine days ago. He goes to the movies only on Thursday. Which day is today? (জা.বি. Unit-F; Set-D; 19-20)

A. Saturday B. Sunday C. uncertain D. not given

**Ans A** ব্যাখ্যা 9 দিন আগে বৃহস্পতিবার হলে তার ৭দিন পরে ৮ম দিনে শুক্রবার তাই আজ শনিবার।

**04.** The day after the day after tomorrow is four days before Monday. What day is today? (জা.বি. Unit-F; Set-G; 19-20)

A. Monday B. Tuesday C. Wednesday D. Friday

**Ans A** ব্যাখ্যা পরশুর পরদিন হলো সোমবারের ৪দিন আগের দিন অর্থাৎ দিন অর্থাৎ বৃহস্পতিবার। পরশুর পরদিন যদি বৃহস্পতিবার হয় তাহলে আজ সোমবার।

**05.** If the first day of the year (other than the leap year) was Friday, then which was the last day of that year? (CoU: 2015-16)

A. Wednesday B. Thursday C. Friday D. Sunday

**Ans C** ব্যাখ্যা কোন বছরের ১ম দিন যে 'বার' হয় সে বছরের শেষদিন ও একই 'বার' হয়। তবে লিপইয়ার হলে + ১ দিন হয়। প্রশ্নে যেহেতু বলা আছে লিপইয়ার নয় এমন একটি বছরের ১ম দিন শুক্রবার। তাহলে সেই বছরের শেষ দিন ও হবে শুক্রবার। যদি বলা হতো বছরটি লিপইয়ার। তবে বছরের শেষদিন হতো 'শুক্রবার + ১ দিন' = শনিবার।

**06.** As tomorrow is to yesterday, so Tuesday is to- (CoU: 2015-16)

A. Thursday B. Wednesday C. Sunday D. Saturday

**Ans C** ব্যাখ্যা Tomorrow = Yesterday

অর্থাৎ, যেদিন বলা হবে তার ২ দিন আগে হবে- Tomorrow, Today Yesterday

Tuesday → Monday → Sunday

07. যদি আগামীকাল হয় গত কাল, তাহলে মঙ্গলবার হবে- (JU: 2012-13, Unit: C, Set: 3)

A. রবিবার  B. সোমবার  C. বুধবার  D. শনিবার

**Ans: A** **ব্যাখ্যা** আগামীকাল = গতকাল। অর্থাৎ, যেদিন বলা হবে তার ২ দিন আগের দিন হবে।

আগামীকাল → আজ → গতকাল

মঙ্গলবার → সোমবার → রবিবার

08. **It is now June, what month will it be after 100 months from now?** (CoU: 2015-16)

A. January  B. April  C. June  D. October

**Ans: D** **ব্যাখ্যা** ১২ মাসে ১ বছর।

১২)১০০(৮
৯৬
৪

এখন জুন মাস ৯৬ মাস পরেও ঠিক জুন মাসই হবে কিন্তু প্রশ্নে বলা আছে ১০০ মাস। যেহেতু জুন + ৪ মাস = অক্টোবর মাস। এ ধরনের প্রশ্নে মাস জানতে চাইলে সংখ্যাটিকে ১২ দিয়ে ভাগ করতে হবে। শেষে ভাগশেষ যেটা থাকবে সেটা উল্লেখিত মাসের সাথে যোগ করলেই কাঙ্ক্ষিত মাস বেরোবে। আর 'বার' জানতে চাইলে ৭ দিয়ে ভাগ করতে হবে। বাকি সব একই নিয়মে করতে হবে।

09. ২০০৯ সালের ২৮ আগস্ট শুক্রবার ছিল। ঐ বছরের ১ অক্টোবর কি বার ছিল? (কবি নজরুল বি: ২০১৬-১৭, ইউনিট: খ)

A. বুধবার  B. বৃহস্পতিবার  C. শুক্রবার  D. শনিবার

**Ans: B** **ব্যাখ্যা** এখানে, A = ০৯, B = ৩ (২০০০,২০০৮,২০০৮),

C = (৩১ + ২৮ + ৩১ + ৩০ + ৩১ + ৩০ + ৩১ + ৩১ + ৩০ + ১ = ২৭৪ দিন

∴ (A + B + C) ÷ ৭ = (৯ + ৩ + ২৭৪) ÷ ৭ = ২৮৬ ÷ ৭

৭)২৮৬(৪০
২৮০
৬

ভাগশেষ ৬ অর্থাৎ দিনটি বৃহস্পতিবার। [সূত্রটি ভালোভাবে বুঝতে 'বার বের করার কৌশল' অংশে দেখো।

10. আগামীকালের তিনদিন পর যে দিনটি আসবে তা শনিবার। গতকালের দুইদিন পূর্বের দিনটি কী ছিলো? (বেগম রোকেয়া বি: ২০১৫-১৬, ইউনিট:C)

A. শুক্রবার  B. রবিবার  C. শনিবার  D. সোমবার

**Ans: A** **ব্যাখ্যা** আগামীকাল + ৩ দিন এর পরের দিন = শনিবার

তার মানে মঙ্গলবার, বুধবার, বৃহঃ, শুক্রবার, শনিবার আগামীকাল ৩দিন

তার মানে এখানে আগামীকাল 'মঙ্গলবার' আজ 'সোমবার' গতকাল 'রবিবার'। গতকালের পূর্বের দিন 'শনিবার' এর পূর্বের দিন অর্থাৎ গতকালের দুইদিন পূর্বের দিন। 'শুক্রবার'।

11. ২০১৪ সালের ১ জানুয়ারি বুধবার হলে একই বছর ৩০ শে জুন কি বার হবে? (ঢাবি ১৮-১৯, D, শাখা G)

A. শনিবার  B. রবিবার  C. সোমবার  D. বুধবার

**Ans: C** **ব্যাখ্যা** বার বের করার কৌশল অনুযায়ী, A = ১৪, B = ৪,

C = (৩১ + ২৮ + ৩১ + ৩০ + ৩১ + ৩০) = ১৮১

∴ (A + B + C) ÷ ৭ = ( ১৮ + ৮ + ১৮১) ÷ ৭ = ১৯৯ ÷ ৭

৭)১৯৯(২৮
১৪
৫৯
৫৬
৩

ভাগশেষ ৩ মানে দিনটি 'সোমবার'।

12. ২০১৫ সালের ১ জানুয়ারি বৃহস্পতিবার হলে একই বছর ৩১ মে কী বার হবে? (জাবি: ১৮-১৯, ইউনিট: D, সেট: E)

A. শুক্রবার B. শনিবার C. রবিবার D. বৃহস্পতিবার

Ans. C ব্যাখ্যা বার বের করার কৌশল অনুযায়ী, A = ১৫, B = ৮

C = (৩১ + ২৮ + ৩১ + ৩০ + ৩১) = ১৫১

∴ (A + B + C) ÷ ৭

= ১৫ + ৪ + ১৫১) ÷ ৭

= ১৭০ ÷ ৭

৭)১৭০(২৪
১৪
৩০
২৮
২

ভাগশেষ ২ মানে দিনটি রবিবার

13. ২০১৩ সালের ১ জানুয়ারি মঙ্গলবার হলে, একই বছর ৩০ সেপ্টেম্বর কী বার হবে? (জাবি: ২০১৮১১, ইউনিট: D, সেট: I)

A. সোমবার B. বুধবার C. বৃহস্পতিবার D. শনিবার

Ans. A ব্যাখ্যা বার বার করার কৌশল অনুযায়ী, A = ১৩, ই = ৮ C = (৩১ + ২৮ + ৩১+ ৩০ + ৩১ + ৩১ + ৩০) = ২৭৩

∴ (A + B + C) ÷ ৭ = (১৩ + ৮ + ১৭৩) ÷ ৭ = ২৯০ ÷ ৭

৭)২৯০(৪১
২৮
১০
৩

যেহেতু ভাগশেষ ৩, সুতরাং দিনটি সোমবার।

14. **The day before the day before yesterday is five days after Saturday. Whatday is it today?** (জাবি: ১৮-১৯, ইউনিট: G (IBA), সেট: C)

A. Friday B. Monday C. Tuesday D. Sunday

Ans. D ব্যাখ্যা **The day before yesterday** = পরশু হলো শনিবারের ৫ দিন পরের দিন ২ শুক্রবার, শনিবার + রবিবার, সোমবার, মঙ্গলবার, বুধবার বৃহস্পতিবার, শুক্রবার ৪দিন পর তার মানে পরশু শুক্রবার গতকাল শনিবার আজ রবিবার।

## টপিক- ০৭ জন্ম তারিখ থেকে বয়স বের করা

জীবনের অনেক ক্ষেত্রেই জানতে চাওয়া হয় তোমার বয়স কত? অনেক ফর্মেই মাস, দিনসহ জানতে চায়।

### Exact বয়স বের করার নিয়ম

প্রথমে বর্তমান/সর্বশেষ তারিখ,মাস, সাল লিখতে হবে। এর নিচে জন্ম তারিখ লিখে বিয়োগ করতে হবে। বিয়োগ শুরু করতে হবে প্রথমে দিন/তারিখ থেকে। যদি বর্তমান তারিখের চেয়ে জন্ম তারিখ বড় হয় তবে বর্তমান তারিখের সাথে ১ মাস অর্থাৎ ৩০ দিন যোগ করে নিতে হবে, এরপর সেটা থেকে জন্ম তারিখ বিয়োগ করতে হবে।.হাতে থাকবে ১ যেটা যোগ হবে জন্ম মাসের সাথে।এবার বর্তমান মাস থেকে জন্ম মাস বিয়োগ দিতে হবে। যদি বর্তমান মাস ছোট হয় তবে এর সাথে ১ বছর অর্থাৎ ১২ মাস যোগ করে নিতে হবে। এবার সেটা বিয়োগ করতে হবে। হাতে থাকলো ১ ; যেটা যোগ হবে জন্ম বছরের সাথে। এবার এটা বিয়োগ করতে হবে বর্তমান বছর থেকে। এবার দিন এর সাথে ১ যোগ করো। কেননা যেদিন জন্মগ্রহণ করেছিলো সেইদিনটি ও হিসেবে আনতে হবে বয়স বের করার ক্ষেত্রে। যদি দিন/তারিখ, মাস এর ক্ষেত্রে বর্তমান মাস বড় থাকে তবে হাতে কিছু থাকবে না, স্বাভাবিক বিয়োগ হবে। নিয়ম স্বাভাবিক বিয়োগের মতই। পার্থক্য হলো, উপরের সংখ্যা ছোট

হলে স্বাভাবিক বিয়োগে উপরের সংখ্যার সাথে ১০ যোগ করা হয় ; আর এক্ষেত্রে ৩০ বা ১২ যোগ করতে হয়। জন্ম তারিখ থেকে বর্তমান তারিখ ছোট হলে বর্তমান তারিখের সাথে ৩০ যোগ করে নিতে হয়। জন্ম মাস থেকে বর্তমান মাস ছোট হলে বর্তমান মাসের সাথে ১২ যোগ করে নিতে হয়।

**উদাহরণ: ইব্রাহিমের জন্ম ১২/৫/১৯৯৭ হলে আজ (১/৮/২০২০ ) তার বয়স কত ?**

**ব্যাখ্যা**

| | | |
|---|---|---|
| ১ | ৮ | ২০২০ |
| ১২ | ৫ | ১৯৯৭ |
| ১৯ | ২ | ২৩ |
| + ১ | | |
| ২০ দিন | ২ মাস | ২৩ বছর |

**Ans:**

## বিগত বছরের প্রশ্নাবলি

**01. তোমার খালুর জন্ম তারিখ ১.০৮.১৯৭৪ হলে, ২৩.০৯.২০১৮ তারিখে তাঁর বয়স কত হবে? (জাবি: ২০১৮-১৯, ইউনিট: D, সেট: A)**

A. ৪৪ বছর ২ মাস ২২ দিন
B. ৪৪ বছর ১ মাস ২২ দিন
C. ৪৪ বছর ২ মাস ১২ দিন
D. ৪৪ বছর ১ মাস ১২ দিন

**Ans. B** **ব্যাখ্যা**

| | | |
|---|---|---|
| ২৩ | ৯ | ২০১৮ |
| ০১ | ৮ | ১৯৭৪ |
| ২২ | ১ | ৪৪ |
| + ১ | | |
| ২৩ দিন | ১ মাস | ৪৪ বছর (Ans:) |

যেহেতু অপশনে ২৩ দিন নাই যেহেতু অপশন অনুযায়ী ৪৪ বছর ১ মাস ২২ দিন সঠিক। তবে মূলত সঠিক হচ্ছে ৪৪ বছর ১ মাস ২৩ দিন। কারণ যেদিন জন্ম হয় সেদিনকে ও হিসেবে ধরতেই হয়।

**02. তোমার মামার জন্ম তারিখ ১৭.০৪.১৯৭২ হলে, ২৩.০৯.২০১৮ তারিখে তাঁর বয়স কত হবে? (জাবি: ২০১৮-১৯, ইউনিট: D, সেট: M)**

A. ৪৬ বছর ৫ মাস ৬ দিন
B. ৪৬ বছর ৪ মাস ৬ দিন
C. ৪৫ বছর ৫ মাস ৬ দিন
D. ৪৫ বছর ৪ মাস ৬ দিন

**Ans. A** **ব্যাখ্যা**

| | | |
|---|---|---|
| ২৩ | ৯ | ২০১৮ |
| ১৭ | ৪ | ১৯৭২ |
| ৬ | ৫ | ৪৬ |
| +১ | | |
| ৭ দিন | ৫ মাস | ৪৬ বছর (Ans:) |

সঠিক উত্তর → ৭ দিন ৫ মাস ৪৬ বছর কিন্তু যেহেতু অপশনে ৭দিন নেই আছে ৬দিন সেহেতু অপশন অনুযায়ী সঠিক ধরা যায় ৪৬ বছর ৫ মাস ৬ দিন। কিন্তু প্রকৃতপক্ষে সঠিক হচ্ছে- ৪৬ বছর ৫ মাস ৭ দিন।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ব্যতিক্রমী সাধারণ জ্ঞান আসে, ঐ ভয় জয় করতে ছায়ামঞ্চ পাবলিকেশন্স এর এক অনন্য ও ব্যতিক্রমী আয়োজন -

জাহাঙ্গীরনগর SPECIAL GK

## টপিক- ০৮ সময় ও ঘড়ি বিষয়ক সমস্যা




৬০ সে. = ১মি. ; ৬০ মি. = ১ ঘন্টা ;২৪ ঘন্টা = ১ দিন।

→ ঘড়ির কেন্দ্রে উৎপন্ন কোণ ৩৬০° বা পরিধি ৩৬০°

→ ঘড়ির দুটি ঘন্টার দাগের মধ্যবর্তী কোণ = ৩০°। [সহজে মনে রাখার উপায় = $\frac{\text{৩৬০° (৩৬০ আউলিয়ার দেশ সিলেট)}}{\text{১২(১২ আউলিয়ার দেশ চট্টগ্রাম)}}$ = ৩০°]

→ ঘড়ির ঘন্টা ও মিনিটের কাঁটার মধ্যবর্তী কোণ = $\left|\frac{11 \times M - 60 \times H}{2}\right|^0$

[কখনো মধ্যবর্তী কোণের মান ঋণাত্মক পেলে ঐ ঋণাত্মক চিহ্ন বাদ দিতে হবে। মধ্যবর্তী কোণ সর্বদা ধনাত্মক মানের হবে।]

বিঃ দ্রঃ এখানে M = প্রশ্নে উল্লেখিত মিনিট।

H = প্রশ্নে উল্লেখিত ঘন্টা।

→প্রতি মিনিটে মিনিটের কাঁটা ৬° কোণ উৎপন্ন করে।

N: B: কারণ এক দাগ থেকে আরেক দাগ মোট ৩০° এবং ৫ মিনিটের দূরত্ব। একটি ঘন্টার কাটা ৬০ মিনিটে যেহেতু একটি ঘন্টার দাগ থেকে আরেকটি ঘন্টার দাগে পৌছে এবং এক দাগ থেকে আরেক দাগের দূরত্ব মোট ৩০°)।

→ একটি ঘন্টার কাঁটা প্রতি মিনিটে $\left(\frac{1}{2}\right)^0$ কোণ উৎপন্ন করে।

→ উৎপন্ন কোণের মান যদি ১৮০° ডিগ্রী থেকে বড় হয় তবে প্রাপ্ত কোণ ৩৬০° থেকে বিয়োগ করতে হবে।

→ কোণের মান ঋণাত্মক হলে, ধনাত্মক ধরতে হয়।

→ প্রতি ১২ ঘন্টায় একটি ঘড়ির কাঁটা ও মিনিটের কাঁটা মোট ১১ বার মিলিত হয়। (১১ টা থেকে ১ টা পর্যন্ত শুধু ১ বার মিলিত হয়) সুতরাং ২৪ ঘন্টায় ২২ বার মিলিত হয়।

→ একটি ঘড়ি নষ্ট হলেও প্রতিদিন ২ বার সঠিক সময় নির্দেশ করে।

### কিছু কোণের মান মুখস্থ রাখা ভাল

♥ ১. ৩:০০ টার সময় ঘন্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যবর্তী কোণের মান = ৯০°।

♥ ২. ৬:০০ টার সময় = ১৮০°।

♥ ৩. ৯:০০ টার সময় = ৯০°। কেননা ৯:০০ টার সময় ঘন্টার কাঁটা ও মিনিটের কাটার মধ্যবর্তী কোণের মান ২৭০° যা ১৮০° থেকে বড়। অর্থাৎ ২৭০° > ১৮০° = ৩৬০° − ২৭০° = ৯০°।

♥ ৪. ১২:০০ টার সময় = ০°। কেননা ১২:০০ টার সময় ঘন্টার কাঁটা ও মিনিটের কাটার মধ্যবর্তী কোণের মান ৩৬০° যা ১৮০° থেকে বড়। অর্থাৎ ৩৬০° > ১৮০° = ৩৬০° − ৩৬০° = ০°।

♥ ৫. সকাল ১১ টা থেকে ১টা পর্যন্ত মিনিটের কাঁটা ঘন্টার কাঁটাকে ১ বার অতিক্রম করে।

### ঘড়ির সময় হাড়ালে কৌশল

যদি ঘড়ি সময় হারায় তবে, নিম্নোক্ত সূত্র ব্যবহার করে সঠিক সময় বের করুন। $\frac{\text{১২} \times \text{৬০}}{\text{হারানো সময়}}$ দিন।

যেমন- যদি একটি ঘড়ি ৯ মি. সময় হারায় তাহলে কতদিন পর পুনরায় সঠিক সময় দিবে?

ব্যাখ্যা : $\frac{\text{১২} \times \text{৬০}}{\text{৯}}$ = ৮০ দিন।

ঘড়ি নষ্ট হলে ১২ ঘন্টা পর আবার সঠিক সময় দেয়। কিন্তু ঘড়ি যদি সেকেন্ড হারায় সেক্ষেত্রে = $\frac{\text{১২} \times \text{৬০} \times \text{৬০}}{\text{হারানো সময়}}$ দিন।

## আয়নার সময় ও প্রকৃত সংক্রান্ত কৌশল

যদি শুধু ঘন্টা ও মিনিট দেওয়া থাকে তাহলে-

- Ø প্রকৃত সময় = ১১ : ৬০ – আয়নার সময়
- Ø আয়নার সময় = ১১ : ৬০ – প্রকৃত সময়।
- Ø যদি ঘন্টা, মিনিট ও সেকেন্ড উল্লেখ থাকে তাহলে।
- Ø প্রকৃত সময় = ১১ : ৫৯ : ৬০ – আয়নার সময়
- Ø আয়নার সময় = ১১ : ৫৯ : ৬০ – প্রকৃত সময়।

**উদাহরণ:** আয়নায় দেখা গেল ৬ : ৩০ বাজে। তখন প্রকৃত সময় কত?

**ব্যাখ্যা** : প্রকৃত সময় ১১ : ৬০ – আয়নার সময় = ১১ : ৬০ – ৬ : ৩০ = ৫ : ৩০ বাজে।

## মিনিটের কাঁটা ও ঘণ্টার কাঁটা বিষয়ক কৌশল

- Ø মিনিটের কাঁটা ও ঘন্টার কাঁটা ১২ ঘন্টায় ২২ বার ৯০° কোণ উৎপন্ন করে।
- Ø মিনিটের কাঁটা ও ঘন্টার কাঁটা ২৪ ঘন্টায় ৪৪ বার ৯০° কোণ উৎপন্ন করে।

## শুধু ঘণ্টা বিষয়ক কৌশল

- Ø ঘড়ির ঘন্টা ও মিনিটের কাঁটার মধ্যবর্তী কোণ = যে ঘন্টা দেওয়া থাকবে × ৩০°

যেমন:- ৪ টা বাজে ঘন্টা ও মি. কাঁটার মধ্যবর্তী কোণ কত?= ৪ × ৩০° = ১২০°।

০১. সকাল ১১ টা থেকে দুপুর ১টা পর্যন্ত ঘড়িতে মিনিটের কাঁটা ঘন্টার কাঁটাকে কতবার অতিক্রম করবে?

ক. ১ বার খ. ২ বার গ. ৩ বার ঘ. ৬০ বার

Ans: ক ব্যাখ্যা: মিনিটের কাঁটা ঘন্টার কাঁটাকে প্রতি ঘন্টায় একবার অতিক্রম করলেও ১১ টা থেকে ১টা পর্যন্ত মাত্র ১ বার, ঠিক ১২ টার সময় অতিক্রম করে।

০২. A clock losses 10 minutes each day. How many days will take to reach a point where the clock will indicate the correct time?
(একটি ঘড়ি প্রতিদিন ১০ মিনিট ধীরে চলে। কতদিন পর এটি সঠিক সময় দেবে?)

ক. 36 খ. 72 গ. 120 ঘ. None of these

Ans: খ ব্যাখ্যা: $\frac{12 \times 60}{10}$ {১২ ঘন্টা = ১২ × ৬০ মিনিট} = ৭২ [সূত্র ব্যবহার করে]
∴ দিনে ১০ মিনিট ধীর গতিতে চললে ৭২ দিন পর ঠিক সময় দেবে।

০৩. The hour hand of an analog clock move 1/60th of the degree every minute. Then how many degrees the hour hand will move in one hour? (একটি এনালগ ঘড়ির ঘন্টার কাঁটা প্রতি মিনিটে ১/৬০ ডিগ্রী পথ অতিক্রম করে। ১ ঘন্টায় ঘন্টার কাঁটা কত ডিগ্রী অতিক্রম করবে?)

ক. 1 degree খ. 2 degree গ. 3 degree
ঘ. 4 degree ঙ. 5 degree

Ans: ক ব্যাখ্যা: যেহেতু ১ ঘন্টা = ৬০ মিনিট ∴ গুণ বা $60 \times \frac{1}{60} = 1^0$ অতিক্রম করবে।

০৪. The circular clock above shows a time of exactly 3:30. What is the value of x in degree? (একটি বৃত্তাকার ঘড়ি ঠিক ৩:৩০ মিনিট সময় দেখাচ্ছে। $\angle x$ এর মান কত?)

ক. $60^0$ খ. $75^0$ গ. $85^0$ ঘ. $90^0$

Ans. খ ব্যাখ্যা $\angle = \left|\frac{11m-60h}{2}\right|^0 = \left|\frac{11\times30-60\times3}{2}\right|^0 = \left|\frac{330-180}{2}\right|^0 = \frac{150^0}{2} = 75^0$

০৫. একটি দেয়াল ঘড়িতে সকাল ৮:৪০ বাজে। আয়নার মধ্যে এ সময়কে কত দেখাবে?

ক. ৪ : ২০ খ. ৩ : ৪০ গ. ৩ : ২০ ঘ. ২ : ২০

Ans. গ ব্যাখ্যা MT (Mirror time) = 11 : 60 – RT (Real Time)
= 11:60 – 8:40 = 3:20

০৬. সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত এনালগ ঘড়ির কাঁটা ঘন্টার কাঁটার উপর দিয়ে কতবার অতিক্রম করে?

ক. ১২ বার খ. ১৩ বার গ. ১১ বার ঘ. ১০ বার

Ans. গ ব্যাখ্যা মিনিটের কাঁটা, ঘন্টার কাঁটাকে প্রতি ঘন্টায় একবার অতিক্রম করলেও ১১-১ টা পর্যন্ত দু'ঘন্টায় একবার অতিক্রম করবে। এজন্য ১২ ঘন্টায় ১১ বার হবে।

০৭. How many degrees does a minute hand move in 20 minutes?

ক. $20^0$ খ. $120^0$ গ. $60^0$ ঘ. $100^0$ ঙ. $90^0$

Ans. খ ব্যাখ্যা ১ ঘন্টায় মিনিটের কাঁটা পুরো ঘড়ি একবার বা $360^0$ ঘোরে।

$\therefore$ 20 মিনিটে বা $\frac{1}{3}$ ঘন্টায় ঘোরে $\frac{1}{3} \times 360^0 = 120^0$।

বিকল্প Solve: 1 min = $6^0$; 20 min = $6\times20 = 120^0$

০৮. It is 20 minutes 30 seconds after 7 pm in a wall hanged analog clock. What will be the time reflecting in the mirror counting second also?

ক. 4 : 29 : 20 খ. 4 : 40 : 30 গ. 4 : 39 : 30 ঘ. 4 : 29 : 30

Ans. গ ব্যাখ্যা Mirror reflected time = 11 : 59 : 60 – 7 : 20 : 30 = 4 : 39 : 30; 39 minutes 30 seconds past 4 pm.

০৯. It is 2 pm in an analog table clock. What is the angle between the hour & minute hand of the clock?

ক. $40^0$ খ. $60^0$ গ. $68^0$ ঘ. $90^0$

Ans. খ ব্যাখ্যা Angle ($\angle$) = h $\times 30^0 = 2 \times 30^0 = 60^0$.

১০. একটি ঘড়িতে ৬টার ঘন্টা ধ্বনি ঠিক ৬ টার শুরু করে বাজতে ৫ সেকেন্ড সময় লাগে, ঐ ঘড়িতে ১২ টার ঘন্টা ধ্বনি বাজতে কত সেকেন্ড সময় লাগবে?

ক. ১১ সে. খ. ১০ সে. গ. ১২ সে. ঘ. ১০$\frac{১}{৫}$ অংশ

Ans. ক ব্যাখ্যা আমরা জানি ৬ টার সময় ৬ টি ঘন্টা বাজে ১২ ঘন্টার সময় ১২ টি ঘন্টা বাজে। যখন ৬ টা বাজে তখন ১ টি ঘন্টা বাজে এবং পূর্ববর্তী ৫ টি ঘন্টা বাজতে ৫ সে. সময় লাগে অর্থাৎ ঘন্টা ধ্বনির মধ্যে ব্যবধান ১ সে. করে। একইভাবে ১২ টার সময় ১ টি ঘন্টা বাজার পর বাকি ১১ টি ঘন্টা বাজতে ১১ সে. সময় লাগবে।

১১. সকাল ১০.৫০ থেকে সকাল ১১.১৪ এর মধ্যে এক ঘন্টায় কতটুকু অতিক্রম হয়েছে?

ক. $\frac{২}{৫}$ খ. $\frac{৭}{৩০}$ গ. $\frac{১}{৬}$ ঘ. $\frac{১}{৪}$

Ans. ক ব্যাখ্যা ১০.৫০ থেকে ১১.১৪ পর্যন্ত সময় পার্থক্য = ২৪ মি.

আবার, ১ ঘন্টা = ৬০ মিনিট $\therefore \frac{24}{60}$ মিনিট = $\frac{2}{5}$ অংশ

১২. ১ ঘন্টা ২০ মি., ৪ ঘন্টার কত অংশ?

ক. $\frac{১}{৩}$ অংশ　খ. $\frac{২}{৩}$ অংশ　গ. $\frac{১}{৪}$ অংশ　ঘ. $\frac{১}{৭}$ অংশ

Ans. ক ব্যাখ্যা ৪ ঘন্টা = ২৪০ মি. ∴ ১ ঘন্টা ২০ মি. = ৬০ + ২০ = ৮০ মি.
তাহলে, ৮০ মি. ÷ ২৪০ মি. = $\frac{80}{240} = \frac{1}{3}$ অংশ

১৩. আপনার ঘড়িতে প্রতি ৩ ঘন্টায় কতবার মিনিটের কাঁটা ঘন্টার কাঁটাকে অতিক্রম করবে?

ক. ৫　খ. ৪　গ. ৩　ঘ. ২

Ans. ঘ ব্যাখ্যা ঘন্টা ও মিনিটের কাঁটা ১২ ঘন্টা থেকে চলা শুরু করলে ১২ টার পর অর্থাৎ ১ টা বাজার আগে একবার এবং পুনরায় ২ টা বাজার পূর্বে ২য় বার অতিক্রম করবে। ১২ টা থেকে ৩ টার সময় ৩ ঘন্টা। সুতরাং, ৩ ঘন্টায় মিনিটের কাঁটা ঘন্টার কাঁটাকে ২ বার অতিক্রম করবে। উল্লেখ্য যে যত ঘন্টা বলা থাকবে একবার কম হবে। যেহেতু ৩ ঘন্টা বলা আছে। সুতরাং ২ বার হবে।

১৪. রৌদ্রে ১ টা শার্ট শুকাতে একজন লোকের সময় লাগে ২ ঘন্টা । এরূপ ২০ টি শার্ট শুকাতে ২০ জন লোকের কত সময় লাগবে?

ক. ৪০ ঘন্টা　খ. ২০ ঘন্টা　গ. ২ ঘন্টা　ঘ. ১২ ঘন্টা

Ans. গ ব্যাখ্যা আলাদাভাবে প্রত্যেকটি শার্ট এর জন্য একই সময় লাগবে।

১৫. একটি দেয়াল ঘড়িতে ৯ টা বাজে তখন ঘন্টার কাঁটা যদি পশ্চিম দিকে থাকে তবে মিনিটের কাঁটা কোন দিকে থাকবে?

ক. পশ্চিম　খ. পূর্ব　গ. দক্ষিণ　ঘ. উত্তর

Ans. ঘ ব্যাখ্যা যদি ঘন্টার কাঁটা পশ্চিম দিকে থাকে তবে মিনিটের কাঁটা উত্তর দিকে থাকে।

১৬. একটি দেয়াল ঘড়িতে সময় দেখা যাচ্ছে ৫:৩০ মিনিট যদি মিনিটের কাঁটাটি পূর্ব দিকে থাকে তবে ঘন্টার কাটাটি কোন দিকে?

ক. উত্তর-পশ্চিম　খ. উত্তর-দক্ষিন　গ. উত্তর-পূর্ব　ঘ. দক্ষিন-পূর্ব

Ans. গ ব্যাখ্যা ৫:৩০ মিনিট সময় ঘন্টার কাটা মিনিটের কাটা দুটি পাশাপাশি থাকে। যদি মিনিটের কাটা পূর্ব দিকে থাকে তবে ঘন্টার কাটা উত্তর দিকে হেলে থাকে অর্থাৎ ঘন্টার কাটাটি পূর্ব কোনাকুনি থাকে।

## বিগত বছরের প্রশ্নাবলি

01. ৩টা ২০ মিনিটের সময় ঘন্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যে কত ডিগ্রি কোণ উৎপন্ন হয়? [JU: B-Unit: 22-23: Set-F]

A. $40^0$　B. $60^0$　C. $20^0$　D. $50^0$

Ans. C ব্যাখ্যা ঘন্টা ও মিনিটের কাঁটায় উৎপন্ন কোণ = $\left|\frac{11\times M-60\times H}{2}\right|^0$
$= \left|\frac{11\times 0-60\times 3}{2}\right|^0 = \left|\frac{220-180}{2}\right|^0 = \left|\frac{40}{2}\right|^0 = 20^0$

02. ২টা ৩০ মিনিটের সময় ঘন্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যে কত ডিগ্রি কোণ উৎপন্ন হয়? [JU: B-Unit: 22-23: Set-D]

A. ১২০°　B. ১০৫°　C. ৬০°　D. ৯০°

Ans. B ব্যাখ্যা ঘন্টা ও মিনিটের কাঁটার উৎপন্ন কোণ= $\left|\frac{11\times M-60\times H}{2}\right|^0$
$= \left|\frac{11\times 30-60\times 2}{2}\right|^0 = \left|\frac{330-120}{2}\right|^0 = \left|\frac{210}{2}\right|^0 = 105^0$

**03.** ৪টা ৩০ মিনিটের সময় ঘন্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যে কত ডিগ্রি কোণ উৎপন্ন হয়? [JU: Unit: 22-23: Set-G]

A. ৪০° B. ৫০° C. ৪৫° D. ৬০°

**Ans. C** ব্যাখ্যা ঘন্টা ও মিনিটের কাঁটায় উৎপন্ন কোণ $= \left|\frac{11\times M-60\times H}{2}\right|^0$
$= \frac{11\times 30-60\times 4}{2} = 45^0$

**04.** সকাল 10:50 থেকে সকাল 11:14 এর মধ্যে এক ঘন্টার কত অংশ অতিক্রম হয়েছে? (বেগম রোকেয়া বি: ২০১৫-১৬, ইউনিট: গ, সেট: ২)

A. $\frac{3}{4}$ B. $\frac{2}{3}$ C. $\frac{2}{5}$ D. $\frac{1}{6}$

**Ans. C** ব্যাখ্যা সকাল ১০: ৫০ থেকে সকাল ১১:১৪ পর্যন্ত =২৪ মিনিট
∴অতিক্রম হয়েছে $=\frac{24}{60}=\frac{2}{5}$ অংশ

**05.** এখন ঘড়িতে সাড়ে তিনটা বাজে, তাহলে ঘন্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যে কত মিনিটের পার্থক্য রয়েছে? (বেগম রোকেয়া বি: ২০১৫-১৬)

A. 11.00 B. 11.30 C. 12.00 D. 12.30

**Ans. D** ব্যাখ্যা সাড়ে তিনটার সময় ঘন্টার কাটা ও মিনিটের কাটার মধ্য পার্থক্য = ২ মি.৩০ সে. +৫মি. =১২ মি. ৩০ সে.




**06.** দেয়াল ঘড়িতে রাত ৯ টা বাজে, ঘন্টা ও মিনিটের কাঁটার মধ্যকার কোণটি কত হবে? (ঢাবি: ২০১২-১৩, ইউনিট : ঘ, সেট: ১)

A. 60° B. 70° C. 80° D. 90°

**Ans. D** ব্যাখ্যা মধ্যকার কোণ, $\theta = \left|\frac{60H-11M}{2}\right|^0 = \left|\frac{60\times 9-11\times 0}{2}\right|^0 = 270^0$
∴ উৎপন্ন কোণ হবে $= 360^0-270^0=90^0$

**07.** ঘড়ির কাটায় 12.15 মিনিট বাজলে কত ডিগ্রি প্রকাশ পাবে? (কবি নজরুল বি: ২০১৮-১৯, ইউনিট: D, সেট: ১)

A. 88.5° B. 90° C. 82.5° D. 92.5°

**Ans. C** ব্যাখ্যা কোণ $= \left|\frac{60H-11M}{2}\right|^0 = \left|\frac{60\times 12-11\times 15}{2}\right|^0 = 277.5^0$
∴ মধ্যবর্তী কোণ হবে $= 360^0-277.5^0=82.5^0$

**08.** কোন ঘড়িতে যখন 4 টা বাজে তখন ঘন্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যকার কোণটি কত হবে। (বেরোবি:১২-১৩)

A. 150° B. 60° C. 120° D. 90°

**Ans. C** ব্যাখ্যা মধ্যবর্তী কোণ, $\theta = \left|\frac{60H-11M}{2}\right|^0 = \left|\frac{60\times 4-11\times 0}{2}\right|^0 = \left|\frac{240}{2}\right|^0 = 120^0$

**09.** How many degree are between the hands of clock at 2:40? (JU: 2013-14, Unit: D, Set:1)

A. 140 B. $145^0$ C. 150° D. 160°

**Ans. D** ব্যাখ্যা মধ্যবর্তী কোণ, $\theta = \left|\frac{60H-11M}{2}\right|^0 = \left|\frac{60\times 2-11\times 0}{2}\right|^0 = |-160|^0 = 160^0$

10. **How many degrees does a minute hand move in 20 minutes?** (JU: 2015-16, Unit: E, Set:1)

A. 90 degree  B. 105 degree  C. 110 degree  D. 120 degree

Ans. **C** ব্যাখ্যা কোণ $= \left|\frac{60H-11M}{2}\right|^0 = \left|\frac{60\times0-11\times20}{2}\right|^0 = |-110|^0 = 110^0$

11. **১ ঘন্টা ২০ মিনিট ২ ঘন্টার কত অংশ?** (কবি নজরুল বি: ২০১৮-১৯, ইউনিট: D, সেট: ১)

A. $\frac{১}{৩}$ অংশ  B. $\frac{২}{৭}$ অংশ  C. $\frac{২}{৩}$ অংশ  D. $\frac{৩}{৪}$ Ask

Ans. **C** ব্যাখ্যা ১ ঘন্টা ২০ মিনিট =৬০+২০=৮০ মিনিট এবং ২ ঘন্টা =২×৬০=১২০
$\therefore \frac{৮০}{১২০} = \frac{২}{৩}$ অংশ

## টপিক- ০৯ Number Series (সংখ্যা সিরিজ) ও বর্ণের ধারা

এই Topic-এ মূলত কতগুলো সংখ্যাসারি কোন বিশেষ নিয়মানুসারে সাজানো থাকে। ঐ নিয়মানুসারে সংখ্যা সারির শেষ সংখ্যাটি কত হবে, তা বের করতে হবে।

### প্রাথমিক কিছু নিয়ম

a. মৌলিক সংখ্যার সিরিজ হতে পারে। যেমন- ২,৩,৫,৭,১১,১৩,১৭,১৯,২৩,<u>২৯</u>,৩১,<u>৩৭</u>
b. মৌলিক সংখ্যার সাথে কোন সংখ্যা (যোগ, বিয়োগ, গুণ, ভাগ) করে তৈরি করতে পারে।
c. সংখ্যার বর্গ করে সিরিজ তৈরী হতে পারে। যেমন- ১², ২², ৩², ৪², ৫² যথা- ১, ৪, ৯, ১৬, <u>২৫</u>।
d. সংখ্যার ঘন করে সিরিজ তৈরি করতে পারে। যেমন- ১³, ২³, ৩³, ৪³ বা ১, ৮, ২৭, ৬৪।
e. প্রথম ও দ্বিতীয় সংখ্যা যোগ করে সিরিজ তৈরি করতে পারে। যেমন- ১,১,২,৩,৫,৮,১৩,২১--।

### ১ থেকে ৫০০ পর্যন্ত মৌলিক সংখ্যার তালিকা




২, ৩, ৫, ৭, ১১, ১৭, ১৯, ২৩, ২৯, ৩১, ৩৭, ৪১, ৪৩, ৪৭, ৫৩, ৫৯, ৫৯, ৬১, ৬৭, ৭৩, ৭৯, ৮৩, ৮৯, ৯৭, ১০১, ১০৩, ১০৭, ১০৯, ১১৩, ১২৭, ১৩১, ১৩৭, ১৩৯, ১৪৯, ১৫১, ১৫৭, ১৬৩, ১৬৭, ১৭৩, ১৭৯, ১৮১, ১৯১, ১৯৩, ১৯৭, ১৯৯, ২১১, ২২৩, ২২৭, ২২৯, ২৩৩, ২৩৯, ২৪১, ২৫১, ২৫৭, ২৬৩, ২৬৯, ২৬৯, ২৭১, ২৭৭, ২৮১, ২৮৩, ২৯৩, ৩০৭, ৩১১, ৩১৩, ৩১৭, ৩৩১, ৩৩৭, ৩৪৭, ৩৪৯, ৩৫৩, ৩৫৯, ৩৬৭, ৩৭৩, ৩৭৯, ৩৮৩, ৩৮৯, ৩৯৭, ৪০১, ৪০৯, ৪১৯, ৪২১, ৪৩১, ৪৩৩, ৪৩৯, ৪৪৩, ৪৪৯, ৪৫৭, ৪৬১, ৪৬৩, ৪৬৭, ৪৭৯, ৪৮৭, ৮৯১, ৪৯৯

**বিদ্র :** (১-৫০০) পর্যন্ত মৌলিক সংখ্যা = ৯৫ টি।(১-১০০০) পর্যন্ত মৌলিক সংখ্যা = ১৬৮ টি।
(১-৫০০০) পর্যন্ত মৌলিক সংখ্যা = ৬৬৯ টি।

## মৌলিক সংখ্যা চেনার উপায়

কোনো সংখ্যা মৌলিক কিনা তা জানার জন্য উক্ত সংখ্যার পাশাপাশি পূর্ববর্গ সংখ্যার বর্গমূল নির্ণয় করে ঐ বর্গমূলের নীচে যতগুলো মৌলিক সংখ্যা আছে সেগুলো দ্বারা উক্ত উক্ত সংখ্যাটি নিঃশেষে বিভাজ্য না হলে তবে সংখ্যাটি মৌলিক।

০১. যদি $84\times13=8$, $37\times13=6$ হলে, $56\times22=?$

A. 36 B. 39 C. 7 D. 11

**Ans** C **ব্যাখ্যা** $(8+4)-(1+3)=8$; $(3+7)-(1+3)=6$ and $(5+6)-(2+2)=7$

০২. Find out the missing number in the following series. 65536, 256, 16,—?

A. 2 B. 4 C. 6 D. 8

**Ans** B **ব্যাখ্যা** $65536, \frac{65536}{256}=256, \frac{256}{16}=16, \frac{16}{4}=4$

০৩. Which number replace the question mark ?

| | | | |
|---|---|---|---|
| 4 | | | |
| 6 | 2 | | |
| 9 | 3 | 1 | |
| 19 | 10 | 7 | ? |

A. 12 B. 6 C. 9 D. 8

**Ans** B **ব্যাখ্যা** পরপর নিচের সংখ্যা থেকে উপরের সংখ্যা বাদ দিয়ে ডান পাশের বিয়োগফলটি পাওয়া যায়।

$6-4=2; 9-6=3; 19-9=10$

$3-2=1; 10-3=7; 7-1=6$

০৪. Look at the letter pattern and choose the correct option. JAK, KBL, LCM, MDN, ——

A. NEO B. MEN C. PFQ D. OEP

**Ans** A **ব্যাখ্যা**

J A K
K B L
L C M
M D N
N E O

অর্থাৎ

J K L M N
A B C D E
K L M N O

পরপর সাজানো হয়েছে।

০৫. Which number replaces the question mark?

2, 9, 30, 93, 282, ?

A. 439 B. 555 C. 849 D. 373

**Ans** C **ব্যাখ্যা**

| 2 | 9 | 30 | 93 | 282 | 849 |
|---|---|---|---|---|---|
| $1\times1+1$ | $2\times3+3$ | $9\times3+3$ | $30\times3+3$ | $93\times3+3$ | $282\times3+3$ |

০৬. 121, 225, 361, ?

ক. 441 খ. 484 গ. 529 ঘ. 729

**Ans** গ **ব্যাখ্যা** The numbers are $11^2, 15^2, 19^2$, ....i.e. $11^2, (11+4\times1)^2, (11+4\times2)^2$, .... Missing number $=(11+4\times3)^2=(23)^2=529$

০৭. Which number replaces the question mark?




A. 10 B. 9 C. 8 D. 4

Ans D ব্যাখ্যা $\frac{1+3+4}{2} = 4, \frac{7+7+6}{2} = 10, \frac{5+3+8}{2} = 6$

০৮. Which number can be placed at the sign of interrogation?

A. 12 B. 16 C. 8 D. 4

| | | |
|---|---|---|
| 6 | 6 | 8 |
| 5 | 7 | 5 |
| 4 | 3 | ? |
| 120 | 126 | 320 |

Ans C ব্যাখ্যা $6 \times 5 \times 4 = 120$; $6 \times 7 \times 3 = 126$; $8 \times 5 \times 8 = 320$

০৯. Which number replaces the question mark?




A. 4 B. 7 C. 9 D. 10

Ans D ব্যাখ্যা $(4 \times 4) - (5 \times 3) = 16 - 15 = 1$
$(6 \times 8) - (6 \times 7) = 48 - 42 = 6$; $(5 \times 8) - (5 \times 6) = 40 - 30 = 10$

১০. 2, 5, 9, 19, 37, ?

A. 67 B. 75 C. 79 D. 81

Ans B ব্যাখ্যা ১ম × ২ + ১ = ২য় (২ × ২ + ১ = ৫)
২য় × ২ − ১ = ৩য় (৫ × ২ − ১ = ৯)
৩য় × ২ + ১ = ৪র্থ (৯ × ২ + ১ = ১৯)
৪র্থ × ২ − ১ = ৫ম (১৯ × ২ − ১ = ৩৭);
৫ম × ২ + ১ = ৬ষ্ঠ (৩৭ × ২ + ১ = ৭৫)

১১. ১, ৪, ৬, ৮, ৯, ১০, ?

ক. ১১ খ. ১২ গ. ১৩ ঘ. ১৭

Ans খ ব্যাখ্যা এটি একটি অমৌলিক সংখ্যার ধারা। মৌলিক সংখ্যা নয় এমন সংখ্যাগুলোই অমৌলিক সংখ্যা। যেহেতু এটি একটি ধারাবাহিক অমৌলিক সংখ্যার সিরিজ সেহেতু উত্তর হবে ১২। তাছাড়া ১১, ১৩, ১৭ সবগুলোই মৌলিক সংখ্যা।

১২. **In the series : 7, 8, 9, 7, 6, 5, 3, 4, 8, 2, 2, 7, 9, 9, 4, 5, 2, 9, 7, 4, 7, 6 which figures have equal frequency?**

A. 3, 7, 5 B. 2, 4, 5 C. 8, 6, 5 D. 2, 5, 3

**Ans- C** **ব্যাখ্যা** এখানে জানতে চাওয়া হয়েছে কোন সংখ্যাগুলো এই সিরিজে সমান সংখ্যক বার আছে। এই সিরিজে ২ আছে ৩ বার, ৩ আছে ১ বার, ৪ আছে ৩ বার, ৫ আছে ২ বার, ৬ আছে ২ বার, ৭ আছে ৫ বার, ৮ আছে ২ বার, ৯ আছে ৪ বার। সুতরাং ৫, ৬ এবং ৮ সমান সংখ্যক বার অর্থাৎ ২ বার করে আছে।

১৩. প্রশ্নবোধক চিহ্নিত স্থানে কোন সংখ্যা বসবে?

| | | |
|---|---|---|
| 6 | 12 | 15 |
| 2 | 4 | 7 |
| 5 | 10 | ? |

A. 10 B. 13 C. 14 D. 15

**Ans- B** **ব্যাখ্যা** বামের কলামের সংখ্যাগুলোকে ২ গুণ করলে মাঝের কলাম এবং ৩ যোগ করে শেষ কলামের সংখ্যা পাওয়া যায়। 12 + 3 = 15; 4 + 3 = 7; 10 + 3 =13

১৪. **What is the next number in the series: 1, 1, 2, 3, 5, 8, 13, 21, .....?**

ক. 34 খ. 31 গ. 41 ঘ. 50

**Ans- ক** **ব্যাখ্যা** 1 + 1 = 2; 1 + 2 = 3; 3 + 5 = 8; 8 + 5 = 13
13 + 8 = 21; 13 + 21 = 34

১৫. শূন্যস্থানে কোন সংখ্যা বসবে?




ক. ১৫২ খ. ১৪৮ গ. ৫২ ঘ. কোনটিই নয়

**Ans- ক** **ব্যাখ্যা** ২ × ২ + ২ = ৬; ৬ × ২ + ৩ = ১৫; ১৫ × ২ + ৪ = ৩৪
৩৪ × ২ + ৫ = ৭০; ৭০ × ২ + ৬ = ১৫২

১৬. **Complete the following series: –, –, 6, 10, 9, 15, 12, 20, 15**

ক. 3, 5 খ. 2, 3 গ. 2, 5 ঘ. 3, 6

**Ans- ক** **ব্যাখ্যা** প্রশ্নে ২ টি সিরিজ রয়েছে। প্রথম সিরিজের প্রত্যেকটির সাথে ৩ যোগ করতে হবে এবং ২য় সিরিজের প্রত্যেকটির সাথে ৫ যোগ করতে হবে।

১৭. ২, ৪, ৮, ১৬, ৩২, ৬৪, ?

ক. ১২৮ খ. ৮৪ গ. ১০৮ ঘ. ১৩২

**Ans- ক** **ব্যাখ্যা** ওপরের সিরিজটি লক্ষ্য করলে আমরা দেখতে পাই, সিরিজ বা ক্রমধারার প্রথম অঙ্ক থেকে ২য় টি দ্বিগুণ, আবার ২য় টি থেকে ৩য় টি, এভাবে ক্রমশ বাড়ছে। সে হিসেবে ৬৪ এর দ্বিগুণ সংখ্যা ১২৮ হবে।

১৮. ৩, ৭, ৪, ১৪, ৫, ২১, ৬ ধারার অষ্টম সংখ্যাটি কত হবে?

ক. ৬ খ. ৭ গ. ২৮ ঘ. ২৯

**Ans- গ** **ব্যাখ্যা** ধারার প্রথমটি ৩ ৪ ৫ ৬; ২য় টি ৭ ১৪ ২১ ২৮ হবে। এখানে ক্রমধারায় প্রথম সংখ্যার ক্রম ধারা রেখে ২য় টিতে ৭ ও এর পরেরটিতে এর গুনিতক লিখা হয়েছে। যেমন ৭, ১৪, ২১ তাই পরবর্তী সংখ্যা হবে ২৮।

১৯. প্রশ্নবোধক স্থানের সংখ্যাটি কত হবে?

২, $\sqrt{৯}$, ৪, $\sqrt{২৫}$ ?

ক. ৬ খ. ৮ গ. ৩ ঘ. ৫

Ans. ক ব্যাখ্যা ২ → ২৪ → ৪ $\sqrt{৯}$ → ৩ $\sqrt{২৫}$ → ৫
অর্থাৎ এখানে ক্রমিক হওয়ায় সংখ্যাটি হবে ৬।
আমরা জানি, ($\sqrt{\ }$ ) রুটওভার আর ($^2$) স্কয়ার দিয়ে কাটাকাটি করা যায়।

২০. ধারার পরবর্তী অক্ষর কি হবে ?

অ, ই, উ, ঋ

ক. এ খ. ঐ গ. ও ঘ. ঔ

Ans. খ ব্যাখ্যা ওপরের প্রশ্নটিতে বাংলা স্বরবর্ণ থেকে কয়েকটি বর্ণ দেয়া আছে। বর্ণগুলো নির্দিষ্ট একটি ধারা বা ক্রম অনুসারে দেয়া হয়েছে। ধারা অনুসারে 'অ' এর পরের বর্ণ 'আ' বাদ দিয়ে 'ই' লেখা হয়েছে। আবার 'ঈ' বাদ দিয়ে 'উ' লেখা হয়েছে। এভাবে 'ঋ'- এর পরের বর্ণ 'এ' বাদ দিয়ে পরের বর্ণ হবে 'ঐ'।

২১. শূন্যস্থানের শব্দজোড় কি হবে?

$\frac{\text{ক}}{\text{অ}}, \frac{\text{খ}}{\text{আ}}, \frac{\text{গ}}{\text{ই}}$, —

ক. $\frac{\text{খ}}{\text{ই}}$ খ. $\frac{\text{গ}}{\text{অ}}$ গ. $\frac{\text{ঘ}}{\text{ঈ}}$ ঘ. $\frac{\text{ঙ}}{\text{চ}}$

Ans. গ ব্যাখ্যা প্রশ্নে লব ও হর আকারে উপরে নিচে যথাক্রমে ব্যঞ্জনবর্ণ ও স্বরবর্ণের ক্রমধারা অনুযায়ী লিখা হয়েছে।

২২. একটি পাহাড়ের প্রতিটি চূড়ায় একটি করে সংখ্যা আছে। কিন্তু তার মধ্যে একটি চূড়ায় কোন সংখ্যা নেই। সেখানকার সংখ্যাটি কত হবে?




ক. ২৪ খ. ২২ গ. ১৮ ঘ. কোনটিই নয়

Ans. ক ব্যাখ্যা লক্ষ্য করলে দেখব যে, প্রতিটি সংখ্যাই তার পূর্ববর্তী সংখ্যার দ্বিগুণ। প্রথম সংখ্যাটি ৬, ২য় সংখ্যাটি এর দ্বিগুণ ১২ এবং ১২ এর দ্বিগুণ ২৪।

২৩. তিনটি অদ্ভুত ধরনের অঙ্ক এখানে একই নিয়মে করা আছে। দুটি অঙ্কের ফল দেওয়া আছে। তৃতীয়টির উত্তর কত হবে?




ক. ১২ খ. ১৬ গ. ১৮ ঘ. ১৯

Ans. গ ব্যাখ্যা [কারণ ৮ × ২ + ৪ = ২০, ৩ × ২ + ৯ = ১৫, ৬ × ২ + ৬ = ১৮ অর্থাৎ উপরের সংখ্যাকে দ্বিগুণ করা হয়েছে মানে ২ দিয়ে গুণ করা হয়েছে এবং তার সাথে নিচের সংখ্যাটি যোগ করা হয়েছে।

২৪. প্রত্যেকটি বর্গক্ষেত্রের চারকোণে চারটি সংখ্যা থাকার কথা। শূন্যস্থানে সংখ্যাটি কত হবে?




ক. ২৩ খ. ২৪ গ. ৩০ ঘ. ৬

Ans. ঘ ব্যাখ্যা কোণাকোনি সংখ্যা গুলোকে গুণ করলে দেখা যাবে যে গুণফলগুলো সমান। অতএব, $\frac{21\times 2}{7}$ = ৬।

২৫. তৃতীয় চিত্রে শীর্ষবিন্দুতে সংখ্যাটি লেখ।




ক. ১৪ খ. ১৯ গ. ১৩ ঘ. কোনটিই নয়

Ans. খ ব্যাখ্যা উপরোক্ত ত্রিভূজের নিচের সংখ্যাদুটির গুণফল থেকে যোগফল বিয়োগ দিলে উপরের সংখ্যাটি পাওয়া যাবে।

∴ ১মটার, ৮×৪ = ৩২, এবং ৮+৪ = ১২, এখন, ৩২-১২ = ২০

∴ ২য়টার ৯×৫ = ৪৫, ৯+৫ = ১৪ ∴ ৪৫-১৪ = ৩১

যেমন- ৩ × ১১ = ৩৩ এবং ৩ + ১১ = ১৪। এখন, ৩৩ থেকে ১৪ বাদ দিব, আর যা আসবে তাই হবে উত্তর। ৩৩ – ১৪ = ১৯। সুতরাং সঠিক উত্তর ১৯।

২৬. পঞ্চভুজের চারটি শীর্ষবিন্দুতে সংখ্যাগুলো বাড়ছে একটি বিশেষ নিয়মে। ঐ নিয়মেই কী সংখ্যা বসবে পঞ্চম বিন্দুতে?




ক. ১৬ খ. ৮২ গ. ১২২ ঘ. ৯৮

Ans. ঘ ব্যাখ্যা যেহেতু উপরের ১৮ কে ৩ দিয়ে স্কয়ার করলে এবং ২ দিয়ে গুণ করলে ১৮ পায়। ৩² × ২ = ১৮ তদ্রুপ; ৪² × ২ = ৩২; ৫² × ২ = ৫০; ৬² × ২ = ৭২ এবং নিঃসন্দেহে পরেরটা হবে ৭² × ২ = ৯৮।

২৭. শূন্যস্থানে যথোপযুক্ত সংখ্যা বসাও।




ক. ৬৩ খ. ৬২ গ. ৬০ ঘ. ৪৬

Ans. ক ব্যাখ্যা লক্ষ্য করলে দেখব প্রথম সংখ্যাটিকে ২ দ্বারা গুণ করে এর সাথে ১ যোগ করলেই পরের সংখ্যাটি আসছে।

যেমনঃ- ৩ × ২ = ৬ এর সাথে ১ যোগ করলে হয় ৭; ৭ × ২ = ১৪ + ১ = ১৫।
আর ৩১ কে ঠিক এভাবে করলে হয় ৩১ × ২ = ৬২ + ১ = ৬৩।

২৮. ০.০৩, ০.১২, ০.৪৮, ----- শূন্যস্থানে সংখ্যাটি কত হবে?

ক. ০.৯৬ খ. ১.৪৮ গ. ১.৯২ ঘ. ১.৫০

Ans. গ ব্যাখ্যা ১ম পদ = ০.০৩; ২য় পদ = ০.০৩ × ৪ = ০.১২
৩য় পদ = ০.১২ × ৪ = ০.৪৮; এবং ৪র্থ পদ = ০.৪৮ × ৪ = ১.৯২
∴ ধারাটি হবে, ০.০৩, ০.১২, ০.৪৮, ১.৯২

২৯. ১, ২৭, ১২৫, ....... শূন্যস্থানে কোন সংখ্যা বসবে?

ক. ১৬৯ খ. ৩৪৩ গ. ২১৬ ঘ. ২৮৯

Ans. খ ব্যাখ্যা ১, ২৭, ১২৫, বা, ১৩, ৩৩, ৫৩, <u>৭৩</u> অর্থাৎ কিউব বা ঘন করা হয়েছে।
তাহলে ৭৩ মানে = ৭ × ৭ × ৭ = ৩৪৩

৩০. নিচের সংখ্যা সারিতে একটি ভুল সংখ্যা রয়েছে সে সংখ্যাটির জায়গায় বসবে -----
১, ৩, ৯, ২৭, ৮১, ৭২৯

ক. ১৮ খ. ২৭ গ. ১৪৪ ঘ. ২৪৩

Ans. ঘ ব্যাখ্যা এখানে, ৩ × ৩ = ৯, ৯ × ৩ = ২৭, ২৭ × ৩ = ৮১, ৮১ × ৩ = ২৪৩, অতএব, ৭২৯ এর পরিবর্তে ২৪৩ বসবে তবেই ক্রমধারা ঠিক থাকবে।

৩১. **What is the ninth term of the sequence : 0, 3, 8, 15, 24, 35, ........ ?**

ক. 80 খ. 63 গ. 84 ঘ. 52

Ans. ক ব্যাখ্যা $1^2 - 1 = 0; 2^2 - 1 = 3; 3^2 - 1 = 8; 4^2 - 1 = 15; 5^2 - 1 = 24; 6^2 - 1 = 35; 7^2 - 1 = 48; 8^2 - 1 = 63; 9^2 - 1 = 80$.অর্থাৎ এখানে প্রতিটা সংখ্যাকে বর্গ করে এক বিয়োগ করা হয়েছে। অতএব, ৯ম পদ হবে 80।

৩২. **If 15 is the fifth number in a series of 5 consecutive odd numbers. what is the third number in the series?**

ক. 7 খ. 11 গ. 12 ঘ. none of them

Ans. খ ব্যাখ্যা এখানে সিরিজের ৫ তম সংখ্যা হচ্ছে ১৫। যেহেতু **odd number** মানে বিজোড় সংখ্যা তাই ৩য় বিজোড় সংখ্যা হবে **11, 15, 13, <u>11</u>, 9, 7** এটা হচ্ছে **sequence.**

৩৩. ইংরেজি বর্ণমালার ধারাবাহিকভাবে ১৮ তম অক্ষরের বামদিকে ১০ অক্ষর কোনটি?

ক. H খ. F গ. S ঘ. J

Ans. ক ব্যাখ্যা **A B C D E F G (H) - $10^{th}$** [১৮ তম অক্ষরটি হলো **R**। **R** এর বাম দিকে ১০ অক্ষরটি হলো **H**।] **I J K L; M N O P; Q R S T** ∴ অক্ষরটি **H**

৩৪. শূন্যস্থানে কোন সংখ্যাটি হবে?




ক. ৫ খ. ৬ গ. ৭ ঘ. ৪

| | |
|---|---|
| Ans. ক ব্যাখ্যা ৯ × ৮ = ৭২<br>৭ × ৬ = ৪২ | বিকল্প নিয়মঃ ৭২<br>৭২ ÷ ৮ = ৯ |

| | |
|---|---|
| ∴ সংখ্যাটি ক হলে ক × ৪ = ২০<br>বা, ৪ক = ২০ বা, ক = $\frac{20}{4}$ ∴ ক = ৫ | ৪২÷৬ = ৭<br>২০÷৪ = ৫ |

৩৫.




ক. ন খ. ণ গ. শ ঘ. এঃ

**Ans.** খ **ব্যাখ্যা** কখগঘঙ টঠডঢ<u>ণ</u>

৩৬. ৮৪, ৪০, ১৮- এর পরবর্তী সংখ্যাটি কত?

ক. ১৬ খ. ১২ গ. ৯ ঘ. ৭

**Ans.** ঘ **ব্যাখ্যা** যখন একটি ধারা ক্রমান্বয়ে কমতে থাকে তখন বুঝতে হবে তা বিয়োগের ধারা। অর্থাৎ বিয়োগ করে করে পরবর্তী ধারা আনতে হবে। প্রশ্নে প্রথমে ৪৪, তারপরে ২২ বিয়োগ করা হয়েছে। তাহলে শেষে বিয়োগ হবে ১১ বা প্রতিটি সংখ্যার অর্ধেক করে ২ বিয়োগ। আর ১৮ থেকে ১১ বিয়োগ করলে উত্তর হবে ৭।

৩৭. ৩, ১, ৯, ৭, ২৭, ১৩, .......... শূন্যস্থানের সংখ্যাটি কত?

ক. ১৬ খ. ১২ গ. ৮১ ঘ. ৭

**Ans.** গ **ব্যাখ্যা** এখানে দুটি ধারা আছে, প্রথম ধারায় ৩, ৯, ২৭ অর্থাৎ ৩ গুণ করে বাড়ছে এবং শূন্যস্থানের প্রথম সংখ্যাটি এই ধারারই হবে। উত্তর হবে ২৭ × ৩ = ৮১ এর পরের রাশিটা হবে দ্বিতীয় ধারার অংশ ১, ৭, ১৩ এরপর ১৩ + ৬ = ১৯।

৩৮. ১, ৯, ২৫, ৪৯, ৮১, ... ধারাটির পরবর্তী সংখ্যাটি কত?

ক. ১৬১ খ. ১২১ গ. ১৯১ ঘ. ১১৭

**Ans.** খ **ব্যাখ্যা** ধারার সংখ্যাটিকে ঐ একই সংখ্যা দ্বারা গুণ করে ধারাটি তৈরি করা হয়। এখানে প্রথম রাশি ১² = ২, ২য় রাশি ৩³ = ৯, ৩য় রাশি ৫² = ২৫, ৪র্থ রাশি ৭² = ৪৯, ৫ম রাশি ৯² = ৮১, অর্থাৎ বিজোড় সংখ্যার বর্গ বের করতে হবে। তাই শূন্যস্থানের রাশিটি হবে ১১² = ১২১।

৩৯. $\frac{20}{59}\frac{20}{59}, \frac{21}{58}, \frac{19}{60}, \frac{22}{57}, \frac{?}{?}$

ক. ১৭, ৬০ খ. ১৯, ৬৩ গ. ১৭, ৬২ ঘ. ২১, ৬৫

**Ans.** গ **ব্যাখ্যা** লক্ষ্য করলে দেখা যাবে উপরে নিচে প্রতিটির যোগফল ৭৯। তার মানে অপশনে দেখতে হবে যোগফল কোনটির ৭৯ হয়।

৪০. প্রশ্ন চিহ্নিত স্থানে কোন সংখ্যাটি বসবে?

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | ৯ | ১৭ | ২৭ | ? |

ক. ১৭ খ. ২৭ গ. ৩৯ ঘ. ৪৫

**Ans.** গ **ব্যাখ্যা** এই সিরিজে যথাক্রমে ৬, ৮, ১০ ও ১২ যোগ করতে থাকলে উত্তর পাওয়া যাবে। অর্থাৎ প্রশ্নচিহ্নিত স্থানে ২৭ + ১২ = ৩৯ হবে।

৪১. যদি, ৫+৩=২৮; ৯+১=৮১০; ২+১=১৩ হয় তবে, ৫+৪= ?

ক. ১৮ খ. ১৯ গ. ২০ ঘ. ২১

**Ans.** খ **ব্যাখ্যা** অঙ্কদ্বয়ের যোগফলের ১ম অঙ্কটি হবে অঙ্কদ্বয়ের বিয়োগফল এবং ২য় অঙ্কটি হবে অঙ্কদ্বয়ের যোগফল। ৫-৩=২ এবং ৫+৩=৮. অতএব, ৫-৪=১ এবং ৫+৪=৯. সংখ্যাটি ১৯

## বিগত বছরের প্রশ্নাবলি

01. (?) চিহ্নিত স্থানে কোনসংখ্যা বসবে? [JU: B-Unit: 22-23: Set-F]




A. 6 B. 4 C. 8 D. 0

Ans. B ব্যাখ্যা চিত্রে, উপর নিচ ও ডান বামের সংখ্যাকে পাশাপাশি গুণ করে; তাদের ভাগফল হল গোলকের ভিতরের উত্তর।

$\therefore$ ১ম চিত্র $= \frac{3\times8}{2\times6} = \frac{24}{12} = 2$ $\therefore$ ২য় চিত্র $= \frac{4\times6}{3\times8} = \frac{24}{24} = 2$

$\therefore$ ৩য় চিত্র $= \frac{12\times8}{6\times4} = \frac{96}{24} = 4$ $\therefore$ সঠিক উত্তর : 4

02. [?] চিহ্নিত স্থানে কোন সংখ্যা বসবে? [JU: B-Unit: 22-23: Set-D]




A. 23 B. 19 C. 17 D. 25

Ans. B ব্যাখ্যা ত্রিভুজের বাইরের ৩টি সংখ্যার যোগফলকে ২ দিয়ে ভাগ করলে, যে উত্তর পাওয়া যায় সেটাই হলো ত্রিভুজের ভিতরের সংখ্যা। যেমন, 4+3+9=16 ÷ 2 = 8, 7 + 9 + 14 = 30 ÷ 2 = 15। তাহলে 18+8+12=38÷2=19। সুতরাং সঠিক উত্তর 19।

03. [?] চিহ্নিত স্থানে কোন সংখ্যা বসবে? [JU: B-Unit: 22-23: Set-G]




A. 10 B. 25 C. 50 D. 100

Ans. D ব্যাখ্যা এখানে চিত্রটির নিচের ধারা, ডানের ধারা ও বামের ধারা লক্ষ্য করো। দেখবে, প্রত্যেকটি হলো ঐ সংখ্যার সাথে 2 এর গুণফল। যেমন– চিত্রের নিচের ধারা - 13, 26, 52; প্রত্যেকটিই 2 এর গুণফল। বামের ধারা- 8, 16, 32। তাহলে, ডানের ধারা হবে 25, 50, 100।

04. নিচের ক্রমে কোন সংখ্যাটি যৌক্তিকভাবে শূন্যস্থানে বসবে? ৪০, ৩০, ২২, ১৬,? [JU: C-Unit: 22-23: Set-J]

A. ৭ B. ১৪ C. ৮ D. ১২

Ans. D ব্যাখ্যা এখানে পাশাপাশি দুটি সংখ্যার ধারা ক্রমান্বয়ে কমে এসেছে। যেমন ৪০ থেকে ৩০ এ কমেছে ১০, ৩০ থেকে ২২ এ কমেছে ৮, ২২ থেকে ১৬ তে কমেছে ৬, তাহলে ১৬ থেকে ৪ কমবে এবং উত্তর হবে ১২।

**05.** নিচের ক্রমে কোন সংখ্যাটি যৌক্তিকভাবে শূন্যস্থানে বসবে?

৫, ৬, ৯, ১৪, ২১, ? [JU: C-Unit: 22-23: Set-L]

A. ২৮ B. ৩০ C. ৩২ D. ৩৩

Ans. **B** ব্যাখ্যা এখানে যথাক্রমে ১, ৩, ৫, ৭, ৯, ১১ এমন করে বেড়েছে। যেমন ৫+১= ৬, ৬ + ৩ = ৯, ৯ + ৫ = ১৫, ১৪ + ৭ = ২১, ২১ + ৯ = ৩০, ৩০ + ১১= ৪১। সুতরাং সঠিক উত্তর– ৩০।

**06.** নিচের ক্রমে কোন সংখ্যাটি যৌক্তিকভাবে শূন্যস্থানে বসবে?

১৩,১৭,১৯,২৩,২৫? [JU: C-Unit: 22-23: Set-I]

A. ২৭ B. ২৯ C. ৩০ D. ৩৩

Ans. **B** ব্যাখ্যা এখানে ধারাটির ১ম সংখ্যার সাথে ৪ যোগ করা হয়েছে এবং ২টির সাথে ২ যোগ করা হয়েছে। এভাবে সিরিজটি এগিয়েছে। যেমন: ১৩+৪=১৭, ১৭+২= ১৯, ১৯+৪= ২৩, ২৩+২= ১৫, ২৫+৪= ২৯, ২৯+২ = ৩১, ৩১+৪ = ৩৫ । সুতরাং সঠিক উত্তর ২৯।

**07.** প্রশ্নবোধক স্থানে কোন সংখ্যাটি বসবে? [JU: D-Unit: 22-23: Set-T]




A. 67 B. 99 C. 87 D. 74

Ans. **A** ব্যাখ্যা এই সিরিজটিতে ২টি কাজ পারস্পরিক ভাবে সম্পন্ন হয়েছে। যথা: i. পূর্বের সংখ্যা; ii. পূর্ব সংখ্যার অংকদ্বয়ের যোগফল = পরবর্তী সংখ্যা। যেমন: 26+(2+6) = 34; 34+(3+4) = 41, 41 + (4+1)=46; 46+(4+6) = 56; 56 +(5+6) 67; এভাবে চলতেই থাকবে। সুতরাং সঠিক উত্তর 67।

**08:** ACEGI এই সিরিজের পরবর্তী বর্ণ কোনটি? [JU: D-Unit: 22-23: Set-M]

A. L B. J C. K D. M

Ans. **C** ব্যাখ্যা এই সিরিজটিতে মাঝখানের Letter বাদ দিয়ে পরবর্তী Letter বসেছে। যেমন– A, B C D E F G H I J K. সুতরাং সঠিক উত্তর K।

**09.** প্রদত্ত সিরিজের অনুপস্থিত সংখ্যাটি বের কর: ১৩, ২১, ৩১, ৪৩.....[CU: D-Unit: 22-23: Set-1]

A. ৪৭ B. ৫৭ C. ৬৭ D. ৭৭

Ans. **B** ব্যাখ্যা ১৩, ২১, ৩১, ৪৩, ......... এই সিরিজে প্রথমে ৮ যোগ হয়েছে তারপর ১০, ১২, ১৪ এই ভাবে অর্থাৎ প্রতিবার ২ করে বৃদ্ধি পেয়েছে। যেমন ১৩+৮= ২১, ২১ +১০=৩১, ৩১+১২= ৪৩। এইভাবে ৪৩+১৪=৫৭। সুতরাং অনুপস্থিত সংখ্যাটি হবে ৫৭.

**10.** AOP, CQR, EST, GUV সিরিজের পরবর্তী বর্ণত্রয় কোনটি? [RU: A-Unit: 22-23: Set-1]

A. IYZ B. YIU C. HWX D. IWX

Ans. **D** ব্যাখ্যা

$$A \xrightarrow{+1} C \xrightarrow{+1} E \xrightarrow{+1} G \xrightarrow{+1} I$$

$$O \xrightarrow{+1} Q \xrightarrow{+1} S \xrightarrow{+1} U \xrightarrow{+1} W$$

$$P \xrightarrow{+1} R \xrightarrow{+1} T \xrightarrow{+1} V \xrightarrow{+1} X$$

তাহলে, AOP, CQR, EST, GUV এর পরের বর্ণদ্বয় হবে IWX।

11. ৫ + ৮ + ১১ + ...... + ১৫২ = ? [RU: A-Unit: 22-23: Set-1]

A. ৩৯৫২ B. ৩১৫২ C. ৩৯২৫ D. ৩২৯৫

Ans. C ব্যাখ্যা ৫+৮+১১+.....+১৫২=?

প্রথম পদ a=৫; সাধারণত অন্তর d= ৮−৫ = ৩; শেষ পদ = ১৫২

সুতরাং a+(n -1) d = ১৫২

$\Rightarrow$ ৫ + (n-১)×৩ = ১৫২ $\Rightarrow$ (n-১)×৩=১৪৭ $\Rightarrow$ n = $\frac{147}{3}+1$ $\therefore$ n = ৫০

সমষ্টি, $\frac{n}{2}$ {২a+(n-১)d} = $\frac{50}{2}$ {২.৫+(n-১)×৩} = 25 {১০+(৫০-১)×৩}

= 25 {১০+১৪৭} = 25×157 = 3925.

12. ৩, ৬, ১১, ১৮ এই ধারার ১০তম পদ− [RU: A-Unit: 22-23: Set-1]

A. ১২১ B. ১০২ C. ১৭২ D. ১২৩

Ans. B ব্যাখ্যা ৩, ৬, ১১, ১৮ এই ধারার ১০তম পদ− ১ম পদ = ১²+২=৩; ২য় পদ = ২²+২=৬; ৩য় পদ = ৩²+২=১১; ৪র্থ পদ = ৪²+২=১৮; ∴ ১০ম পদ = ১০²+২=১০২; ধারাটির ১০ম পদ ১০২।

13. ৩ + ৫ + ৭ + ৯ + ............+২০১=? [RU: A-Unit: 22-23: Set-3]

A. ২০২০১ B. ১০০২০ C. ১০১০০ D. ১০২০০

Ans. D ব্যাখ্যা ৩ + ৫ +৭ + ৯ + ............+২০১=?

১ম পদ, a =৩ ; সাধারণত অন্তর, d = ৫ − ৩ = ২; শেষ পদ = ২০১

সুতরাং a+(n -১) d = ২০১

$\Rightarrow$ ৩+ (n -১) ২ = ২০১ $\Rightarrow$ (n -১) ২ = ১৯৮

$\Rightarrow$ n -১= ১৯৮/২ $\Rightarrow$ n = ৯৯+১ $\Rightarrow$ n = ১০০

সুতরাং, সমষ্টি S = $\frac{n}{2}$ {২a+(n—১) d} $\Rightarrow$ S = ৫০(৬+৯৯×২)

$\Rightarrow$ S = ৫০(৬+১৯৮) $\Rightarrow$ S = ৫০ × ২০৪ $\therefore$ S = ১০, ২০০

14. ২, ৫, ১০, ১৮, ২৬, ৩৭, ৫০ সংখ্যা সারিতে ভুলভাবে প্রদত্ত সংখ্যাটি হলো−[RU: A-Unit: 22-23: Set-3]

A. ১৮ B. ৩৭ C. ২৬ D. ৫০

Ans. A ব্যাখ্যা ২+৫+১০+১৮+২৬+৩৭+৫০..... এই সারিতে ভুল সংখ্যাটি হল ১৮। আমরা লক্ষ্য করি, ৫−২=৩; ১০−৫=৫; ১৭−১০=৭; ২৬−১৭=৯; ৩৭−২৬=১১; ৫০−৩৭=১৩ আমরা যদি পরস্পর দুটি পদের মধ্যে পার্থক্যের পার্থক্য দেখি তাহলে সবগুলো ২ এর সমান। তাহলে প্রদত্ত সারিতে ১৮ এর পরিবর্তে ১৭ বসলে সারিটি সঠিক হতো। তাই প্রদত্ত সারিতে ১৮ একটি ভুল সংখ্যা।

15. ১৫, ২০, ২৭, ৩৬ এর ধারার ১০তম পদটি কত? [RU: A-Unit: 22-23: Set-3]

A. ৯২ B. ১১১ C. ১৩২ D. ১৫৫

Ans. C ব্যাখ্যা এখানে, প্রথম পদ = ১৫; দ্বিতীয় পদ = ২০; তৃতীয় পদ = ২৭; ৪র্থ পদ = ৩৬। এখানে, ২০−১৫ = ৫; ২৭ − ২০ = ৭; ৩৬ − ১৭ = ৯ । প্রত্যেকটি পদের ব্যবধান ২ করে বৃদ্ধি পাচ্ছে।∴ ১০তম পদ হবে = ১৩২।

16. প্রশ্নবোধক চিহ্নের স্থানে নিম্নের কোনটি হবে?

2, 6, 12, 20, 30? [JU: B-Unit: 21-22]

A. 40 B. 42 C. 44 D. 45

**Ans. B** ব্যাখ্যা এখানে, ধারাবাহিকভাবে 4, 6, 8, 10, 12 এভাবে বেড়ে যাচ্ছে। অর্থাৎ সর্বশেষ (?) চিহ্নিত স্থানে বসবে, 30+12 = 42.

17. প্রশ্নবোধক চিহ্নের স্থানে নিম্নের কোনটি হবে?
6, 13, 25, 51, 101? [JU: B-Unit: 21-22]
A. 201 B. 203 C. 202 D. 204

**Ans. D** ব্যাখ্যা এখানে ধারার নিয়মে অঙ্কটি করতে হবে। প্রথমটিকে 2 দ্বারা গুণ করে 1 যোগ করলেই পরের সংখ্যাটি পাওয়া যাবে। আবার, পরবর্তী সংখ্যাটিকে 2 দ্বারা গুণ করে 1 বিয়োগ করলেই পরের সংখ্যাটি যাওয়া যাবে। এভাবেই ক্রমভাবে চলবে। যেমন–
$6\times2+1=13$
$13\times2-1=25$
$25\times2+1=51$
$51\times2-1=101$
$101\times2+1=203$
সুতরাং সঠিক উত্তর হবে 203.

18. প্রশ্নবোধক চিহ্নের স্থানে নিম্নের কোনটি হবে?
125, 80, 45, 20? [JU: B-Unit: 21-22]
A. 5 B. 8 C. 10 D. 12

**Ans. A** ব্যাখ্যা এই সিরিজের সংখ্যাগুলোকে ৫ দিয়ে ভাগ করলে যথাক্রমে ২৫, ১৬, ৯, ৪ আসবে যা ৫, ৪, ৩, ২ এর square বা বর্গ। ধারা অনুযায়ী এর পর ১ হবে। আর ১ এর বর্গ ১ তখনই হবে যদি পরের অঙ্কে ৫ বসানো হয়। কারণ ৫ কে ৫ দ্বারা ভাগ করলে উত্তর হয় ১।

19. ৩৭ ৩৪ ৩১ ২৮........... শূণ্যস্থানে কোন সংখ্যাটি বসবে? [JU: C-Unit: 21-22]
A. ১৪ B. ২৫ C. ১৫ D. ৫

**Ans. B** ব্যাখ্যা এটি একটি ধারার প্রশ্ন। এখানে প্রতিটি সংখ্যা থেকে অন্য সংখ্যার অন্তর ৩। যেমন– ৩৭-৩৪=৩; ৩৪-৩১=৩; ৩১-২৮=৩; ২৮-২৫=৩। সুতরাং সঠিক উত্তর ২৫।

20. প্রশ্নবোধক স্থানে কোন সংখ্যাটি বসবে? [JU: D-Unit: 21-22]

| | | |
|---|---|---|
| ৪ | ৮ | ১২ |
| ১৯ | ৩১ | ? |
| ১১ | ১৫ | ১৯ |

A. ৩১ B. ৪৩ C. ৫৩ D. ৬৩

**Ans. B** ব্যাখ্যা প্রশ্নে ১ম সারিতে প্রতিটিতে ৪ যোগ করা হয়েছে। যেমন- ৪ এর সাথে ৪ যোগ করলে হয় ৮। আবার, ৮ এর সাথে ৪ যোগ করলে হয় ১২। তেমনিভাবে, ২য় সারিতে ১৯ এর সাথে ১২ যোগ করে হয়েছে ৩১ এবং ৩১ এর সাথে আবার ১২ যোগ করলে হয় ৪৩। সুতরাং সঠিক উত্তর B.

21. নিচের প্রশ্নবোধক স্থানের সংখ্যাটি কত? [JU: D-Unit: 21-22]

| | | |
|---|---|---|
| ১২ | ২৮ | ১৬ |
| ২২ | ৪৬ | ২৪ |
| ১০ | ? | ৮ |

A. ১৮ B. ১১ C. ১২ D. ৬

Ans. A ব্যাখ্যা প্রশ্নের টেবিলের ভেতরের ১ম ও ৩য় টির যোগফলই হলো মাঝখানের ফলাফল। যেমন: ১ম সারিতে, ১২+১৬=২৮। আবার, ২য় সারিতে, ২২+২৪=৪৬। তাহলে, সর্বশেষ ঘরের প্রশ্নবোধক চিহ্নিত স্থানে সঠিক উত্তর হিসেবে বসবে, ১০+৮= ১৮। সুতরাং সঠিক উত্তর A.

. ১, ৩, ৬, ১০, ১৫, ২১ ধারাটির দশম পদ কত? [CU: D-Unit: 21-22: Set-1]

A. ৪৫ B. ৫৫ C. ৬২ D. ৬৫

Ans. B ব্যাখ্যা এই ধারাটিতে পর্য্যায়ক্রমে ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০ এমন করে বেড়ে গিয়েছে। তাহলে, ১০ম পদটি হবে ৪৫ + ১০ = ৫৫।

3. ১, ২, ৫, ১৪, ৪১, ......... এই সিরিজের পরবর্তী সংখ্যাটি কত? [CU: D-Unit: 21-22: Set-1]

A. ১২২ B. ৫৪ C. ৬১ D. ৭৫

Ans. A ব্যাখ্যা এখানে, একটি সংখ্যা থেকে অন্য সংখ্যার পার্থক্য যথাক্রমে ১, ৩, ৯, ২৭.... যা পাশাপাশি দুটি সংখ্যার বিয়োগফলকে প্রতিক্ষেত্রে ৩ দ্বারা গুণ করলে পাওয়া যায়। যেমন- ১ থেকে ২ এর পার্থক্য হলো ১; আর ১×৩ = ৩; যা পরবর্তী সংখ্যা হিসেবে প্রশ্নোক্ত ধারাতে বসেছে অর্থাৎ ৫। তাহলে ৪১ এর পরবর্তী পার্থক্যকারী সংখ্যা হবে = ২৭×৩= ৮১ অর্থাৎ ৪১+৮১= ১২২।

24. ১, ৩, ৭, ---- ২১, ৩১, ৪৩ ধারাটির মধ্যবর্তী সংখ্যাটি কত? [JU: D Unit: Set-M; 20-21]

A. ১৩ B. ১৪ C. ১২ D. ১৫

Ans. A ব্যাখ্যা ধারাটি ২ করে বেড়েছে। ১ম অংক থেকে ২য় অংক এর ব্যবধান ২।
এরপরের সংখ্যার ব্যবধান ২ +২ = ৪; এরপরের সংখ্যার ব্যবধান ৪ + ২ = ৬
এরপরের সংখ্যার ব্যবধান ৬ + ২ = ৮; এরপর ৮ + ২ = ১০, ১০+২ = ১২।
ধারাটি ছিলো– ১, ৩, ৭, ............... ২১, ৩১, ৪৩ অর্থাৎ ১ + ২ = ৩, ৩ + ৪ = ৭, ৭ + ৬ = ১৩, ১৩ + ৮ = ২১, ২১ + ১০ = ৩১, ৩১ + ১২ = ৪৩।

25. যদি ১৯*১১ = ৮, ২৯*১৯ = ১০ এবং ৪৮*১২ = ৩৬ হয়, তবে ৬৩*২৫ = কত? [JU: D Unit: Set-C; 20-21]

A. ৪৩ B. ৩৮ C. ৫১ D. ২৭

Ans. B ব্যাখ্যা এখানে মূলত বিয়োগ করা হয়েছে। ১৯-১১=৮, ২৯-১৯ = ১০, ৪৮-১২= ৩৬, ৬৩-২৫= ৩৮। তাই উত্তর ৩৮।

26. যদি ৯ × ৭ = ৩৫৪৫, ৪ × ৩ = ১৫২০ হয়, তবে ৬ × ৮ =? [JU: C Unit: Set-C: 20-21]

A. ৩০৪০ B. ৫০৪০ C. ৪০৫০ D. ৪০৩০

Ans. D ব্যাখ্যা এখানে, প্রতিটি অংকের সাথে ৫ গুণ করা হয়েছে এবং ২য় সংখ্যাটির সাথে ৫ গুণ করে সেটা আগে লেখা হয়েছে, পরে লেখ্ হয়েছে ১ম সংখ্যার সাথে ৫ এর গুণফল।
যেমন: ৯ × ৭ = ৩৫৪৫ হয়েছে (৯×৫) = ৪৫, (৭×৫) = ৩৫
∴ ৯ এর মান ৪৫, ৭ এর মান ৩৫, যেহেতু পরেরটা আগে হবে সেহেতু ৩৫ আগে বসবে, পরে ৪৫ বসবে। ∴ ৯×৭= ৩৫৪৫। এরপর, ৪×৩ = ১৫২০ ও একইভাবে হয়েছে। (৪×৫) = ২০, (৩×৫) = ১৫ ∴ ৪×৩=১৫২০। তেমনিভাবে (৬×৫) = ৩০, (৮×৫) = ৪০ ∴ ৬×৮ = ৪০৩০।

27. যদি ৫ × ৭ = ২৫৩৫, ৮ × ৯ = ৪০৪৫ হয়, তবে ৫ × ২ =? [JU: C Unit: Set-E: 20-21]

A. ২৫১০ B. ১০৪০ C. ১০২৫ D. কোনটিই নয়

